



অভ্যন্তরীণ নিরীক্ষা সনদ  
এবং  
ঝুঁকিভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষা ম্যানুয়াল

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়



**INTERNAL  
AUDIT**

প্রতিষ্ঠানের সামগ্রিক দক্ষতা এবং কার্যকারিতা বাড়ানোর জন্য অভ্যন্তরীণ নিরীক্ষা একটি স্বতন্ত্র এবং নিরপেক্ষ কার্যক্রম। ঝুঁকি ব্যবস্থাপনা, কার্যকর নিয়ন্ত্রণ এবং গভর্নেন্স প্রতিষ্ঠার মাধ্যমে সংস্থার লক্ষ্য অর্জনে অভ্যন্তরীণ নিরীক্ষা সহায়তা করে। বিশ্বব্যাপী অভ্যন্তরীণ নিরীক্ষার বর্ধিত গুরুত্ব বিবেচনায় সকল সরকারি সংস্থার জন্য একটি অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিট প্রতিষ্ঠা করার এখনই উপযুক্ত সময়।

অর্থ বিভাগের উদ্যোগে বাংলাদেশের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ এবং সংস্থার (MDA) জন্য একটি পেশাদার অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিট প্রতিষ্ঠার সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং উক্ত ইউনিট পরিচালনার জন্য একটি মডেল অভ্যন্তরীণ নিরীক্ষা সনদ এবং ঝুঁকি-ভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষা ম্যানুয়াল প্রণয়ন করা হয়েছে। নিরীক্ষা সনদে অভ্যন্তরীণ নিরীক্ষার নিরপেক্ষতা, এক্সেস এবং ক্ষমতায়নের বিষয় উল্লেখ করা হয়েছে। MDA-এর কৌশলগত উদ্দেশ্য এবং কার্যক্রমের সাথে মিল রেখে এই ম্যানুয়ালটির নিয়ম এবং ধারণাগুলি অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিটসমূহ বাস্তবায়ন করবে।

এই ম্যানুয়ালটিতে MDA-এর জন্য অভ্যন্তরীণ নিরীক্ষার কৌশল, পদ্ধতি এবং কর্মপন্থা সম্বলিত একটি বিস্তৃত কাঠামো অন্তর্ভুক্ত রয়েছে। অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পর্কিত MDA ব্যবস্থাপনার ভূমিকা ও দায়িত্ব এই ম্যানুয়ালে বর্ণনা করা হয়েছে। ম্যানুয়ালটিতে বর্ণিত কাঠামো আন্তর্জাতিক মান এবং MDA-এর জন্য উপযুক্ত সর্বোত্তম অনুশীলনের উপর ভিত্তি করে প্রণীত। আশা করা যায় যে, বাস্তবায়নকারী এবং সংশ্লিষ্ট অংশীজনগণ এই ম্যানুয়ালটিকে দরকারি এবং ব্যবহারিক বলে বিবেচনা করবেন।

বাংলাদেশের আইনি কাঠামোও নিরীক্ষা পরিবেশ উভয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ পদ্ধতি প্রণয়নের জন্য নির্দেশনা ও পদ্ধতির বিষয়বস্তু সংশোধন করার প্রয়োজন হলে তা পর্যালোচনা করার দায়িত্ব অর্থ বিভাগের। এই অভ্যন্তরীণ নিরীক্ষা ম্যানুয়ালটি প্রতি তিন বছরে MDA এবং সংশ্লিষ্ট অংশীজনের নিকট হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে হালনাগাদ করা হবে।

ঢাকা, ফেব্রুয়ারি ২০২৩



আ হ ম মুস্তফা কামাল এফসিএ, এমপি  
মন্ত্রী

অর্থ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সরকারি প্রতিষ্ঠানের লক্ষ্যসমূহ অর্জন নিশ্চিতকরণে অভ্যন্তরীণ নিরীক্ষার ভূমিকা অপরিহার্য। অভ্যন্তরীণ নিরীক্ষার মাধ্যমে প্রতিষ্ঠানটির দৈনন্দিন কার্যক্রমের ঝুঁকিসমূহ (risks) চিহ্নিত করে সেগুলো সমাধানের সুপারিশ করা হয়। প্রচলিত আইন ও বিধিবিধানের আলোকে কার্যসমূহ পরিচালিত হচ্ছে কিনা তা যাচাইসহ নির্ভরযোগ্য আর্থিক প্রতিবেদন প্রণয়ন সহজ হয়। সর্বোপরি, সরকারি কাজে জবাবদিহিতা ও দক্ষতাবৃদ্ধির উদ্দেশ্যে মন্ত্রণালয়, বিভাগ ও এর আওতাধীন সংস্থাগুলোতে অভ্যন্তরীণ নিরীক্ষা চালুর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

বর্ণিত প্রেক্ষাপটে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ এবং সংস্থার অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিট পরিচালনার জন্য অভ্যন্তরীণ নিরীক্ষা সনদ (Internal Audit Charter) এবং ঝুঁকি-ভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষা ম্যানুয়াল (Risk-based Audit Manual) প্রণয়ন করা হয়েছে। ঝুঁকি-ভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষা ম্যানুয়ালটি তিনটি ভাগে বিভক্ত। পার্ট-১ এ অভ্যন্তরীণ নিরীক্ষার পটভূমি, আইনগত ভিত্তি, উদ্দেশ্য, নীতি এবং ধারণা বর্ণিত হয়েছে। পার্ট-২ এ ‘The Institute of Internal Auditors (IIA) Standard’ অনুসরণপূর্বক অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন, নিরীক্ষা কার্য সম্পাদন, নিরীক্ষা প্রতিবেদন, প্রতিবেদনের ফলো-আপ, ডকুমেন্টেশন এবং গুণগত মান নিশ্চিতকরণ প্রক্রিয়া বর্ণনা করা হয়েছে। ম্যানুয়ালের পার্ট-৩ এ বিভিন্ন ফর্ম এবং পরিশিষ্টসমূহে অভ্যন্তরীণ নিরীক্ষা প্রক্রিয়া, অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিটের দায়িত্ব ও কর্তব্য সন্নিবেশিত হয়েছে। এছাড়া এতে ‘মন্ত্রণালয়ের নিরীক্ষা কমিটি’ ও ‘অর্থ বিভাগের কেন্দ্রীয় নিরীক্ষা কমিটি’র কার্যপরিধি (ToR) এবং নৈতিকতার ধারণা অন্তর্ভুক্ত করা হয়েছে।

অভ্যন্তরীণ নিরীক্ষা সনদ একটি প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিরীক্ষার উদ্দেশ্য, কর্তৃত্ব, দায়িত্ব এবং অবস্থানের রূপরেখা প্রদান করে। সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহে ‘অভ্যন্তরীণ নিরীক্ষা সনদ’ এবং ‘ঝুঁকিভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষা ম্যানুয়াল’ সুষ্ঠুভাবে ব্যবহারে অর্থবিভাগ সকলের সহযোগিতা আশা করে।



(ফাতিমা ইয়াসমিন)

সিনিয়র সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## নির্বাহী সারসংক্ষেপ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আর্থিক ব্যবস্থাপনা কার্যকরভাবে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ (PMBM Act – 2009) প্রণয়ন করেছে। এই আইনের আলোকে মন্ত্রণালয়/ বিভাগ, অধিদপ্তর ও দপ্তর সমূহে আর্থিক প্রক্ষেপণ, বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন সুচারুভাবে পরিচালনা ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

উপযুক্ত আইন ও সাংবিধানিক বাধ্যবাধকতায় সরকারি অফিসগুলোকে পাবলিক অ্যাকাউন্টস এবং অডিট পরিচালনায় স্বচ্ছতা নিশ্চিত করতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। PMBM আইন-2009-এর ১৯ ধারায় অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং PAO-এর কর্ম ও দায়িত্ব সম্পর্কে উল্লেখ করা হয়েছে। 'অভ্যন্তরীণ নিরীক্ষা' হলো বিশ্বব্যাপী সরকারি ও বেসরকারি খাতে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ প্রক্রিয়ার একটি (Toolkit) ব্যবস্থা। অভ্যন্তরীণ নিরীক্ষা প্রাতিষ্ঠানিক মূল্যবোধ বৃদ্ধি করে এবং সংস্থার কার্যক্রম উন্নত করে, সম্পদের বৃদ্ধি ও নিরাপত্তা উন্নত করে, যোগ-অভিযোগের সাথে বিধি-প্রবিধির সামঞ্জস্য করে। এটি দপ্তর-সংস্থা ও এর কর্মীদের মধ্যে জবাবদিহিতা বাড়ায়। এ লক্ষ্যগুলি অর্জনের জন্য 'ঝুঁকি ভিত্তিক নিরীক্ষা (RBA) ম্যানুয়াল' মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর (MDA) কে কার্যকর অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম স্থাপনের জন্য একটি সুস্পষ্ট দর্শনকাঠামো প্রদান করবে। দক্ষ ও স্বচ্ছ আর্থিক ব্যবস্থাপনা এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য এটি অভ্যন্তরীণ নিরীক্ষায় নিয়োজিত নিরীক্ষকদের জন্য একটি নির্দেশক নীতি হিসাবেও কাজ করবে। উপরন্তু, এ কার্যক্রম মন্ত্রণালয়, বিভাগ এবং অধিদপ্তরসমূহে ঐক্য, অনুক্রম এবং সাদৃশ্য নিশ্চিত করবে। সরকারি প্রতিষ্ঠানগুলিতে অভ্যন্তরীণ নিরীক্ষা সনদ এবং ঝুঁকিভিত্তিক নিরীক্ষা নির্দেশিকা প্রয়োগ করার ফলে বেশ কিছু সুস্পষ্ট সুফল আসবে:

- I. **বহিঃ নিরীক্ষার ইস্যুসমূহ হ্রাস:** অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ প্রক্রিয়া হিসাবে 'ঝুঁকি ভিত্তিক নিরীক্ষা' ম্যানুয়ালটি কার্যকর করা হলে বহিঃ নিরীক্ষার ইস্যুগুলি হ্রাস পাবে। এ প্রক্রিয়ার মাধ্যমে প্রতিষ্ঠানের ত্রুটিগুলি চিহ্নিত করে সমাধান করা যাবে এবং বহিঃ নিরীক্ষার আপত্তির সংখ্যা কমে যাবে। কাজেই, সরকার ও জনগণের মধ্যে অনুবর্তী ও কার্যকর উন্নত সেবা প্রদানে এ সক্রিয় পন্থা সরকারী প্রতিষ্ঠান সমূহের গ্রহণ করতে হবে।
- II. **নির্ভরযোগ্য তথ্য অর্জন:** এ ম্যানুয়ালটি প্রাতিষ্ঠানিক ঝুঁকি সনাক্তকরণের মাধ্যমে নিরীক্ষা কার্যক্রম ও সুপারিশ প্রদানে গুরুত্ব দিয়ে প্রণীত, যার দ্বারা আর্থিক প্রতিবেদন প্রস্তুত ও তথ্যের নির্ভরযোগ্যতা এবং নির্ভুলতায় সহায়ক হবে। নির্ভরযোগ্য তথ্যের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ হয়েছে কিনা এটি তা নিশ্চিত করবে।
- III. **সম্পদ ও কর্মক্ষমতার কার্যকর ব্যবহারের মাধ্যমে অপচয় হ্রাস:** অভ্যন্তরীণ নিরীক্ষা 'ঝুঁকি-ভিত্তিক পদ্ধতি' অবলম্বন করে ঝুঁকি-ক্ষেত্রগুলি চিহ্নিত করবে এবং অদক্ষ ক্ষেত্রগুলো সংশোধন করবে। এটি সম্পদের যথাযথ ব্যবহার ও ব্যয় ব্যবস্থাপনাকে উন্নত করে, পরিনামে অপচয় হ্রাস করে।
- IV. **স্বচ্ছতা এবং জবাবদিহিতা:** অভ্যন্তরীণ নিরীক্ষকরা স্বাধীনভাবে প্রাতিষ্ঠানিক লক্ষ্য ও উদ্দেশ্যগুলিকে সমুন্নত করার সুপারিশ প্রদান করে, ফলে প্রতিষ্ঠানের অভ্যন্তরে সুশাসন উন্নততর হবে। প্রতিষ্ঠানের স্বচ্ছতা, নৈতিক আচরণ এবং বিধি প্রবিধানের সাথে গৃহীত কার্যক্রমের সামঞ্জস্যতা নিরীক্ষা সুপারিশের মাধ্যমে নিরীক্ষকগণ তুলে আনে। এটি প্রতিষ্ঠান জুড়ে জবাবদিহিতার সংস্কৃতিকে উৎসাহিত ও প্রতিষ্ঠা করে।

মডেল 'ঝুঁকি ভিত্তিক নিরীক্ষা' ম্যানুয়াল তিনটি ভাগে বিভক্ত: পটভূমি, নিরীক্ষা পরিকল্পনা এবং নিরীক্ষা সম্পাদন প্রক্রিয়া। অভ্যন্তরীণ নিরীক্ষার গুণমান ও সর্বোত্তম অনুশীলনের লক্ষ্য রেখে এবং অভ্যন্তরীণ নিরীক্ষা ইনস্টিটিউট (TheIIA) থেকে প্রদত্ত আন্তর্জাতিক মানগুলিকে অন্তর্ভুক্ত করে এই সনদ ও ম্যানুয়াল প্রণীত হয়েছে। এতে ধাপে ধাপে কার্যক্রমের ফরমসমূহ, পরিশিষ্টসমূহ এবং 'অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির' দায়িত্ববলি অন্তর্ভুক্ত করা হয়েছে।

পেশাদার সরকারি ও বেসরকারি খাতের কার্যক্রমে অভিজ্ঞ পরামর্শদাতাদের একটি প্যানেল এই চার্টার এবং ম্যানুয়াল প্রণয়নের প্রক্রিয়ার সাথে নিয়োজিত হয়েছেন। অর্থ বিভাগের SPFMS কর্মসূচির 'অভ্যন্তরীণ নিরীক্ষা ও নিরীক্ষা অগ্রগতি পর্যবেক্ষণ' স্কিমের অধীনে বছরাধিককালে এ কার্যসম্পাদন হয়েছে।

যদিও চার্টার এবং ম্যানুয়ালটি ব্যাপক এবং আন্তর্জাতিক মানের, তবে এগুলি সংশ্লিষ্ট 'অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিট' এবং 'অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটির' পর্যালোচনার ভিত্তিতে হালনাগাদ করা যাবে। অধিকন্তু, প্রতিষ্ঠানগুলি তাদের স্ব স্ব প্রয়োজনীয়তা এবং 'নিরীক্ষা পরিধি অনুযায়ী' সংশ্লিষ্ট ইউনিটের আকার ও সক্ষমতা নির্ধারণ করবে।

এ চার্টার এবং ম্যানুয়াল প্রস্তুত কার্যক্রমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর, বিভিন্ন সংস্থার প্রতিনিধিবৃন্দ, নিয়োজিত জ্যেষ্ঠ পরামর্শকবৃন্দ বিশেষ করে যাচাই ও গ্রহণযোগ্যতা (Validation) পর্বে সময় দিয়েছেন এবং মূল্যবান মতামত ও পর্যবেক্ষণ দিয়েছেন, তাঁদের প্রতি রইল অশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

\* \* \*

## অভ্যন্তরীণ নিরীক্ষা সনদ

### সূচিপত্র

১. অভ্যন্তরীণ নিরীক্ষা সনদ .....	৩
২. ভূমিকা .....	৩
৩. অভ্যন্তরীণ নিরীক্ষার লক্ষ্য এবং উদ্দেশ্য .....	৩
৪. স্বাধীনতা .....	৩
৫. কর্তৃত্ব, অ্যাক্সেস এবং গোপনীয়তা .....	৪
৬. ভূমিকা এবং দায়িত্ব .....	৪
৭. অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম .....	৪
৭.১ নিরীক্ষা কার্যক্রমের ধরণ .....	৪
৭.২ অ্যাডভাইসারি/পরামর্শমূলক সেবা .....	৫
৭.৩ অডিট সমর্থন কার্যক্রম .....	৫
৭.৪ গুণমান নিশ্চিতকরণ এবং উন্নতিকরণ প্রোগ্রাম .....	৬
৭.৪.১ অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যকলাপের পরিধি.....	৬
৭.৪.২ স্ট্যান্ডার্ডসমূহ .....	৬

৭.৪.৩ কর্মীদের ক্ষমতা/দক্ষতা/প্রয়োজনীয়তা .....	৬
৭.৪.৪ কম্পট্রোলার গ্র্যান্ড অডিটর জেনারেল অফিসের সাথে (বাহিরাগত) সম্পর্ক	৭
৭.৪.৫ পরিকল্পনা .....	৭
৭.৪.৬ রিপোর্টিং .....	৭
৭.৪.৭ প্রশাসনিক ব্যবস্থা .....	৮
৭.৪.৮ সনদের পর্যালোচনা .....	৮

## ১) অভ্যন্তরীণ নিরীক্ষা সনদ (Internal Audit Charter)

১.১ অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিট (IAU) প্রধানের সহায়তায় মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব নিজ প্রতিষ্ঠানে এই মডেল অভ্যন্তরীণ নিরীক্ষা সনদ প্রযোজ্য ক্ষেত্রে পরিমার্জন করে ব্যবহার করবেন। বিশেষ কোন সংস্থার জন্য অভ্যন্তরীণ নিরীক্ষার ভূমিকা পরিবর্তনের প্রয়োজন হলে অর্থ বিভাগের অনুমোদনক্রমে পরিবর্তন করা যাবে। তবে, ঝুঁকি-ভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষা এবং পরিকল্পনার জন্য বাধ্যতামূলক প্রয়োজনীয়তাগুলিকে বাদ দিয়ে এই পরিবর্তন করা যাবে না। সহায়ক অতিরিক্ত কাজ যেমন জালিয়াতি নিয়ন্ত্রণ প্রচেষ্টা এবং ঝুঁকি ব্যবস্থাপনা প্রবর্তন একটি গ্রহণযোগ্য কার্যক্রম, কিন্তু এই কাজে অভ্যন্তরীণ নিরীক্ষা থেকে সম্পদ/জনবল গ্রহণ করা যাবে না। মডেল চার্টারটি/সনদটি নতুন অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম গ্রহণের জন্য ঝুঁকি-ভিত্তিক নিরীক্ষাকে বেছে নেয়ার উপর জোর দেয়। ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক ভাষা ব্যবহারের ক্ষেত্রেও মডেল সনদ সতর্কতা অবলম্বন করে। আইআইএ/IIA স্ট্যান্ডার্ডে ঝুঁকি ব্যবস্থাপনা পরিভাষা ব্যবহার স্বীকৃত হলেও বাংলাদেশে ঝুঁকি ব্যবস্থাপনা কৌশলসমূহের প্রকৃত ব্যবহার সম্প্রতি/সবে মাত্র শুরু হয়েছে। অর্থ বিভাগের অনুমোদনক্রমে প্রধান হিসাবদানকারী অফিসার (PAO) মন্ত্রণালয়/বিভাগের জন্য অভ্যন্তরীণ নিরীক্ষা সনদ জারি করবেন।

## ২) ভূমিকা (Introduction)

২.১ মন্ত্রণালয়/বিভাগের সচিব [IAU এর নাম] শাসন কাঠামোর একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে [IAU] প্রতিষ্ঠা করবেন।  
২.২ এই সনদটি [সংস্থার] অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য কাঠামো প্রদান করে এবং অডিট কমিটির সুপারিশক্রমে অর্থ বিভাগের অনুমোদন সাপেক্ষে মন্ত্রণালয়/বিভাগের সচিব কর্তৃক আনুষ্ঠানিকভাবে জারি করবেন।

## ৩) অভ্যন্তরীণ নিরীক্ষার লক্ষ্য এবং উদ্দেশ্য (Mission and Purpose of Internal Audit)

৩.১ অভ্যন্তরীণ নিরীক্ষার লক্ষ্য হল ঝুঁকি-ভিত্তিক এবং উদ্দেশ্যমূলক নিশ্চয়তা, পরামর্শ এবং অন্তর্দৃষ্টি প্রদানের মাধ্যমে প্রতিষ্ঠানের মান উন্নত করা ও রক্ষা করা। এর উদ্দেশ্য হল সচিবকে একটি স্বাধীন এবং উদ্দেশ্যমূলক পর্যালোচনা এবং উপদেষ্টা সেবা প্রদান করা, যার মাধ্যমে [সংস্থার] আর্থিক এবং কর্মক্ষম নিয়ন্ত্রণগুলি অর্জন নিশ্চিতভাবে বাস্তবায়িত হয় এবং একটি দক্ষ, কার্যকর পদ্ধতিতে [প্রতিষ্ঠানের] কর্মক্ষমতা উন্নত করতে ব্যবস্থাপনাকে/ম্যানেজমেন্টকে সহায়তা করে।

## ৪) স্বাধীনতা (Independence)

৪.১ অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যকর করার জন্য স্বাধীনতা অপরিহার্য। অভ্যন্তরীণ নিরীক্ষা মূলত পর্যালোচনা করে থাকে, এর কোন প্রত্যক্ষ কর্তৃত্ব বা দায়িত্ব নেই। অভ্যন্তরীণ নিরীক্ষার কোন পদ্ধতি বা সিস্টেম প্রণয়ন/সৃষ্টি/উন্নয়ন বা বাস্তবায়নের কোন দায়বদ্ধতা নেই। ইহা কোন রেকর্ড প্রস্তুত করে না বা মূল কার্যক্রম বা ক্রিয়াকলাপে [নীচে উল্লিখিত ক্ষেত্র ব্যতীত] নিজে নিয়োজিত করে না।

৪.২ অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান (Head of IA) সরাসরি মন্ত্রণালয়/বিভাগের সচিবের কাছে দায়বদ্ধ এবং নিরীক্ষা কার্যক্রম পরিচালনায় স্বাধীনভাবে তার দায়িত্ব পালন করবেন। IAU-এর রিপোর্ট মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে অডিট কমিটি কর্তৃক পর্যালোচনা করা হবে এবং উক্ত নিরীক্ষার উপর সুপারিশ ও পরামর্শ প্রদানের সময় অডিট কমিটি সম্পূর্ণ স্বাধীনতা ভোগ করবেন।

৪.৩ অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধানের সাথে সচিব, MDA প্রধান এবং অডিট কমিটির সদস্যদের সরাসরি যোগাযোগ থাকবে। অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান এবং অডিট কমিটির (ব্যবস্থাপনায়/ ম্যানেজমেন্টে নিয়োজিতগণ বাদে) মধ্যে সংবেদনশীল (sensitive) বিষয়ে প্রশ্নের উত্তর প্রদান ও খোলামেলা আলোচনার জন্য নিয়মিত বৈঠক করবেন।

৪.৪ স্বাধীনতা এবং বস্তুনিষ্ঠতার প্রতিবন্ধকতা সীমিত করার জন্য সুরক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠায় অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধানের ভূমিকা এবং/অথবা দায়িত্ব রয়েছে বলে প্রতীয়মান হয়। যদি স্বাধীনতা বা বস্তুনিষ্ঠতা বাস্তবে বা প্রকৃত পক্ষে অর্জন ব্যাহত হয়, তাহলে অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান যথাযথ কর্তৃপক্ষের নিকট ত্রুটির বিবরণ প্রকাশ করবেন। অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধানকে বছরে কমপক্ষে একবার নিরীক্ষা কমিটির নিকট অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যকলাপের স্বাধীনতা বিষয়ে লিখিতভাবে জানাতে হবে।

৪.৫ মন্ত্রণালয়/বিভাগের অডিট কমিটি তার কার্যক্রম পরিচালনায় স্বাধীন হওয়া আবশ্যিক; যা অডিট কমিটিকে বস্তুনিষ্ঠ এবং নিরপেক্ষভাবে কাজ করা এবং স্বার্থের দ্বন্দ্ব থেকে মুক্ত থাকা নিশ্চিত করতে সহায়ক হবে।

## ৫) কর্তৃত্ব, অ্যাক্সেস এবং গোপনীয়তা (Authority, Access and Confidentiality)

৫.১ যেকোনো [প্রতিষ্ঠানের] নিরাপত্তা নীতির সাথে সামঞ্জস্য রেখে প্রতিষ্ঠানের সমস্ত কার্যক্রম, কাজের পরিধি, সম্পদ, কর্মী, রেকর্ড এবং অন্যান্য ডকুমেন্টেশন এবং তথ্য যা অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান তার নিরীক্ষার দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় বলে মনে করবেন তা অভ্যন্তরীণ নিরীক্ষকগণ সম্পূর্ণ, বিনামূল্যে এবং সীমাহীন অ্যাক্সেস/প্রবেশ অধিকার ও যাচাই অধিকার প্রাপ্য।

৫.২ অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান ব্যবস্থাপনার/ম্যানেজমেন্টের নিকট প্রয়োজনীয় অনুসন্ধান উত্থাপন করতে পারবেন এবং বার্ষিক নিরীক্ষা পরিকল্পনা প্রণয়নে অপ্রয়োজনীয় কাজ বা সম্পদের অভাব আছে কিনা তা নির্ধারণ করতে পারবেন।

৫.৩ নিরীক্ষা কার্যক্রম পরিচালনার সময় নিরুপণ করা, সমস্ত রেকর্ড, ডকুমেন্টেশন এবং তথ্য শুধুমাত্র অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্যই ব্যবহার করা হবে। অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান এবং স্বতন্ত্র অভ্যন্তরীণ নিরীক্ষা কর্মীগণ তাদের কাজের সময় প্রাপ্ত তথ্যের গোপনীয়তা বজায় রাখার জন্য দায়ী এবং দায়বদ্ধ।

## ৬) ভূমিকা এবং দায়িত্ব (Roles and Responsibilities)

৬.১ MDA এর প্রতিষ্ঠিত শাসন ব্যবস্থা দ্বারা IAU এর দায়িত্বসমূহ নির্ধারিত হয়।

৬.২ অভ্যন্তরীণ নিরীক্ষা উহার কার্যক্রম পরিচালনায়, জবাবদিহিতা, সততা এবং ব্যয় যুক্তিযুক্তকরণ সংস্কৃতির প্রতিফলন ও বজায় রাখতে এবং দৈনন্দিন কার্যক্রম এবং প্রক্রিয়াগুলিতে ঝুঁকি ব্যবস্থাপনার সাথে সমন্বয় করতে সক্রিয় ভূমিকা পালন করবে। অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান নিম্নলিখিত কার্যক্রমসমূহ নিশ্চিত করার জন্য দায়ী:

- IA ম্যানুয়াল অনুসরণ করে বছরে কমপক্ষে একবার ঝুঁকি-ভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন;
- পরিকল্পনা প্রণয়নে সম্পদের সীমাবদ্ধতার প্রভাব সম্পর্কে অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান সচিব এবং নিরীক্ষা কর্মিটির সাথে যোগাযোগ রক্ষা করা;
- অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যকলাপের দক্ষতা (competency) এবং স্কীল বিষয়ে পর্যাপ্ত সম্পদের অ্যাক্সেস নিশ্চিত করা;
- IA ম্যানুয়াল অনুসরণ করে এর ম্যাস্ট্রেট পূরণের জন্য যথাযথভাবে কার্যকলাপ পরিচালনা করা;
- IIA স্ট্যান্ডার্ডসমূহের সাথে সামঞ্জস্যতা বজায় রাখা;
- কাজের ফলাফল সংশ্লিষ্টদের অবহিত করা এবং সম্মত-সংশোধনমূলক পদক্ষেপগুলি অনুসরণ করা;
- অন্যান্য নিশ্চয়তা প্রদানকারীগণের সাথে সমন্বয় রক্ষা করা।

## ৭) অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম (Internal Audit Activities)

অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম নিম্নলিখিত ক্ষেত্রগুলিকে অন্তর্ভুক্ত করবে:

### ৭.১ নিরীক্ষা কার্যক্রম নিম্নলিখিত ধরনের:

#### ৭.১.১ ঝুঁকি ভিত্তিক নিরীক্ষা (Risk-Based Audit)

অভ্যন্তরীণ নিরীক্ষা হল ঝুঁকি ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ, এবং পরিচালনার প্রক্রিয়াগুলির পর্যাপ্ততা মূল্যায়ন করা (IA ম্যানুয়াল অনুসরণ করে), যা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত এবং প্রতিনিধিত্ব করা এবং উক্ত কর্তৃপক্ষ কর্তৃক নিম্নলিখিত ফোকাসসহ পদ্ধতি এবং সিস্টেম প্রতিষ্ঠা করা হয়েছে:

- ঝুঁকি যথাযথভাবে চিহ্নিতকরণ, পরিচালনা, এবং রিপোর্ট করা;
- প্রয়োজনীয় আর্থিক, ব্যবস্থাপনাগত, এবং
- কর্মচারীগণ কর্তৃক কর্ম নীতি, স্ট্যান্ডার্ড, পদ্ধতি, এবং প্রযোজ্য আইন ও প্রবিধান মেনে চলা;
- সম্পদসমূহ (including assets) অর্থনৈতিকভাবে অর্জন, দক্ষতার সাথে ব্যবহার এবং পর্যাপ্তভাবে সুরক্ষা করা;
- বিভাগের নিয়ন্ত্রণ প্রক্রিয়ার গুণমানের উন্নয়ন এবং ক্রমাগত উন্নতি করা;
- বিভাগকে প্রভাবিত করে এমন গুরুত্বপূর্ণ আইনী বা নিয়ন্ত্রক সমস্যাগুলি চিহ্নিত করে যথাযথভাবে সমাধান করা;
- অর্জিত ফলাফল নির্ধারিত উদ্দেশ্য এবং লক্ষ্যগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা এবং অপারেশন বা প্রোগ্রামগুলি পরিকল্পনা অনুযায়ী পরিচালিত হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য অপারেশন বা প্রোগ্রামগুলি নিয়মিত পর্যালোচনা করা;
- অডিট চলাকালীন ব্যবস্থাপনার নিয়ন্ত্রণ ব্যবস্থা, খরচ যুক্তিযুক্তকরণ/অপ্টিমাইজিং, রিপোর্টিং এবং প্রতিষ্ঠানের খ্যাতি বৃদ্ধি করার সুযোগগুলি চিহ্নিত করে বিষয়গুলি ব্যবস্থাপনায় নিয়োজিত উপযুক্ত স্তরকে অবহিত করা।

৭.১.২ ঝুঁকি ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ এবং শাসন প্রক্রিয়ার দায়িত্ব মন্ত্রণালয়/বিভাগের সচিব এবং ব্যবস্থাপনার/অভ্যন্তরীণ/ইন্টারনাল অডিট ইউনিট এর উপর ন্যস্ত। যাই হোক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিটের অনুপস্থিতিতে অভ্যন্তরীণ অডিট IA ম্যানুয়াল অনুসরণ করে নিজেই ঝুঁকি মূল্যায়ন করে বার্ষিক নিরীক্ষা পরিকল্পনা প্রস্তুত করতে পারবে।

### ৭.২ পরামর্শমূলক সেবা (Advisory services)

৭.২.১ উপদেষ্টা পরিষেবা প্রদানে অভ্যন্তরীণ নিরীক্ষার স্বাধীনতা বজায় রাখা প্রয়োজন। অভ্যন্তরীণ নিরীক্ষা প্রদত্ত পরামর্শ গ্রহণ বা প্রত্যাখ্যান করা [প্রতিষ্ঠানের নাম] ব্যবস্থাপনার দায়িত্ব। এই বিষয়ে গৃহীত সিদ্ধান্তের জন্য অভ্যন্তরীণ নিরীক্ষাকে জবাবদিহির আওতায় আনা যাবে না।

৭.২.২ অভ্যন্তরীণ নিরীক্ষা [প্রতিষ্ঠানের নাম] বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করতে পারে; যেমন:

- নতুন প্রোগ্রাম, আইটি সিস্টেম, এবং প্রসেস/পদ্ধতি:** উপযুক্ত কন্ট্রোল প্রতিষ্ঠায় নতুন প্রোগ্রাম, আইটি সিস্টেম, এবং প্রসেস/পদ্ধতি এবং/অথবা বিদ্যমান প্রোগ্রাম এবং প্রসেস/পদ্ধতিতে পরিবর্তনের বিষয়ে পরামর্শ প্রদান করা;
- ঝুঁকি ব্যবস্থাপনা:** ঝুঁকি সনাক্তকরণ এবং ঝুঁকি প্রশমন ও পর্যবেক্ষণ কৌশলগুলি প্রণয়নে/উন্নয়নে/উন্নতিতে সহায়তা করা এবং প্রয়োজনে সেগুলি সম্পর্কে প্রতিবেদন পেশ করা;
- জালিয়াতি নিয়ন্ত্রণ:** জালিয়াতির ঝুঁকি সনাক্তকরণ এবং জালিয়াতি প্রতিরোধ ও পর্যবেক্ষণ কৌশল প্রণয়নে/উন্নয়নে সহায়তা করা।

#### ৭.৩ নিরীক্ষা সমর্থিত কার্যক্রম (Audit support activities)

##### ৭.৩.১ অভ্যন্তরীণ নিরীক্ষার দায়িত্ব

- অডিট কমিটিকে তার দায়িত্ব পালনে সহায়তা করা;
- অডিট কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান;
- সম্মত সুপারিশ বাস্তবায়ন ও পর্যবেক্ষণ করা;
- প্রতিষ্ঠানের অডিট কার্যক্রম এবং অডিট ফাংশন পরিচালনা থেকে লব্ধ জ্ঞান এবং অর্জিত ভাল ফলাফল অনুশীলন করা এবং বিভাগের সবার মাঝে প্রচার করা।

#### ৭.৪ গুণমান নিশ্চিতকরণ এবং উন্নতিকরণ প্রোগ্রাম (Quality Assurance and Improvement Program)

অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যকলাপের সমস্ত দিক বিবেচনায় নিয়ে এবং IIA স্ট্যান্ডার্ডসমূহের সাথে সামঞ্জস্য মূল্যায়ন করে গুণমান নিশ্চয়তা এবং উন্নত প্রোগ্রাম বজায় রাখার জন্য দায়ী।

অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধানকে গুণগতমান নিশ্চিতকরণ এবং উন্নত কর্মসূচীর ফলাফলগুলি পর্যায়ক্রমে/নিয়মিতভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং নিরীক্ষা কমিটির কাছে রিপোর্ট করতে হবে এবং প্রতি পাঁচ বছরে অন্তত একবার কার্যকলাপের একটি বাহ্যিক (external) মূল্যায়ন পেতে হবে (নিরপেক্ষ কর্তৃপক্ষ/প্রতিষ্ঠান দ্বারা মূল্যায়ন)।

##### ৭.৪.১ অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যকলাপের পরিধি (Scope of internal audit activity)

অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমের পরিধি শাসন (Governance), ঝুঁকি ব্যবস্থাপনা এবং নিয়ন্ত্রণ প্রক্রিয়ার পর্যাপ্ততা এবং কার্যকারিতা সম্পর্কে স্বাধীন মূল্যায়ন প্রদান করা, কিন্তু শুধুমাত্র এর মধ্যে সীমাবদ্ধ নয়।

অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান তার বিভাগের ফলাফল এবং কার্যকলাপ সম্পর্কে উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং নিরীক্ষা কমিটির নিকট নিয়মিত রিপোর্ট করবেন।

সকল ব্যবসায়িক চুক্তি, সমঝোতা স্মারক বা চুক্তিতে প্রদত্ত [প্রতিষ্ঠানের নাম] সমস্ত প্রোগ্রাম এবং কার্যক্রম অভ্যন্তরীণ নিরীক্ষার পর্যালোচনার আওতাভুক্ত। অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যকলাপ সমস্ত আর্থিক এবং অ-আর্থিক নীতি এবং ক্রিয়াকলাপকেও পর্যালোচনায় অন্তর্ভুক্ত করতে পারে।

##### ৭.৪.২ স্ট্যান্ডার্ডসমূহ (Standards)

অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যকলাপ IIA-এর আন্তর্জাতিক পেশাগত অনুশীলন ফ্রেমওয়ার্ক (IPPF) এর স্ট্যান্ডার্ডসমূহ, অভ্যন্তরীণ নিরীক্ষার পেশাদার অনুশীলনের মূল নীতি, অভ্যন্তরীণ নিরীক্ষার সংজ্ঞা, এবং নীতিশাস্ত্রের কোড (Code of Ethics) সহ বাধ্যতামূলক উপাদানগুলি মেনে চলবে।

অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম যে সকল পেশাদার স্ট্যান্ডার্ড অনুসরণ করে পরিচালিত হবে তা হল:

- ইনস্টিটিউট অব ইন্টারনাল অডিটর কর্তৃক জারি করা অভ্যন্তরীণ নিরীক্ষণের পেশাদার অনুশীলনের স্ট্যান্ডার্ডসমূহ;
- ইনফরমেশন সিস্টেম এবং কন্ট্রোল অ্যাসোসিয়েশন কর্তৃক জারি করা ইনফরমেশন সিস্টেম অডিটিং স্ট্যান্ডার্ডের বিবৃতি; এবং
- আন্তর্জাতিক সংস্থার স্ট্যান্ডার্ডসমূহ।

##### ৭.৪.৩ কর্মীদের ক্ষমতা/দক্ষতা/প্রয়োজনীয়তা

অভ্যন্তরীণ নিরীক্ষা কাজ পরিচালনায়, অভ্যন্তরীণ নিরীক্ষা কর্মীদের যা করতে হবে:

- আচরণের প্রাসঙ্গিক পেশাদার স্ট্যান্ডার্ড মেনে চলতে হবে;
- দায়িত্ব পালনে যথাযথ জ্ঞান, দক্ষতা এবং প্রযুক্তিগত দখল থাকতে হবে;

- iii. দক্ষতার সাথে লোকেদের/জনগণ মোকাবিলা করা এবং কার্যকরভাবে নিরীক্ষা কাজ, ঝুঁকি ব্যবস্থাপনা, এবং এতদসম্পর্কিত বিষয়ে যোগাযোগে রক্ষা করতে হবে;
- iv. পেশাদার উন্নয়ন প্রোগ্রামের মাধ্যমে কর্মীদের প্রযুক্তিগত দক্ষতা এবং যথাযথ পেশাদারিত্ব অনুশীলন করে দায়িত্ব পালনে সচেষ্ট থাকতে হবে।

#### ৭.৪.৪ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কার্যালয়ের (External Audit) সম্পর্ক [Relationship with external audit (Office of Comptroller and Auditor General)]

সামগ্রিক নিরীক্ষা কভারেজ এর পর্যাপ্ততা নিশ্চিত করার জন্য অভ্যন্তরীণ নিরীক্ষা (IA) এবং নিরীক্ষা (EA) কার্যক্রম এর মধ্যে সমন্বয় থাকতে হবে। EA এবং IA উভয়ই [সংস্থার] সাথে সম্পর্কিত ঝুঁকি এবং সম্ভাব্য নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করে থাকে। যদিও উভয়ই একই ধরনের ঝুঁকি মোকাবেলা, পরিধি, পদ্ধতি নিয়ে কাজ করে কিন্তু কাজের ব্যাপ্তি (extent) ভিন্ন হতে পারে। অতএব, পর্যাপ্ত এবং দক্ষ কভারেজ নিশ্চিত করার জন্য ঝুঁকি সনাক্তকরণ এবং মোকাবেলায় EA এবং IA-এর মধ্যে সমন্বয় অপরিহার্য। পারস্পরিক স্বার্থের বিষয়ে আলোচনার জন্য অভ্যন্তরীণ ও বাহ্যিক নিরীক্ষার মধ্যে নিয়মিত বৈঠক এবং যোগাযোগ অনুষ্ঠিত হতে হবে। অভ্যন্তরীণ নিরীক্ষার সমস্ত পরিকল্পনা, কাজের কাগজপত্র এবং প্রতিবেদনগুলিতে বাহ্যিক নিরীক্ষকের সম্পূর্ণ এবং বিনামূল্যে অ্যাক্সেস থাকতে হবে।

#### ৭.৪.৫ পরিকল্পনা (Planning)

অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান প্রতিষ্ঠানের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে অগ্রাধিকার নির্ধারণের জন্য একটি নিরীক্ষার কৌশলগত কার্যক্রমের পরিকল্পনা এবং একটি ঝুঁকি-ভিত্তিক বার্ষিক অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন করবেন। অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনার প্রধান উদ্দেশ্য হল:

- i. স্টেকহোল্ডারদের প্রত্যাশা, বাজেট, হিসাব, উন্নয়ন প্রকল্প, পূর্বের অডিট ফলাফল এবং ঝুঁকি মূল্যায়ন বিবেচনায় নিয়ে [সংস্থার] ঝুঁকি মূল্যায়ন করা;
- ii. অভ্যন্তরীণ ঝুঁকি মূল্যায়ন, প্রক্রিয়া, অবস্থান (location) এবং নিরীক্ষা প্রয়োজনীয়তার ব্যাপ্তি এর সাথে নিরীক্ষা ঝুঁকিগুলিকে সম্পৃক্ত করে একটি বার্ষিক নিরীক্ষা পরিকল্পনা সম্পূর্ণ করা;
- iii. বার্ষিক অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনাগুলি কার্যকর করার জন্য প্রয়োজনীয় সংস্থানগুলি (resources) নিরূপণ করে পরিকল্পনা এবং প্রকৃত সম্পদ প্রাপ্যতার মধ্যে কোনও অসঙ্গতি থাকলে সংশোধন করতে হবে;
- iv. বার্ষিক অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি অনুসরণ করতে হবে।

#### ৭.৪.৬ রিপোর্টিং (Reporting)

অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান 'নিরীক্ষা প্রতিবেদন' নিরীক্ষা কমিটির কর্তৃক পর্যালোচনার জন্য PAO-এর নিকট পাঠাবেন। PAO/IAU-এর প্রধান প্রয়োজন মনে করলে অগ্রগতি প্রতিবেদন অভ্যন্তরীণ নিরীক্ষা পরিচালক(FD)/CAC-এর নিকট প্রেরণ করবেন।

অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান নিরীক্ষা কমিটির প্রতিটি সভায় নিরীক্ষা সম্পন্ন বিষয়ে কৌশলগত কার্যক্রম পরিকল্পনা, বাস্তবায়নের অগ্রগতি এবং অভ্যন্তরীণ ও বাহ্যিক নিরীক্ষার সম্মত সুপারিশ বাস্তবায়নের অবস্থার প্রতিবেদন পেশ করবেন।

[প্রতিষ্ঠানের নাম] অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের সামগ্রিক অবস্থা এবং অভ্যন্তরীণ নিরীক্ষার ফলে কর্তৃপক্ষের দৃষ্টি দেয়ার প্রয়োজন হতে পারে এমন যে কোনও পদ্ধতিগত বিষয়াদির উপর অন্তত একবার ত্রৈমাসিক ভিত্তিতে নিরীক্ষা কমিটির নিকট প্রতিবেদন পেশ করতে হবে। প্রয়োজন ও প্রাসঙ্গিক হলে অন্যান্য সরকারী প্রতিষ্ঠানের মাধ্যমে পর্যালোচনার ব্যবস্থা করতে হবে।

#### ৭.৪.৭ প্রশাসনিক ব্যবস্থা (Administrative arrangements)

অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান, বা বহিরাগত পরিষেবা প্রদানকারী পদে কোনো পরিবর্তন আনতে হলে মন্ত্রণালয়/বিভাগের সচিব এবং অভ্যন্তরীণ নিরীক্ষা পরিচালক(FD) এর অনুমোদন নিতে হবে। এক্ষেত্রে, প্রক্রিয়ার অংশ হিসেবে এমডিএ অডিট কমিটির সাথে পরামর্শ করতে হবে।

#### ৭.৪.৮ সনদের পর্যালোচনা (Review of the charter)

এই সনদটি বছরে অন্তত একবার MDA অডিট কমিটি কর্তৃক পর্যালোচনা করতে হবে। অভ্যন্তরীণ নিরীক্ষার তত্ত্বাবধানের দায়িত্বে থাকা কর্তৃপক্ষ হিসেবে অর্থ বিভাগ কর্তৃক পরিবর্তনের প্রয়োজন হতে পারে বা সুপারিশ

থাকতে পারে। অডিট কমিটির সুপারিশে অর্থ বিভাগের অনুমোদনক্রমে মন্ত্রণালয়/বিভাগের সচিব কর্তৃক আনুষ্ঠানিকভাবে পরিবর্তনগুলি জারি করতে হবে।

\* \* \*

ঝুঁকি-ভিত্তিক  
অভ্যন্তরীণ অডিট ম্যানুয়াল

<b>অংশ ১ – নির্দেশিকা</b> .....	<b>6</b>
১. ভূমিকা (Introduction).....	7
২. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ এবং অভ্যন্তরীণ নিরীক্ষার আইনি ভিত্তি.....	7
৩. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের ব্যাখ্যা (Internal control explained).....	7
৪. অভ্যন্তরীণ নিরীক্ষার সংজ্ঞা (Definition of Internal Audit).....	9
৫. ঝুঁকি-ভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষার সংজ্ঞা.....	9
৬. অভ্যন্তরীণ নিরীক্ষার প্রতিষ্ঠান এবং জনবল (Organization and Staffing of Internal Audit).....	9
৬.১ অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধানের দায়িত্ব (Responsibilities of Head of Internal Audit).....	9
৬.২ নিরীক্ষা কমিটি কর্তৃক অভ্যন্তরীণ নিরীক্ষা তত্ত্বাবধানের জন্য MDA প্রধানকে সহায়তা.....	10
৬.৩ অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা উইং এর অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিট.....	10
৭. অন্যান্য সংস্থার সাথে অভ্যন্তরীণ নিরীক্ষার সম্পর্ক (Internal Audit relationships with other bodies).....	11
৭.১ অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা উইং.....	11
৭.২ কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের অফিস.....	11
৮. অভ্যন্তরীণ নিরীক্ষার দক্ষতা পরিমাপ (Measuring Performance of Internal Audit).....	11
৯. অভ্যন্তরীণ নিরীক্ষার সক্ষমতা বৃদ্ধির কৌশলগত পরিকল্পনা (Strategic Plan for Internal Audit Capacity Building).....	12
১০. অভ্যন্তরীণ নিরীক্ষা চার্টার (Internal Audit Charter).....	13
১১. আন্তর্জাতিক অভ্যন্তরীণ নিরীক্ষার মানদণ্ডসমূহ (International Internal Audit Standards).....	13
১১.১ নিরীক্ষার আদর্শসমূহ.....	13
১১.২ অ্যাট্রিবিউট/ বৈশিষ্ট্যের আদর্শ (Attribute Standards).....	14
১১.৩ কর্মদক্ষতার আদর্শ (Performance Standards).....	14
১১.৪ নীতিশাস্ত্রের কোড (Code of Ethics).....	14
<b>অংশ ২ – অভ্যন্তরীণ অডিট প্রক্রিয়া (ঝুঁকি-ভিত্তিক নিরীক্ষা)</b> .....	<b>17</b>
<b>অধ্যায় ১ - ঝুঁকি-ভিত্তিক অডিট কৌশল এবং বার্ষিক অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা</b> .....	<b>17</b>
১.১ পটভূমি.....	17
১.২ ঝুঁকির সংজ্ঞা.....	17
১.৩ ঝুঁকি-ভিত্তিক নিরীক্ষা কৌশল.....	18
১.৪ ঝুঁকি রেজিস্টার.....	18
১.৫ নিরীক্ষা ঝুঁকি.....	18
১.৬ ঝুঁকি ভিত্তিক পরিকল্পনা.....	19
১.৭ ঝুঁকি মূল্যায়ন পদ্ধতি.....	19
১.৮ ঝুঁকি প্রভাবিত হেতু.....	20
১.৯ ঝুঁকি-ভিত্তিক বার্ষিক অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা.....	20
১.১০ ঝুঁকি মূল্যায়নের জন্য ইনপুট এবং তথ্য সংগ্রহ করার পদ্ধতি.....	20
১.১১ অভ্যন্তরীণ নিরীক্ষকদের দ্বারা বিস্তৃত ঝুঁকির মূল্যায়ন.....	22
১.১২ র‍্যাঙ্কিং সহ নিরীক্ষণযোগ্য সমস্যাগুলির একত্রিত তালিকা.....	23
১.১৩ নিরীক্ষাযোগ্য সমস্যা/ক্ষেত্রগুলির ঝুঁকির পয়েন্ট.....	23
১.১৪ নিরীক্ষাযোগ্য সমস্যা/ক্ষেত্রগুলির সাথে সম্পর্কিত অ্যাকাউন্ট ঝুঁকির কারণ.....	23
১.১৫ নিরীক্ষকের সংখ্যা অনুমান / প্রাপ্য কাজের দিন.....	24
১.১৬ নিরীক্ষাযোগ্য সমস্যা/ক্ষেত্রগুলির চূড়ান্ত তালিকা.....	24
১.১৭ কৌশলগত ব্যবসা পরিকল্পনা এবং বার্ষিক নিরীক্ষা পরিকল্পনা.....	24
১.১৮ বার্ষিক নিরীক্ষা পরিকল্পনার সংশোধন.....	25
১.১৯ ঝুঁকি মূল্যায়ন এবং বার্ষিক পরিকল্পনা প্রস্তুতির প্রক্রিয়া.....	25
<b>অধ্যায় ২ - অভ্যন্তরীণ নিরীক্ষা প্রক্রিয়া (ঝুঁকি ভিত্তিক নিরীক্ষা)</b> .....	<b>26</b>
২.১ পটভূমি.....	26
২.২ ঝুঁকি মূল্যায়নের ঝুঁকি এবং উদ্দেশ্য.....	26
২.৩ ঝুঁকি নিরূপণ কাঠামো.....	27
২.৪ নিরীক্ষাযোগ্য এলাকা নির্বাচন করা.....	27
২.৫ সেবা প্রদানে করণীয় অনুধাবন.....	27
২.৬ বার্ষিক নিরীক্ষা পরিকল্পনা প্রস্তুত করার সময় আয়ত্ব করা প্রাসঙ্গিক তথ্য পর্যালোচনা করা.....	29
২.৭ মূল প্রক্রিয়া বিশ্লেষণ.....	29
২.৮ অন্তর্নিহিত ঝুঁকি নিরূপণ.....	30

২.৯ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ নিরূপণ.....	32
২.১০ অবশিষ্ট ঝুঁকি বিন্যাসকরণ.....	33
২.১১ অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা.....	33
২.১২ ঝুঁকি নিরূপণ কাঠামো এবং অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা প্রস্তুতকরণ.....	37
<b>অধ্যায় ৩ -নিরীক্ষা সম্পাদন.....</b>	<b>38</b>
৩.১ পটভূমি.....	38
৩.২ নিরীক্ষা দল গঠন.....	38
৩.৩ নিরীক্ষা পরিকল্পনা অনুধাবন.....	38
৩.৪ সূচনা সভা (Entry Meeting).....	39
৩.৫ তথ্য সনাক্তকরণ.....	39
৩.৬ বিশ্লেষণ এবং মূল্যায়ন.....	40
৩.৭ অভ্যন্তরীণ নিরীক্ষা এবং জালিয়াতি সনাক্তকরণ.....	42
৩.৮ তত্ত্বাবধান.....	44
৩.৯ কার্যপত্র (Working Papers).....	44
<b>অধ্যায় ৪ - রিপোর্টিং.....</b>	<b>45</b>
৪.১ নিরীক্ষা প্রতিবেদন (Audit Report).....	45
৪.২ নিরীক্ষা প্রতিবেদনের বিষয়বস্তু (Contents of Audit Report).....	45
৪.৩ নিরীক্ষা প্রতিবেদনের গুণগতমান (Quality of Audit Report).....	46
৪.৪ খসড়া নিরীক্ষা প্রতিবেদন (Drafting Audit Report).....	46
৪.৫ মতানৈক্য বৃদ্ধি (Escalation of Disagreement).....	47
৪.৬ সমাপনী সভা (Exit Meeting).....	47
৪.৭ প্রতিবেদন চূড়ান্তকরণ (Report Finalization).....	48
৪.৮ নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা এবং জারি করা (Review and Issue of Audit Report).....	48
<b>অধ্যায় ৫ - নিরীক্ষা প্রতিবেদনের অনুসরণ.....</b>	<b>49</b>
৫.১ পটভূমি (Background).....	49
৫.২ ফলো-আপ সিস্টেম (Follow-Up System).....	49
৫.৩ ফলো-আপের উদ্দেশ্য (Objectives of Follow-Up).....	49
৫.৪ অডিট ফলাফলের উপর মন্তব্য (Comments on the Audit Findings).....	49
৫.৫ মন্তব্য পর্যালোচনা (Review of the Comments).....	49
৫.৬ পর্যালোচনা সিদ্ধান্তের যোগাযোগ (Communication of the Review Decision).....	50
৫.৭ ফলো-আপের ডাটাবেস/রেকর্ড (Database/Records of Follow-Up).....	50
৫.৮ রেকর্ডকৃত সুপারিশ অনুসরণ (Follow-Up of Recorded Recommendations).....	50
৫.৯ রেকর্ডকৃত সুপারিশ নিষ্পত্তি (Disposal of Recorded Recommendations).....	51
৫.১০ ফলো-আপ অবস্থার প্রতিবেদন (Reports of Follow-Up Status).....	51
<b>অধ্যায় ৬ - নথিবদ্ধকরণ.....</b>	<b>52</b>
৬.১ পটভূমি.....	52
৬.২ নথিবদ্ধকরণ উদ্দেশ্য.....	52
৬.৩ গোপনীয়তা.....	52
৬.৪ নিরীক্ষা নথি এবং বিষয়বস্তু.....	52
৬.৫ সূচিকরণ এবং ক্রস রেফারেন্সিং.....	53
৬.৬ নথি সংরক্ষণ.....	53
<b>অধ্যায় ৭ - গুণমান নিশ্চিতকরণ এবং উন্নতিসাধন কর্মসূচি.....</b>	<b>55</b>
৭.১ পটভূমি.....	55
৭.২ গুণমান নিশ্চিতকরণ এবং উন্নতিসাধন কর্মসূচির উন্নয়ন এবং রক্ষণাবেক্ষণ.....	55
৭.৩ অভ্যন্তরীণ এবং বহিঃস্থ উভয় মূল্যায়ন.....	55
৭.৪ অভ্যন্তরীণ মূল্যায়ন.....	55
৭.৫ বহিঃস্থ মূল্যায়ন.....	56
৭.৬ গুণমান নিশ্চিতকরণ এবং উন্নতিসাধন কর্মসূচির উপর প্রতিবেদন.....	56
<b>ফর্মস.....</b>	<b>57</b>
ফর্ম ১: নিরীক্ষাযোগ্য অফিস/প্রকল্প.....	58
ফর্ম ২: উর্ধ্বতন কর্তৃপক্ষের মতামত অন্তর্ভুক্তকরণ.....	59
ফর্ম ৩: লাইন ম্যানেজমেন্ট থেকে প্রাপ্ত মতামত অন্তর্ভুক্তকরণ.....	59

ফর্ম ৪: কর্মকর্তা, সুবিধাভোগী এবং অন্যান্য অংশীজনের নিকট থেকে প্রাপ্ত মতামত অন্তর্ভুক্তকরণ.....	61
ফর্ম ৫: অভ্যন্তরীণ নিরীক্ষক কর্তৃক নিরীক্ষাযোগ্য সংশ্লিষ্ট ক্ষেত্র ব্যাপক ঝুঁকি (Broad Risk) পরিমাপ.....	62
ফর্ম ৬: নিরীক্ষা র‍্যাঙ্কিংসহ নিরীক্ষাযোগ্য এলাকার সমন্বিত তালিকা.....	63
ফর্ম ৭: ঝুঁকি পয়েন্টসহ নিরীক্ষাযোগ্য এলাকার সমন্বিত তালিকা.....	64
ফর্ম ৮: নিরীক্ষা ক্ষেত্রের ঝুঁকি পয়েন্ট ফ্যাক্টরিং.....	65
ফর্ম ৯: অভ্যন্তরীণ নিরীক্ষার জন্য সম্ভাব্য কর্মদিবস গণনা.....	67
ফর্ম ১০: নিরীক্ষাযোগ্য বিষয় ঝুঁকি ভিত্তিক র‍্যাঙ্কিং ও বরাদ্দকৃত কর্মদিবস.....	67
ফর্ম ১১: ঝুঁকি-ভিত্তিক বার্ষিক অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা.....	69
ফর্ম ১২: প্রতিষ্ঠান সম্পর্কিত ধারণা.....	73
ফর্ম ১৩: মূল প্রক্রিয়া (Key Process) বিশ্লেষণ.....	75
ফর্ম ১৪: অন্তর্নিহিত ঝুঁকির বিবরণ এবং র‍্যাঙ্কিং.....	76
ফর্ম ১৫: অবশিষ্ট (Residual) ঝুঁকি র‍্যাঙ্ক এবং নিরীক্ষা কর্মসূচী.....	77
ফর্ম ১৬: অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা.....	78
ফর্ম ১৭: সূচনা সভা.....	79
ফর্ম ১৮: নিরীক্ষা সম্পাদন - ওয়ার্কিং পেপার.....	81
ফর্ম ১৯: অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন.....	81
ফর্ম ২০: সমাপনী সভা.....	84
ফর্ম ২১: অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন ইস্যু করার জন্য মেমো.....	85
ফর্ম ২২: মাসের ফলো-আপ প্রতিবেদন.....	86
ফর্ম ২৩: স্থায়ী ফাইল.....	86
ফর্ম ২৪: বর্তমান ফাইল.....	88

<b>পরিশিষ্ট.....</b>	<b>91</b>
পরিশিষ্ট ১: অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিটের দায়িত্ব ও কর্তব্য.....	92
পরিশিষ্ট ২: MDA'র নিরীক্ষা কমিটির শর্তাবলী (ToR).....	95
পরিশিষ্ট ৩: অর্থ বিভাগের কেন্দ্রীয় নিরীক্ষা কমিটির শর্তাবলী (ToR).....	99
পরিশিষ্ট ৪: নৈতিক নিয়মাবলী.....	101
পরিশিষ্ট ৫: অভ্যন্তরীণ নিরীক্ষা প্রক্রিয়ার প্রবাহ চিত্র.....	102
পরিশিষ্ট ৬: অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের প্রশ্নাবলী.....	102
পরিশিষ্ট ৭ : Computer Assisted Audit Techniques (CAAT) এর মাধ্যমে নিরীক্ষা.....	105
পরিশিষ্ট ৮: নিরীক্ষা কর্মসূচী.....	107
পরিশিষ্ট ৯: শব্দকোষ.....	121
কৃতজ্ঞতা জ্ঞাপন.....	124



## অংশ ১ - নির্দেশিকা

## ১. ভূমিকা (Introduction)

সরকার আর্থিক ব্যবস্থাপনায় শৃংখলা প্রতিষ্ঠায় বিভিন্ন সংস্কার কর্মসূচী গ্রহণ করেছে। বিশ্বের অধিকাংশ দেশ বা রাষ্ট্রে মন্ত্রণালয়, বিভাগ এবং সংস্থার (MDA) সরকারি কার্যক্রমের দক্ষতা এবং সরকার পরিচালনায় অর্থনৈতিক সাশ্রয়ের জন্য অভ্যন্তরীণ নিরীক্ষা ক্রমবর্ধমানভাবে গ্রহণযোগ্যতা অর্জন করেছে। MDA এর সংখ্যা এবং কাজের ক্ষেত্র বিবেচনায় বাংলাদেশ সরকারের অভ্যন্তরীণ নিরীক্ষা পরিষেবা বেশ সীমিত, অনেকাংশে নেই বললেই চলে। সরকারি কার্যক্রমের কার্যকারিতা, দক্ষতা এবং আর্থিক ব্যবস্থাপনায় উন্নয়নের উপায় হিসেবে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ কাঠামোর উৎকর্ষের লক্ষ্যে সরকার পর্যায়ক্রমে সকল MDA-তে একটি অপরিহার্য উপাদান হিসেবে 'অভ্যন্তরীণ নিরীক্ষা' চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

## ২. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ এবং অভ্যন্তরীণ নিরীক্ষার আইনি ভিত্তি (Legal basis of Internal Control and Internal Audit)

বেসরকারী খাতের সাথে সাদৃশ্য রেখে বিশ্বব্যাপী অনেক সরকার MDA এর প্রধানদের জন্য পরিষেবা হিসেবে 'অভ্যন্তরীণ নিরীক্ষা' চালু করতে সচেষ্ট, যাতে পরিচালনার উন্নয়ন করা যায়, সম্পদ রক্ষা করা যায়, নিয়ম ও প্রবিধানের বাস্তবায়ন নিশ্চিত করা যায় এবং সংস্থা ও কর্মকর্তাদের জবাবদিহিতা বাড়ানো যায়। সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ এর সেকশন ১৯ এ প্রধান হিসাবদানকারী অফিসারের দায়িত্ব ও কর্তব্য হিসেবে অভ্যন্তরীণ নিরীক্ষা বিষয়ে নিম্নরূপ বিধান রয়েছে:

- সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ অথবা অন্যান্য প্রতিষ্ঠানে দক্ষ ও স্বচ্ছ আর্থিক ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিতকরণ;
- সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ অথবা অন্যান্য প্রতিষ্ঠানে সম্পদের কার্যকর ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ;
- সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ অথবা অন্যান্য প্রতিষ্ঠান এবং অধীনস্থ দপ্তর ও সরকারি প্রতিষ্ঠানসমূহের সকল আর্থিক ব্যয় নির্বাহের ক্ষেত্রে ইহার যথাযথতা এবং সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান প্রতিপালন করা হইয়াছে কিনা উহা নিশ্চিতকরণ;
- সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ অথবা অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক আহরণযোগ্য সকল রাজস্ব সংগ্রহের এবং অপচয়মূলক ব্যয় প্রতিরোধের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ।

এক্ষেত্রে MDA-তে উপযুক্ত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং প্রক্রিয়া বিদ্যমান রাখা, সংসদের অনুমোদন অনুযায়ী ব্যয়, সরকারি সম্পদের সুরক্ষা এবং নির্ভরযোগ্য আর্থিক প্রতিবেদনের মাধ্যমে সরকারি জবাবদিহিতা নিশ্চিতকরণে প্রধান হিসাবদানকারী কর্মকর্তাগণের অনেক (PAO) দায়িত্ব রয়েছে।

জুলাই ২০০৫ সালে অর্থ বিভাগ একটি 'অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ম্যানুয়াল' জারি করে। এটি সকল সরকারি সংস্থার জন্য প্রযোজ্য এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা বাস্তবায়নের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ হল একটি সামগ্রিক ব্যবস্থার (প্রশাসনিক ও আর্থিক) যুক্তিসঙ্গত আশ্বাস, যাতে আইন ও প্রবিধানগুলির সাথে সঙ্গতি রেখে কার্যকর জনসেবা, নির্ভরযোগ্য আর্থিক তথ্য এবং প্রতিবেদন প্রণয়ন নিশ্চিত করে।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ কার্যক্রম মূল্যায়নের মাধ্যমে দুর্বলতা চিহ্নিত করে সংশোধনমূলক সুপারিশ করার জন্য পর্যায়ক্রমে অভ্যন্তরীণ নিরীক্ষা দায়িত্ব পালন করে। অর্থ বিভাগের মেমো নং MF/FD/B-১/বাজেট(০৪)/২০০৫/১৮০৩ তারিখ ২২/০৮/০৫ নির্দেশের মাধ্যমে অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিষ্ঠার বিষয়টি অবহিত করা হয়েছে।

## ৩. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের ব্যাখ্যা (Internal control explained)

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের ধারণাটি দীর্ঘদিন ধরে বিভিন্ন সংস্থাগুলিতে ব্যবহৃত হয়ে আসছে। ব্যবসায়িক উদ্যোগগুলির দুর্বল আর্থিক নিয়ন্ত্রণ এবং আর্থিক প্রতিবেদনের প্রেক্ষাপটে বিশ্বজুড়ে সংস্থাগুলির অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠায় ১৯৮০-এর দশকের মাঝামাঝি 'মার্কিন ট্রেডওয়ে কমিশন' কাজ শুরু করে। 'দ্য ট্রেডওয়ে কমিশন' ছিল একটি বেসরকারি খাতের উদ্যোগ। এটি মার্কিন ব্যবসায়িক এবং পেশাদার সংস্থাগুলির পৃষ্ঠপোষক সংস্থাগুলির একটি কমিটি দ্বারা সমর্থিত যা COSO (Committee of Sponsoring Organizations) কাঠামো নামে পরিচিত।

"অভ্যন্তরীণ নিয়ন্ত্রণকে বিস্তৃতভাবে একটি প্রক্রিয়া হিসেবে সংজ্ঞায়িত করা হয়, যা একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপকগণ এবং কর্মীদের প্রভাবকে মূল্যায়ন করে লক্ষ্য অর্জনে যুক্তিসঙ্গত আশ্বাস প্রদান করে। একে নিম্নলিখিত শ্রেণীতে বিভক্ত করা হয়:

- অপারেশনের কার্যকারিতা এবং দক্ষতা;
- আর্থিক প্রতিবেদনের নির্ভরযোগ্যতা;
- প্রযোজ্য আইন ও প্রবিধানের প্রতিপালন।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ MDA's বা এর যেকোনো ইউনিট বা কার্যকলাপের সাথে প্রাসঙ্গিক।"

COSO মূলত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণকে নিম্নরূপভাবে সংজ্ঞায়িত করেছে:


**International Organization of Supreme Audit Institutions (INTOSAI)** হল সর্বোচ্চ আন্তর্জাতিক নিরীক্ষা সংস্থা। বাংলাদেশ কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের অফিস (OCAG) এর একটি সদস্য।

INTOSAI পাবলিক সেক্টরকে প্রকৃষ্টভাবে প্রকৃষ্টভাবে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণকে নিম্নরূপ ভাবে সংজ্ঞায়িত করে:

"অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ একটি অবচ্ছিন্ন প্রক্রিয়া যা একটি প্রতিষ্ঠানের শীর্ষ ব্যবস্থাপনা এবং কর্মচারীদের দ্বারা পরিচালিত হয়ে ঝুঁকি মনোকাবলো এবং প্রতিষ্ঠানের মিশন অনুসরণে নিম্নলিখিত সাধারণ উদ্দেশ্যগুলি বাস্তবায়নে যুক্তিসঙ্গত আশ্বাস দেওয়ার জন্য কাজ করে:

- জবাবদিহিতার বাধ্যবাধকতা পূরণ করা; (দায়িত্ব)
- প্রযোজ্য আইন ও প্রবিধান মেনে চলা; (সম্মতি)
- সুশৃঙ্খল, নৈতিক, অর্থনৈতিক, দক্ষ এবং কার্যকর অপারেশন সম্পাদন করা; (অপারেশন)।"

নিম্নলিখিত চিত্রটি অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের উপাদান, এর উদ্দেশ্য এবং সরকারি প্রতিষ্ঠানে প্রযোজ্যতা উপস্থাপন করে:



সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ এর সেকশন ১৯ এ উল্লেখিত MDA প্রধানদের উপর আরোপিত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের বিষয়টি ব্যাপকভাবে INTOSAI সংজ্ঞার সাথে সামঞ্জস্যপূর্ণ।

### ৪. অভ্যন্তরীণ নিরীক্ষার সংজ্ঞা (Definition of Internal Audit)

বিশ্বব্যাপী 'অভ্যন্তরীণ নিরীক্ষকদের ইনস্টিটিউট (IIA)' অভ্যন্তরীণ নিরীক্ষাকে সংজ্ঞায়িত করেছে যে 'অভ্যন্তরীণ নিরীক্ষা একটি স্বাধীন, কার্যনিষ্ঠ এবং পরামর্শমূলক নিশ্চয়তা যা একটি প্রতিষ্ঠানের কার্যক্রমে মূল্য যোগ এবং উন্নত করার জন্য প্রণীত। এটি একটি প্রতিষ্ঠানকে মূল্যায়নের জন্য একটি পদ্ধতিগত ও সুশৃঙ্খল দৃষ্টিভঙ্গি এনে প্রতিষ্ঠানের উদ্দেশ্য পূরণে সহায়তা করে এবং ঝুঁকি ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ এবং সুশাসনের প্রক্রিয়ার কার্যকারিতা উন্নত করে।'

অভ্যন্তরীণ নিরীক্ষা' মন্ত্রণালয়ের সম্পদের যথাযথ ব্যবস্থাপনা ও সুরক্ষার জন্য ব্যবহৃত প্রশাসনিক এবং আর্থিক নিয়ন্ত্রণ ব্যবস্থা পরীক্ষা করে। এটি নিয়ম ও প্রবিধানগুলির বাস্তবায়ন নিশ্চিত করে। PMBM-২০০৯ আইনের ধারা ১৯ অনুসারে PAO-এর উপরোক্ত দায়িত্ব বিধৃত রয়েছে। 'অভ্যন্তরীণ নিরীক্ষা' প্রতিষ্ঠানের কার্যক্রম পর্যালোচনা পূর্বক তথ্য বিশ্লেষণ, মূল্যায়ন এবং সুপারিশ প্রদান করে - যার মধ্যে যুক্তিসঙ্গত খরচ, কার্যকর আর্থিক ও কর্মক্ষম নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা রয়েছে।

### ৫. ঝুঁকি-ভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষার সংজ্ঞা

ঝুঁকি-ভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষা' হল অভ্যন্তরীণ পদ্ধতি যা প্রাথমিকভাবে প্রতিষ্ঠানের অন্তর্নিহিত ঝুঁকির উপর দৃষ্টি দেয় এবং এর দ্বারা প্রতিষ্ঠানের 'অনুমোদিত ব্যবস্থাপনা' ঝুঁকি সীমার মধ্যে পরিচালিত হচ্ছে কিনা, তার নিশ্চয়তা উত্থাপন করে। একটি ঝুঁকি-ভিত্তিক অভ্যন্তরীণ নিরীক্ষার পরিধির মধ্যে বিধান ও প্রবিধানগুলির বাস্তবায়ন নিশ্চিত করার জন্য পদ্ধতিগুলো পর্যালোচনা অন্তর্ভুক্ত থাকে। সম্ভাব্য অন্তর্নিহিত ঝুঁকি (যদি থাকে) চিহ্নিত করে এবং একে নিয়ন্ত্রণ করাও এর পরিধির মধ্যে রয়েছে। তৎপ্রেক্ষিতে, নিয়ন্ত্রণ ব্যর্থতার মূল কারণ মোকাবেলা করার জন্য বিভিন্ন সংশোধনমূলক ব্যবস্থার পরামর্শ এবং পদক্ষেপ নিরীক্ষণের জন্য ফলো-আপ করাও এর অন্তর্ভুক্ত। নিরীক্ষককে প্রতিষ্ঠানের কার্যক্রমে মূল্য সংযোজন এবং উন্নয়নকল্পে প্রতিষ্ঠানের কাজের উদ্দেশ্যসমূহ অর্জনের জন্য হুমকি বা সুযোগের ঝুঁকিগুলো বুঝতে পারা গুরুত্বপূর্ণ। উল্লেখযোগ্য ঝুঁকিগুলো কোথায় রয়েছে জানা থাকলে, সর্বাধিক মূল্য সংযোজন করার জন্য অভ্যন্তরীণ নিরীক্ষকের পক্ষে তার নিরীক্ষা প্রচেষ্টাকে সেই ক্ষেত্রগুলিতে ফোকাস করা সহজ হয়।

### ৬. অভ্যন্তরীণ নিরীক্ষার প্রতিষ্ঠান এবং জনবল (Organization and Staffing of Internal Audit)

অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম প্রতিষ্ঠার প্রথম ধাপ হল পরিশিষ্ট-৩ এ বর্ণিত হাইব্রিড মডেল অনুযায়ী একটি 'অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিট (IAU)' প্রতিষ্ঠা করা। প্রতি ইউনিটে একজন অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান (Head of Internal Audit) থাকবে, যিনি PAO-কে রিপোর্ট প্রদান করবেন। প্রতিষ্ঠানের প্রয়োজনীয়তা, বিশেষ জটিলতা এবং এর কার্যক্রমের ভৌগোলিক বিস্তার বিবেচনায় নিয়ে সাংগঠনিক কাঠামো PAO কর্তৃক নির্ধারিত হবে।

IAU প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষার সামগ্রিক পরিকল্পনা, প্রোগ্রামিং এবং বাস্তবায়নের জন্য সম্পূর্ণরূপে দায়বদ্ধ, কিন্তু তিনি অপারেশনাল ব্যবস্থাপনার অংশ নয়। তিনি অভ্যন্তরীণ নিরীক্ষার কৌশলগত পরিকল্পনার অংশ হিসেবে একটি উপযুক্ত ও পর্যাপ্ত জনবল কৌশল প্রণয়ন এবং বাস্তবায়ন করবেন।

### ৬.১ অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধানের দায়িত্ব (Responsibilities of Head of Internal Audit)

অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিষ্ঠানের সবচেয়ে উর্ধ্বতন পদ এবং তিনি এর কার্যক্রমের সাফল্যের জন্য গুরুত্বপূর্ণ। তিনি প্রশাসনিক কৌশলগত নেতৃত্ব প্রদান করবেন; অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম দক্ষতার সাথে এবং কার্যকরভাবে সম্পন্ন হওয়া নিশ্চিত করবেন। অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান সাধারণত নিম্নলিখিত কাজের জন্য দায়বদ্ধ:

- ক. দক্ষ এবং কার্যকরভাবে অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম পরিচালনা;
- খ. উপযুক্ত নীতি ও পদ্ধতি প্রণয়ন করে নিরীক্ষা পরিকল্পনা বাস্তবায়ন;
- গ. উদ্দেশ্য, অগ্রাধিকার এবং প্রস্তাবিত অভ্যন্তরীণ নিরীক্ষার রূপরেখা সম্বলিত অভ্যন্তরীণ নিরীক্ষার কৌশলগত কর্মবন্টন পরিকল্পনা এবং বার্ষিক কাজের পরিকল্পনা প্রণয়ন;
- ঘ. অভ্যন্তরীণ নিরীক্ষার উদ্দেশ্য অর্জনের জন্য ব্যবস্থাপনা কৌশল প্রণয়ন;
- ঙ. প্রতিষ্ঠান প্রধান, উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং OCAg সহ গুরুত্বপূর্ণ অংশীজনের সাথে সু-সম্পর্ক গড়ে তোলা;
- চ. উর্ধ্বতন ব্যবস্থাপনাকে কার্যকর এবং সময়োপযোগী পরামর্শ প্রদান;

- ছ. অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা প্রণয়নে অন্যান্য অভ্যন্তরীণ এবং বাহ্যিক নিশ্চয়তা প্রদানকারী উপদেষ্টাগণের সাথে যোগাযোগ রক্ষা করা;
- জ. অভ্যন্তরীণ নিরীক্ষার জনবল ও সম্পদ কার্যকরভাবে প্রতিষ্ঠা নিশ্চিত করার জন্য জনবল পদায়ন এবং বাজেট প্রণয়ন করবে;
- ঝ. সময়মত অভ্যন্তরীণ নিরীক্ষা কার্য সমাপ্তি এবং সমযোচিত উচ্চ-মানের নিরীক্ষা প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করা;
- ঞ. অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা এবং ব্যবস্থাপনা কৌশল বাস্তবায়ন পর্যবেক্ষণ করা;
- ট. পূর্বে সম্মত হয়েছে এমন অভ্যন্তরীণ বা OCAG কর্তৃক সুপারিশগুলির বর্তমান অবস্থা পর্যবেক্ষণ এবং প্রতিবেদন পেশ করার উপযুক্ত প্রক্রিয়া বজায় রাখা;
- ঠ. অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যাবলীর সামগ্রিক কর্মক্ষমতা পর্যালোচনা ও ব্যবস্থাপ্রহণ;
- ড. উপযুক্ত অভিজ্ঞতা এবং দক্ষতার সাথে কর্মীদের পরিচালনা করা;
- ঢ. প্রতিষ্ঠানের ঝুঁকি সম্পর্কে অভ্যন্তরীণ নিরীক্ষা কর্মীদের জ্ঞান বৃদ্ধি এবং তাদের পেশাদার দক্ষতা বজায় রাখার জন্য প্রশিক্ষণের সুযোগ প্রদান; এবং
- ন. প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিরীক্ষা ব্যবস্থা (co-sourced) বা আউটসোর্স করা হয়েছে এমন বাহ্যিক সরবরাহকারীদের তদারকি করা।

৬.২

### নিরীক্ষা কমিটি কর্তৃক অভ্যন্তরীণ নিরীক্ষা তত্ত্বাবধানের জন্য MDA প্রধানকে সহায়তা

অডিট কমিটি দ্বারা PAO এর পক্ষে অভ্যন্তরীণ নিরীক্ষাকে তদারকি একটি সাধারণ প্রক্রিয়া। প্রতিটি MDA তে একটি স্বাধীন ও তদারকি অডিট কমিটি গঠন করা হবে। প্রতিটি কমিটিতে পাঁচ (৫) জন সদস্য থাকবেন, যারা সকলেই MDA এর বাহিরে থেকে নিয়োজিত। কমিটির ভূমিকা হল নিয়ন্ত্রণ, প্রশাসন এবং ঝুঁকি ব্যবস্থাপনার বিষয়ে PAO-কে আশ্বাস এবং সহায়তা প্রদান করা। IAU প্রধান PAO এর কাছে প্রতিবেদন দাখিল করবেন এবং PAO উক্ত প্রতিবেদন কমিটির কাছে প্রেরণ করবেন। কমিটি প্রতিবেদনসমূহ পর্যালোচনা করে PAO এর কাছে দ্রুত এবং গঠনমূলকভাবে পরামর্শসহ প্রতিবেদন জমা দিবেন। নিরীক্ষা কমিটির গঠন ও পরিচালনার বিস্তারিত তথ্য **পরিশিষ্ট-২** এ বর্ণিত রয়েছে।

৬.৩

### অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা উইং এর অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিট

একটি পেশাদার কার্যক্রম হিসেবে অভ্যন্তরীণ নিরীক্ষা বাংলাদেশের সরকারি খাতে একেবারেই প্রাথমিক পর্যায়ে রয়েছে। অভ্যন্তরীণ নিরীক্ষার সুবিধাগুলি উপলব্ধি লক্ষ্যে MDA-তে অভ্যন্তরীণ নিরীক্ষা বাস্তবায়নের জন্য একটি কেন্দ্রীয় প্রচেষ্টা যা প্রয়োজনীয় নেতৃত্ব দিতে পারে। অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিট (IAU) এর কৌশলগত দায়িত্ব অর্থ বিভাগের সচিব দ্বারা নির্ধারিত হবে এবং নিম্নলিখিত কাজগুলি অন্তর্ভুক্ত থাকবে:

- আন্তর্জাতিকভাবে স্বীকৃত মান এবং সর্বোত্তম অনুশীলনের ভিত্তিতে অভ্যন্তরীণ নিরীক্ষা পদ্ধতির উন্নয়ন এবং প্রসার ঘটানো;
- অভ্যন্তরীণ নিরীক্ষার উন্নয়ন, কার্যকারিতা এবং পেশাদারিত্বের বিষয়ে MDA-এ সচিবকে আশ্বাস প্রদান করা।

এই দায়িত্বসমূহ পালন করার জন্য ইউনিটের নিম্নলিখিত কাজগুলি অন্তর্ভুক্ত থাকবে:

- ক. সরকারি পর্যায়ে অভ্যন্তরীণ নিরীক্ষকদের প্রশিক্ষণের সমন্বয় করা;
- খ. আন্তর্জাতিক মান এবং নৈতিকতার কোড প্রয়োগের বিষয়ে পরামর্শ প্রদান;
- গ. অভ্যন্তরীণ নিরীক্ষার স্বাধীনতা বিষয়ক সকল প্রকারের পরামর্শ প্রদান;
- ঘ. অভ্যন্তরীণ নিরীক্ষক নির্বাচনের বিষয়ে MDA-দের পরামর্শ প্রদান;
- ঙ. কম্পট্রোলার গ্র্যান্ড অডিটর জেনারেল অফিস (OCAG)-এর সাথে সমন্বয় সাধন;
- চ. বাংলাদেশের প্রয়োজনীয়তা অনুসারে একটি নিরীক্ষা ম্যানুয়াল এবং সনদ প্রণয়নে সকল অংশীজনের সাথে কাজ করা;
- ছ. ঝুঁকি মূল্যায়ন কৌশল প্রয়োগের জন্য একটি ফোরাম গঠন;
- জ. অভ্যন্তরীণ নিরীক্ষায় উন্নয়নের ধারা এবং নতুন সুপারিশ সমন্বিত রাখা;
- ঝ. নিরীক্ষা কমিটির সাথে সম্পর্ক গড়ে তোলা;
- ঞ. পেশাজীবী দ্বারা এবং পাবলিক সেক্টরে অন্যান্য ব্যবস্থাপকদের দ্বারা চিহ্নিত সর্বোত্তম/উন্নত অনুশীলনগুলি বিস্তার ঘটানো এবং ধারাবাহিকতা বজায় রাখা। কর্মক্ষমতা উন্নয়নে গতিসঞ্চার করতে প্রতিষ্ঠানকে অন্যান্য প্রতিষ্ঠানে চিহ্নিত আরও ভাল অনুশীলনগুলি পর্যালোচনা করে বাস্তবায়ন করা।

IAU-এরও একটি পর্যবেক্ষণ ভূমিকা থাকা উচিত। কেন্দ্রীয় নিরীক্ষা কমিটির সহায়তায় সকল সরকারি MDA-এর অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধানদের জন্য নিয়মিত বৈঠকের ব্যবস্থা করতে হবে।

কেন্দ্রীয় অডিট কমিটির বিশদ বিবরণ এই ম্যানুয়ালটির **পরিশিষ্ট-১** বর্ণিত হয়েছে।

## ৭. অন্যান্য সংস্থার সাথে অভ্যন্তরীণ নিরীক্ষার সম্পর্ক (Internal Audit relationships with other bodies)

### ৭.১ অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা উইং

অর্থ বিভাগ সরকারের অভ্যন্তরীণ নিরীক্ষার পেশাদার অনুশীলনের নীতি এবং মানদণ্ডগুলির জন্য দায়িত্বপ্রাপ্ত। এর কার্যক্রমের অন্তর্ভুক্ত রয়েছে:

- ক. মডেল অভ্যন্তরীণ নিরীক্ষা চার্টার এবং এই ম্যানুয়ালটির রক্ষণাবেক্ষণ ও হালনাগাদসহ অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম সম্পর্কিত নীতি ও সুপারিশগুলির মান স্থাপন করা এবং প্রণয়ন করা;
- খ. প্রাসঙ্গিক আইন এবং সরকারি নীতি বিবেচনায় নিয়ে কর্মীদের নীতিসমূহ (যেমন - গ্রেডিং, কাজের বিবরণ ইত্যাদি) সমন্বয় করা; এবং
- গ. অন্যান্য পর্যালোচনা সংস্থার সাথে সমন্বয় করে অভ্যন্তরীণ নিরীক্ষা সেবাগুলির কর্মক্ষমতা পর্যবেক্ষণ করা।

অভ্যন্তরীণ নিরীক্ষার গুণমান নিশ্চিত করার লক্ষ্যে অর্থ বিভাগ সময়ে সময়ে নির্দিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম পর্যালোচনা করতে পারে।

### ৭.২ কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের অফিস

কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের অফিস (OCAG)-এর উদ্দেশ্যসমূহ অভ্যন্তরীণ নিরীক্ষা থেকে আলাদা কারণ OCAG কে সংসদে প্রতিবেদন পেশ করতে হয়। OCAG কর্তৃক জারি করা নিরীক্ষা মতামত সংসদকে এই মর্মে যুক্তিসঙ্গত আশ্বাস দেয় যে, সরকারি ব্যবস্থা এবং প্রক্রিয়াগুলি যথাযথ এবং প্রদত্ত উদ্দেশ্য অনুসারে কাজ করছে, এবং সংসদ কর্তৃক বরাদ্দকৃত তহবিল অনুমোদিত উদ্দেশ্যে ব্যয় করা হয়েছে।

অভ্যন্তরীণ নিরীক্ষা এবং OCAG পরিকল্পনার তথ্য বিনিময় করতে পারে এবং OCAG যৌক্তিক বিবেচনা করলে নিরীক্ষা কার্যক্রম সমন্বয় করতে পারে। MDA ব্যবস্থাপনা কর্তৃক অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন চূড়ান্ত করার পরে অনুলিপি OCAG-এর নিকট প্রেরণ করতে পারে।

OCAG অভ্যন্তরীণ নিরীক্ষার কার্যক্রম সময়ে সময়ে পর্যালোচনা করতে পারে। ফলে অভ্যন্তরীণ নিরীক্ষার কাজের মূল্যায়নের সাথে জড়িত থেকে কতটা নির্ভরযোগ্য তা নির্ধারণ করতে পারে।

IAU এবং OCAG এর মধ্যে একটি পেশাদার কাজের সম্পর্ক স্থাপন হলে উভয়ের জন্যই ভালো। অভ্যন্তরীণ নিরীক্ষার কৌশলগত পরিকল্পনা এবং বার্ষিক নিরীক্ষা পরিকল্পনা উন্নয়নে OCAG থেকে ইনপুট চাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটিও গুরুত্বপূর্ণ যে বার্ষিক পরিকল্পনা পর্বের সময় অভ্যন্তরীণ নিরীক্ষা OCAG-এর সাথে পরামর্শ করে প্রতিষ্ঠানের নিরীক্ষা ক্ষেত্রের মূল ঝুঁকি এবং জটিল প্রক্রিয়াগুলিকে বিবেচনা করে প্রস্তাবিত নিরীক্ষার আওতায় কাজের চাপ কমাবে। এইভাবে OCAG-এর সাথে সমন্বয়ের মাধ্যমে, সামগ্রিক নিরীক্ষার আওতায় সম্ভাব্য দ্বিধিক্রম এবং ফাঁকগুলি চিহ্নিত করে সমাধান করা যাবে। OCAG কাজ করার ক্ষেত্রে অভ্যন্তরীণ নিরীক্ষার প্রতিবেদন পর্যালোচনান্তে নিজের কাজ কমাতে পারবে।

অভ্যন্তরীণ নিরীক্ষা এবং OCAG-এর মধ্যে সহযোগিতা নিম্নলিখিত সমস্যাগুলির সমাধান করবে:

- I. নিরীক্ষার আওতা পর্যািপ্তভাবে নিশ্চিত হবে;
- II. সংশ্লিষ্ট নিরীক্ষা পরিকল্পনা এবং প্রোগ্রামের তথ্য;
- III. পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনার জন্য পর্যায়ক্রমিক বৈঠক;
- IV. OCAG-এর কাছে IA নিরীক্ষা প্রতিবেদন প্রেরণ;
- V. আইটি ব্যবহারসহ নিরীক্ষা কৌশল এবং পদ্ধতিতে সাধারণ বোঝাপড়া এবং ভাগাভাগি/বিনিময় নিশ্চিত করতে একটি প্রাতিষ্ঠানিক প্রক্রিয়া তৈরি করা; এবং
- VI. OCAG দ্বারা অভ্যন্তরীণ নিরীক্ষকদের কর্মক্ষমতা পর্যালোচনা।

## ৮. অভ্যন্তরীণ নিরীক্ষার দক্ষতা পরিমাপ (Measuring Performance of Internal Audit)

PAO এবং নিরীক্ষা কমিটি IAU এর দক্ষতা পর্যবেক্ষণের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে। এতে অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধানের একটি পর্যালোচনামূলক প্রতিবেদন অন্তর্ভুক্ত থাকতে পারে যেখানে বার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত নিরীক্ষা সমাপ্তি, কর্মীসংস্থান, গুণমান নিশ্চিতকরণ ব্যবস্থার কার্যকারিতা, কর্মদক্ষতা, এবং কর্মীদের উন্নয়ন, এবং অভ্যন্তরীণ নিরীক্ষার মূল কর্মদক্ষতা সূচকের (KPIs) উপর মন্তব্য অন্তর্ভুক্ত থাকবে।

কর্মদক্ষতা পরিমাপ করতে ব্যবহৃত KPI গুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ সেই বৈশিষ্ট্যগুলি দক্ষতার গুণগত মান সর্বোচ্চ প্রাধান্য দিয়ে পরিমাপ করে। অভ্যন্তরীণ নিরীক্ষার জন্য KPI গুলি অভ্যন্তরীণ নিরীক্ষার কৌশলগত কর্ম-পরিকল্পনা এবং বার্ষিক নিরীক্ষা পরিকল্পনার (ফর্ম-১১ অনুসরণে) সাথে সামঞ্জস্য বজায় রেখে অভ্যন্তরীণ নিরীক্ষা থেকে প্রত্যাশিত ফলাফল প্রাপ্তিতে সহায়তা করে।

এটিও গুরুত্বপূর্ণ যে, প্রবণতা (trend) সনাক্ত করার জন্য সময়ের সাথে কর্মদক্ষতা পরিমাপ করা হয়। এটা গুণগত এবং পরিমাণগত উভয় লক্ষ্যমাত্রার জন্য পরিমাপ করা হয়। এই ধরনের লক্ষ্যগুলি চ্যালেঞ্জিং কিন্তু বাস্তবসম্মত হয়। সবচেয়ে উপযুক্ত KPIগুলি অভ্যন্তরীণ নিরীক্ষার কৌশলগত পরিকল্পনার উপর নির্ভর করে একটি প্রতিষ্ঠান থেকে অপর প্রতিষ্ঠানের ক্ষেত্রে ভিন্ন হয়। KPI সাধারণত সংখ্যায় হবে কিন্তু ন্যূনতম হিসাবে নিরীক্ষা কাজ এবং অভ্যন্তরীণ নিরীক্ষার অন্য পরিষেবার সমন্বয়যোগ্যতা, খরচ এবং গুণমান পরিমাপ করবে। KPI পরিমাপে নিম্নোক্ত অধিকতর উত্তম অনুশীলনসমূহ অন্তর্ভুক্ত থাকে:

- I. অভ্যন্তরীণ নিরীক্ষার বার্ষিক পরিকল্পনা প্রণয়ন;
- II. নিরীক্ষার খরচ ও সমন্বয়যোগ্যতা;
- III. অংশীজনদের সন্তুষ্টিসহ নিরীক্ষা ও নিরীক্ষা সহায়তা কার্যক্রমের গুণগতমান;
- IV. অভ্যন্তরীণ নিরীক্ষা কর্মীদের সন্তুষ্টি; এবং
- V. প্রতিষ্ঠানের উদ্দেশ্য অর্জনে অভ্যন্তরীণ নিরীক্ষার সামগ্রিক অবদান।


অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনের ব্যয় এবং সমন্বয়যোগ্যতা পরিমাপ করা তুলনামূলকভাবে সহজ। কিন্তু বস্তুনিষ্ঠভাবে অভ্যন্তরীণ নিরীক্ষা পরিষেবার মান বা MDA-তে অভ্যন্তরীণ নিরীক্ষার অবদান পরিমাপ করা বেশ কঠিন। তাই, প্রত্যেক প্রতিবেদন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম দ্বারা কি উন্নয়ন ঘটেছে তার কার্যকারিতা পরিমাপে মূল অংশীজনদের মতামত নিতে হবে এবং প্রতি পাঁচ বছরান্তে অভ্যন্তরীণ নিরীক্ষায় অভিজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠান দ্বারা মূল্যায়নের ব্যবস্থা করতে হবে।

## ৯. অভ্যন্তরীণ নিরীক্ষার সক্ষমতা বৃদ্ধির কৌশলগত পরিকল্পনা (Strategic Plan for Internal Audit Capacity Building)

অভ্যন্তরীণ নিরীক্ষা-সক্ষমতা মডেল (IA-CM) একটি কাঠামো যা সরকারি প্রতিষ্ঠানে কার্যকর অভ্যন্তরীণ নিরীক্ষার জন্য প্রয়োজনীয় মৌলিক বিষয়গুলি চিহ্নিত করে এবং অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যকলাপ পাঁচটি স্তর নিয়ে গঠিত, যেখানে নিম্নলিখিত উপাদানগুলি বিবেচনা করা হয়:

- I. অভ্যন্তরীণ নিরীক্ষণের পরিষেবা এবং ভূমিকা;
- II. জনবল ব্যবস্থাপনা;
- III. পেশাগত অনুশীলন;
- IV. কার্যসম্পাদন ব্যবস্থাপনা ও জবাবদিহিতা;
- V. সাংগঠনিক সম্পর্ক এবং সংস্কৃতি;
- VI. পরিচালন কাঠামো;
- VII. তথ্য প্রযুক্তির ব্যবহার ও সমন্বয়।

## সরকারি খাতে অভ্যন্তরীণ নিরীক্ষার সক্ষমতা মডেল (IA-CM) অনুযায়ী বাংলাদেশের অবস্থা



**৩.৬.৩ নিরীক্ষা প্রমাণ:** নিরীক্ষা প্রতিবেদন সমর্থন করার জন্য উপাত্ত সংগ্রহের পাশাপাশি, নিরীক্ষা দলকে অবশ্যই যাচাই করতে হবে যে অনুমোদিত পরিকল্পনা এবং কর্মসূচি অনুযায়ী নিরীক্ষা সম্পাদন করা হয়েছিল। নিরীক্ষা প্রতিবেদন এবং সুপারিশগুলিকে সমর্থন করে এমন প্রমাণ সংগ্রহ, নিরূপণ, বিশ্লেষণ এবং মূল্যায়নে নিরীক্ষকদের মনোযোগ দিতে হবে। ফলে তথ্য সংগ্রহ, বিশ্লেষণ এবং মূল্যায়ন সিদ্ধান্তে পৌঁছানোর জন্য গুরুত্বপূর্ণ। বাস্তব প্রমাণ, নথিভুক্ত প্রমাণ, স্বাক্ষরপ্রমাণ এবং বিশ্লেষণাত্মক প্রমাণ হল বিভিন্ন ধরনের নিরীক্ষা প্রমাণ।

- I. **বাস্তব প্রমাণ:** বাস্তব প্রমাণ ব্যক্তি, বস্তু বা কার্যকলাপের সরাসরি পরীক্ষা বা পর্যবেক্ষণ দ্বারা সংগ্রহ করা হয়। পরিদর্শনের মাধ্যমে বাস্তব সম্পদের অস্তিত্ব সম্পর্কে নিরীক্ষা প্রমাণ করা হয়। পর্যবেক্ষণ করার সময় অন্যদের দ্বারা পরিচালিত একটি প্রক্রিয়া বা পদ্ধতির দিকে তাকানো, যেমন - পর্যবেক্ষণ বলতে বাস্তবভাবে ইনভেন্টরি গণনা বোঝায়।
- II. **দালিলিক প্রমাণ:** দালিলিক প্রমাণে কিছু তথ্য স্থায়ী আকারে বিদ্যমান থাকে, যেমন - চিঠি, চুক্তি, অ্যাকাউন্টিং রেকর্ড, চালান এবং কার্যসম্পাদন সংক্রান্ত ব্যবস্থাপনা তথ্য।
- III. **প্রত্যয়নমূলক প্রমাণ:** প্রশ্নাবলী, সাক্ষাৎকার বা অনুসন্ধানগুলি স্বাক্ষরপ্রমাণ প্রত্যয়নমূলক প্রমাণ সংগ্রহ করতে ব্যবহৃত হয়। তথ্যের জন্য দাপ্তরিক কার্যক্রমের ভিতরে বা বাইরের জ্ঞানী ব্যক্তিদের জিজ্ঞাসা করা হল অনুসন্ধান। অনুসন্ধানের প্রতিক্রিয়াগুলি নিরীক্ষকদের জ্ঞান দিতে পারে যা তাদের আগে ছিল না বা নিরীক্ষা প্রমাণ সমর্থন করে। যেহেতু স্বাক্ষরপ্রমাণ প্রত্যয়নমূলক প্রমাণ সবসময় চূড়ান্ত হয় না, তাই যদি সম্ভব হয়, অন্য ধরনের তথ্য দ্বারা এটি সমর্থন করা উচিত।
- IV. **বিশ্লেষণাত্মক প্রমাণ:** বিশ্লেষণাত্মক পদ্ধতিগুলি সামঞ্জস্য, অসঙ্গতি এবং কারণ-প্রভাব সম্পর্কের জন্য উপাত্ত পরীক্ষা করার ভিত্তিতে সিদ্ধান্তের আকারে তথ্য তৈরি করে।

### ৩.৭ অভ্যন্তরীণ নিরীক্ষা এবং জালিয়াতি সনাক্তকরণ

#### ৩.৭.১ সংজ্ঞা

**জালিয়াতি:** জালিয়াতি শব্দটি সাধারণত প্রতারণা, ঘুষ, দুর্নীতি, মিথ্যা উপস্থাপনা, যোগসাজশ এবং বস্তুগত তথ্য গোপন করার মতো বিভিন্ন ধরনের অসাধু আচরণকে বর্ণনা করতে ব্যবহৃত হয়। এটি সাধারণত প্রতারণার মাধ্যমে কোনও ব্যক্তি বা সংস্থাকে বঞ্চিত করার কাজটি বর্ণনা করতে ব্যবহৃত হয়, যা তহবিল বা অন্যান্য সম্পদের অপব্যবহার বা মিথ্যা তথ্য সরবরাহের সাথে জড়িত থাকতে পারে।

**প্রতারণা:** প্রতারণা, আড়াল, বা বিশ্বাস লঙ্ঘন দ্বারা চিহ্নিত কোনো বেআইনি কাজ হিসাবে সংজ্ঞায়িত করা যেতে পারে। অর্থ, সম্পত্তি বা পরিষেবা পাওয়ার জন্য দল এবং সংস্থাগুলি দ্বারা প্রতারণা করা হয়; অর্থপ্রদান বা পরিষেবার ক্ষতি এড়াতে বা ব্যক্তিগত বা ব্যবসায়িক সুবিধা সুরক্ষিত করতে প্রতারণা করা হয়।

### ৩.৭.২ দায়িত্ব

অভ্যন্তরীণ নিরীক্ষকরা এমডিএ (MDA) এর পক্ষে জালিয়াতির ঝুঁকিগুলি পরিচালনা করার জন্য দায়ী নয়, তবে নিশ্চয়তা প্রদানের জন্য যে প্রতারণার ঝুঁকিসহ ঝুঁকিগুলি কার্যকরভাবে পরিচালিত হচ্ছে। অভ্যন্তরীণ নিরীক্ষকদের নিম্নলিখিত বিষয়গুলি প্রতিপালন করতে হবে:

- I. উল্লেখযোগ্য ত্রুটি, জালিয়াতি বা অ-সম্মতির (non-compliance) সম্ভাবনা বিবেচনা করে যথাযথ পেশাদার যত্ন অনুশীলন করতে হবে;
- II. অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধানকে অবশ্যই অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যকলাপের উদ্দেশ্য, কর্তৃত্ব, দায়িত্ব এবং পরিকল্পনার সাথে সংশ্লিষ্ট কার্যসম্পাদন সম্পর্কে সিনিয়র ব্যবস্থাপনার কাছে পর্যায়ক্রমে প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- III. জালিয়াতি হওয়ার সম্ভাবনা এবং সংস্থা কীভাবে জালিয়াতির ঝুঁকি পরিচালনা করে তা মূল্যায়ন করতে হবে;
- IV. নিযুক্তির উদ্দেশ্যগুলি তৈরি করার সময় অবশ্যই উল্লেখযোগ্য ত্রুটি, জালিয়াতি, অ-সম্মতি এবং অন্যান্য কার্যক্রমের সম্ভাবনা বিবেচনা করতে হবে।

### ৩.৭.৩ অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিটের ভূমিকা

জালিয়াতি সনাক্তকরণ IAU এর উদ্দেশ্য নয়। তা সত্ত্বেও, IAU-কে এ ধরনের ঝুঁকি সম্পর্কে ক্রমাগত সচেতন হতে হবে এবং তার নিরীক্ষা কার্যক্রমের অংশ হিসাবে এটি পরিচালনা করতে হবে:

- I. প্রতারণার ঝুঁকি সঠিকভাবে চিহ্নিত করা হয়েছে এবং যথাযথভাবে সাড়া দেয়া হয়েছে এমন মতামতের পক্ষে প্রমাণ খুঁজতে সংস্থার জন্য প্রস্তুতকৃত কোনো ঝুঁকি মাত্রা পর্যালোচনা করা;
- II. জালিয়াতির ঝুঁকি কমাতে জালিয়াতি প্রতিরোধ এবং সনাক্তকরণ প্রক্রিয়াগুলির কার্যকারিতা সম্পর্কে একটি স্বাধীন মতামত প্রদান করা;
- III. প্রতারণা-ঝুঁকি থাকলে তা বিবেচনা করা হয়েছে এবং জালিয়াতির ঝুঁকি কমানোর জন্য ডিজাইন করা নিয়ন্ত্রণের সম্ভাব্য কার্যকারিতা সম্পর্কে মতামত প্রদানের প্রমাণ খুঁজতে নতুন কর্মসূচি এবং নীতিগুলি পর্যালোচনা করা;
- IV. প্রতিটি নিযুক্তিতে জালিয়াতির সম্ভাবনা বিবেচনা করা এবং জালিয়াতি সংঘটিত হতে পারে বা নিয়ন্ত্রণের দুর্বলতাসমূহ যা জালিয়াতির দুর্বলতা নির্দেশ করতে পারে এমন সূচকগুলি চিহ্নিত করা;
- V. প্রতারণা কিভাবে সংঘটিত হয়েছে তা নির্ধারণ করতে যেখানে বড় ধরনের জালিয়াতি ঘটেছে তা পর্যালোচনা করা এবং যেখানে প্রয়োজন সেখানে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ জোরদার করার বিষয়ে সুপারিশ করা;
- VI. ব্যবস্থাপনার পক্ষে জালিয়াতির তদন্তে সহায়তা করা বা পরিচালনা করা। অভ্যন্তরীণ নিরীক্ষকদের শুধুমাত্র প্রতারণার তদন্ত করা উচিত যদি তাদের যথাযথ দক্ষতা এবং প্রাসঙ্গিক আইন সম্পর্কে ধারণা থাকে যাতে তারা এই কাজটি কার্যকরভাবে করতে পারে। যদি জালিয়াতির তদন্তের কাজ করা হয় তবে ব্যবস্থাপনাকে সচেতন করা উচিত যে অভ্যন্তরীণ নিরীক্ষক মূল অভ্যন্তরীণ নিরীক্ষার আওতার বাইরে কাজ করছেন এবং নিরীক্ষা পরিকল্পনার উপর সম্ভাব্য প্রভাব সম্পর্কে জানাবে।
- VII. প্রতিষ্ঠানের জালিয়াতি-ঝুঁকির কৌশল (জালিয়াতি নীতি, জালিয়াতি প্রতিক্রিয়া পরিকল্পনা, আচরণবিধি ইত্যাদি) এর সম্ভাব্য কার্যকারিতা সম্পর্কে এবং এগুলি সংস্থা জুড়ে কার্যকরভাবে সঞ্চারিত করা হয় কিনা সে বিষয়ে মতামত প্রদান করা। একটি উপযুক্ত কৌশল রয়েছে তা নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনার প্রাথমিক দায়িত্ব রয়েছে এবং অভ্যন্তরীণ নিরীক্ষার ভূমিকা হলো কৌশলটির কার্যকারিতা পর্যালোচনা করা;
- VIII. নিরীক্ষার ফিল্ডওয়ার্কের ফলে প্রকাশ্যে আসা অপরাধমূলক কার্যকলাপের উদ্বেগগুলি একটি উপযুক্ত তৃতীয় পক্ষের যেমন এমডিএ এর অধীন জালিয়াতি বা নিরাপত্তা সংশ্লিষ্টদের কাছে রিপোর্ট করা উচিত কিনা তা বিবেচনা করা।

### ৩.৭.৪ নিরীক্ষা চলাকালীন প্রতারণার সন্দেহের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতিগুলি:

নিরীক্ষা কাজ চলাকালীন অভ্যন্তরীণ নিরীক্ষকরা যদি নিয়ন্ত্রণের দুর্বলতাগুলি সনাক্ত করে যা জালিয়াতির সৃষ্টি করতে পারে বা সন্দেহের প্রমাণ খুঁজে পেতে পারে যে জালিয়াতি সংঘটিত হয়েছে বা ঘটছে, সেক্ষেত্রে নিম্নলিখিত পদক্ষেপ অনুসরণ করতে হবে:

- I. সন্দেহভাজন এবং/অথবা সংস্থার জালিয়াতি প্রতিক্রিয়া (response) পরিকল্পনা পরিচালনার স্থানীয় অভ্যন্তরীণ নীতি/প্রক্রিয়াগুলি উল্লেখ করা;

- II. নিরীক্ষার কাজকে প্রসারিত করতে হবে কিনা এবং ক্রিয়াকলাপের সনাক্তকরণের দিকে নির্দেশিত অতিরিক্ত পরীক্ষা ডিজাইন করা যা জালিয়াতির সূচক হতে পারে কিনা সে বিষয় সিদ্ধান্ত নেওয়া।
- III. কোন অভিযুক্ত অপরাধীদের অধিকার বিবেচনা করা;
- IV. তদন্তের সুপারিশ করার জন্য জালিয়াতির স্পষ্ট প্রমাণ আছে কিনা তা নির্ধারণ করা;
- V. উদ্বেগের বিষয় সনাক্ত করা হয়েছে এবং যোগাযোগ করা হয়েছে তা নিশ্চিত করা যাতে অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধানের সামগ্রিক নিশ্চয়তা গঠনে প্রভাব বিবেচনা করা যায়;
- VI. আদালতের মামলা/ দুর্নীতি দমন কমিশন (দুদক) তদন্তের সম্ভাব্য সম্পৃক্ততার জন্য কোন বিষয়ে ব্যবস্থাপনাকে পরামর্শ দেওয়া এবং কীভাবে আইনি বিভাগের সাথে আলোচনা করা যায় তা বিবেচনা করা।

#### ৩.৭.৫ সাক্ষাৎকার কালে সংশয় তৈরীর ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতিসমূহ:

নিরীক্ষা সাক্ষাৎকার চলাকালীন সাক্ষাৎকার প্রদানকারীর দেওয়া উত্তরগুলি, নিরীক্ষকের কাছে পরিচিত অন্যান্য প্রমাণগুলির সাথে মিলালে সাক্ষাৎকার প্রদানকারী প্রতারণামূলক কাজ করেছে বলে সন্দেহ করার স্পষ্ট কারণ তৈরি হয় যা প্রতারণামূলক কাজ বা প্রকৃতপক্ষে সাক্ষাৎকার প্রদানকারীর দোষ স্বীকারোক্তি।

এ মুহুর্তে, নিরীক্ষক সাক্ষাৎকারটি বন্ধ করবেন এবং পরবর্তী পদক্ষেপের জন্য অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধানের কাছে প্রেরণ করবে। কোনো অবস্থাতেই অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধানের পূর্বানুমতি ব্যতিরেকে নিরীক্ষকের প্রমাণসহ সন্দেহভাজন ব্যক্তির মুখোমুখি হওয়া উচিত নয়। এটি অত্যাবশ্যক যে সন্দেহভাজন কর্মচারীর সাথে সমস্ত সাক্ষাৎকার যথাযথ যত্ন সহকারে পরিচালিত হবে যাতে একটি ভুল সাক্ষাৎকার প্রক্রিয়ার ফলে প্রমাণগুলি বাতিল না হয়।

#### ৩.৮ তত্ত্বাবধান

তত্ত্বাবধানের উদ্দেশ্য হল - যে নিরীক্ষা কার্যক্রমটি বাস্তবায়িত হয়েছে তা নিশ্চিত করা। তত্ত্বাবধায়ককে অবশ্যই নিশ্চিত করতে হবে যে নিরীক্ষকের উদ্বেগগুলি বিবেচনায় নেওয়া হয়েছে, প্রমাণগুলি সংগ্রহ ও লিপিবদ্ধ এবং নিরীক্ষকদের দক্ষতা উন্নয়ন করা।

উদ্দেশ্যসমূহ অর্জন, গুণগতমানের নিশ্চয়তা এবং কর্মীদের উন্নয়ন নিশ্চিতকল্পে নিয়োজিতরা যথাযথভাবে তত্ত্বাবধান করবে।

**IIA মানদণ্ড ২৩৪০ – নিযুক্তি তত্ত্বাবধান নিয়োজিতদের**

প্রয়োজনীয় তত্ত্বাবধানের স্তরটি অভ্যন্তরীণ নিরীক্ষকদের দক্ষতা, অভিজ্ঞতা এবং নিযুক্তির জটিলতার উপর নির্ভর করে। তত্ত্বাবধায়ককে ঘন ঘন কার্যপত্রসমূহ (working papers) পর্যালোচনা করা উচিত যাতে প্রতিটি নিরীক্ষা কার্যক্রমের পর্যবেক্ষণগুলি নিরীক্ষা সম্পূর্ণ হওয়ার পরে একবারে না করে নিরীক্ষা প্রক্রিয়া চলাকালীন প্রমাণ সংগ্রহ, নথিভুক্ত এবং তা নিশ্চিত করা যায়।

#### ৩.৯ কার্যপত্র (Working Papers)

নিরীক্ষা দল কর্তৃক সম্পাদিত সমস্ত কাজ অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পাদনের সময় নথিভুক্ত করা আবশ্যিক। **ফর্ম-১৫** তে তালিকাভুক্ত প্রতিটি নিরীক্ষা কার্যক্রমের জন্য একটি পৃথক কার্যপত্র তৈরি করা প্রয়োজন। নিরীক্ষা দল নিরীক্ষা কার্যক্রমে বর্ণিত নিরীক্ষা কাজ সম্পূর্ণ করার জন্য প্রয়োজনীয় প্রমাণ যেমন - নথির অনুলিপি, ফটোগ্রাফ, প্রশ্নাবলীর উত্তর, প্রতিবেদনের অনুলিপি এবং অন্যান্য আইটেম সংগ্রহ করে। প্রতিটি নিরীক্ষা কার্যক্রমের সাথে যুক্ত নিরীক্ষা কার্যপত্র নিরীক্ষা পর্যবেক্ষণের '5C' লিপিবদ্ধ করে, যা হল নির্ণায়ক, শর্ত, কারণ, পরিণতি এবং সংশোধনমূলক পদক্ষেপ।

নিরীক্ষার সময় নিরীক্ষক যা পর্যবেক্ষণ করেছেন তা লিপিবদ্ধ করার জন্য প্রস্তাবিত ফরম্যাট হলো **ফর্ম-১৮**। এটি তত্ত্বাবধায়ক কর্তৃক পর্যালোচনা করার বিধানও রয়েছে। উপরে উল্লিখিতভাবে এই টুল কিটটিকে (tool kit) প্রতিটি নিরীক্ষা কার্যক্রমের জন্য আলাদাভাবে প্রস্তুত করতে হবে এবং নিরীক্ষার সময় তত্ত্বাবধায়ককে পর্যালোচনায় করতে হবে। যদি পর্যালোচনা অতিরিক্ত নিরীক্ষা কার্য এবং প্রমাণ সংগ্রহ, বিশ্লেষণ এবং মূল্যায়নের প্রয়োজন চিহ্নিত করে, তাহলে নিরীক্ষা দলকে সেই অনুযায়ী কাজ করতে হবে।

## অধ্যায় ৪ - রিপোর্টিং

### ৪.১ নিরীক্ষা প্রতিবেদন (Audit Report)

প্রতিটি নিরীক্ষা নিযুক্তিকে অবশ্যই নিরীক্ষার ফলাফল/ফাইন্ডিং সম্বলিত একটি নিরীক্ষা প্রতিবেদন জমা দিতে হবে। বার্ষিক অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা অনুসরণ করে একক অনুশীলন হিসেবে নিরীক্ষা অ্যাসাইনমেন্ট নির্ধারিত এবং পরিচালিত হয়। এই কার্যকলাপের ফলাফল সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অনুলিপি প্রেরণসহ পৃথক নিরীক্ষা প্রতিবেদন আকারে নিরীক্ষিত প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করতে হবে। প্রতিবেদনের প্রাথমিক লক্ষ্য হল নিরীক্ষার ফলাফল এবং সুপারিশগুলি নির্দিষ্ট ফরমেটে নিরীক্ষিত প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করা।

### ৪.২ নিরীক্ষা প্রতিবেদনের বিষয়বস্তু (Contents of Audit Report)

- অভ্যন্তরীণ নিরীক্ষকদের অবশ্যই সঠিক, উদ্দেশ্যমূলক, স্পষ্ট, সংক্ষিপ্ত, গঠনমূলক, সম্পূর্ণ এবং সমযোপযোগী নিরীক্ষা প্রতিবেদন প্রেরণ করতে হবে।

#### IIA মানদণ্ড ২৪২০ - যোগাযোগের গুণমান

নিরীক্ষা প্রতিবেদন হলো মূল উৎপাদ যা অভ্যন্তরীণ নিরীক্ষার অস্তিত্বকে ন্যায্যতা দেয় এবং নিশ্চয়তা প্রদানের উপায় হিসেবে কাজ করে। একটি সম্পূর্ণ প্রতিবেদনে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকে:

- ৪.২.১ শিরোনাম (Title):** প্রতিবেদনের একটি যথাযথ শিরোনাম থাকবে, যা নিরীক্ষা ক্ষেত্রকে অন্যান্য প্রতিবেদন থেকে আলাদা করে নিরীক্ষার উদ্দেশ্য এবং পরিধি সম্পর্কে সাধারণ ধারণা প্রদান করে।
- ৪.২.২ ঠিকানা (Addressee):** অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন অফিস/প্রকল্প প্রধান বরাবর প্রেরণ করতে হবে এবং PAO ও MDA প্রধানের নিকট কপি দিতে হবে।
- ৪.২.৩ নির্বাহী সারসংক্ষেপ (Executive summary):** প্রতিবেদনের সমস্ত বিষয়বস্তু সারসংক্ষেপে নির্বাহী সারসংক্ষেপে অন্তর্ভুক্ত থাকবে। পর্যবেক্ষণের আলোকে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার উপর একটি মূল্যায়ন নির্বাহী সারসংক্ষেপের অংশ হবে। নিরীক্ষা পরিকল্পনা অনুযায়ী সম্পাদিত নিরীক্ষার ফলাফল নির্বাহী সারসংক্ষেপে প্রতিফলিত হবে।
- ৪.২.৪ নিরীক্ষা পদ্ধতি (Auditing methodology):** নিরীক্ষা সাধারণভাবে গৃহীত নিরীক্ষা অনুশীলনের (generally accepted audit practice) সাথে সঙ্গতি রেখে পরিচালিত এবং নিরীক্ষা প্রক্রিয়ার বিষয়ে নিরীক্ষকের সম্মতিসূচক বিবৃতির মাধ্যমে ব্যবহারকারীগণকে নিশ্চয়তা প্রদান করবে। IAU অভ্যন্তরীণ নিরীক্ষা ম্যানুয়াল অনুসরণ করে নিরীক্ষার সর্বোত্তম অনুশীলনগুলি মেনে নিরীক্ষা অ্যাসাইনমেন্টগুলি প্রণয়ন এবং সম্পন্ন করবে। যাচাইপূর্বক ম্যানুয়ালটির নির্দেশাবলী অনুসরণ এবং মেনে চলা হয়েছে নিশ্চিত হওয়া গেলে ব্যবহারকারীগণ আরও আত্মবিশ্বাসী হবেন।
- ৪.২.৫ ভূমিকা (Introduction):** নিরীক্ষিত প্রতিষ্ঠান এবং নিরীক্ষা ক্ষেত্রের বর্ণনা থাকবে যা পড়ে প্রতিবেদন ব্যবহারকারীগণ প্রয়োজনীয় জ্ঞান অর্জন করবে। বর্ণনায় প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য, নিরীক্ষিত প্রতিষ্ঠানের সামগ্রিক সাংগঠনিক কাঠামো, আর্থিক পরিস্থিতি ও কর্মক্ষমতা এর বিশদ বিবরণ থাকবে যা নিরীক্ষিত প্রতিষ্ঠান এবং নিরীক্ষা ক্ষেত্র সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করবে।
- ৪.২.৬ নিরীক্ষার উদ্দেশ্য (Audit objectives):** উদ্দেশ্য এবং পরিধি নিরীক্ষার লক্ষ্য সম্পর্কে ধারণা প্রদান করে। প্রতিবেদনে অবশ্যই নিরীক্ষার উদ্দেশ্য অন্তর্ভুক্ত থাকবে।
- ৪.২.৭ নিরীক্ষার ক্ষেত্র (Audit scope):** নিরীক্ষার সীমানাকেই (boundary) ক্ষেত্র হিসেবে উল্লেখ করা হয়। ব্যবহারকারীদের নিরীক্ষার ফলাফল, উপসংহার এবং সুপারিশ প্রদান করার জন্য প্রাপ্ত তথ্যের প্রকৃতি এবং পরিমাণ সম্পর্কে অবগত থাকতে হবে।
- ৪.২.৮ নিরীক্ষা পর্যবেক্ষণ (Audit observations):** নিরীক্ষার ফলাফল নিরীক্ষা অনুশীলনের প্রাথমিক সৃষ্টি। নিরীক্ষার ফলাফল লক্ষ্য অর্জনে কতটা মিতব্যয়িতা (economy) ও কার্যকারিতা (efficacy) বজায় রেখেছে তা দেখা হয় এবং সম্পদ প্রাপ্তি ও ব্যবহারে দক্ষতার বিষয়টি বিবেচনা করা হয়। প্রতিটি নিরীক্ষা ইস্যুতে নির্ণায়ক (criterion), শর্ত (condition), কারণ (cause), ফলাফল (consequence) এবং সংশোধনমূলক কার্যক্রম (Corrective Action) অন্তর্ভুক্ত থাকবে।

### ৪.৩ নিরীক্ষা প্রতিবেদনের গুণগতমান (Quality of Audit Report)

নিরীক্ষা প্রমাণ দ্বারা নির্ভর করা যায় এমন সত্যভিত্তিক উপাদান অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা উচিত। প্রমাণের বৈধতা নির্ধারণ করবে প্রতিবেদনটা কতটা সঠিক। নিরীক্ষিত প্রতিষ্ঠানের উপযুক্ত স্তরের ব্যবস্থাপনা কর্তৃক খসড়া প্রতিবেদনটি পর্যালোচনার মাধ্যমে আরও উন্নত করা সম্ভব। প্রতিবেদনটি সুস্পষ্ট, বোধগম্য এবং সংক্ষিপ্ত হওয়া যৌক্তিক।

নিরীক্ষা প্রতিবেদনের লক্ষ্য হল MDA এর কর্মক্ষমতা উন্নত করার জন্য কর্মকর্তাগণ প্রয়োজনীয় প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন তা নিশ্চিত করা। প্রতিবেদনটি সম্মানজনক, পেশাদার এবং নিরপেক্ষভাবে লিখতে হবে। ইহা প্রতিবেদনের গ্রহণযোগ্যতা বৃদ্ধি করবে এবং নিরীক্ষকদের পক্ষপাতদুষ্ট হওয়ার সম্ভাবনা হ্রাস করবে।

অভ্যন্তরীণ নিরীক্ষকদের ইনস্টিটিউট কর্তৃক প্রবর্তিত মানদণ্ডসমূহ নিরীক্ষা প্রতিবেদনের গুণগতমান হিসেবে নির্ভুল, বস্তুনিষ্ঠ, স্পষ্ট, সংক্ষিপ্ত, গঠনমূলক, সম্পূর্ণ এবং সময়োপযোগীকে উল্লেখ করা হয়েছে।

৪.৩.১ **নির্ভুল (Accurate)** : নির্ভুল প্রতিবেদন ত্রুটি ও বিকৃতি থেকে মুক্ত এবং অন্তর্নিহিত তথ্যে নির্ভরশীল। প্রতিবেদনের বিষয়বস্তুর নির্ভুলতা প্রতিবেদনের প্রতি আস্থা বাড়ায় এবং সুপারিশ বাস্তবায়নে উৎসাহিত করে।

৪.৩.২ **বস্তুনিষ্ঠ (Objective)**: নিরীক্ষা পেশায় বস্তুনিষ্ঠতা অত্যাবশ্যিক। নিরীক্ষা প্রতিবেদন হতে হবে ন্যায্য, নিরপেক্ষ ও পক্ষপাতশূন্য এবং ফলাফল হবে ন্যায্য ও প্রাসঙ্গিক তথ্য ও পরিস্থিতির ভারসাম্যপূর্ণ মূল্যায়ন ভিত্তিক।

৪.৩.৩ **স্পষ্ট (Clear)**: স্পষ্ট প্রতিবেদন সহজবোধ্য ও যৌক্তিক, অপ্ৰয়োজনীয় টেকনিক্যাল ভাষা বিবর্জিত এবং সমস্ত গুরুত্বপূর্ণ ও প্রাসঙ্গিক তথ্য সম্বলিত হবে।

৪.৩.৪ **সংক্ষিপ্ত (Concise)**: সংক্ষিপ্ত প্রতিবেদন হবে যথাযথ (to the point) এবং অপ্ৰয়োজনীয় বিশদ বিবরণ, অতিরিক্ত বিবরণ, অপ্ৰয়োজনীয় ও অতি কখন বিবর্জিত। প্রতিবেদনের মাধ্যমে যে বার্তা দিতে চান নিরীক্ষকগণ তার উপর গুরুত্ব দিয়ে সংক্ষিপ্ত আকারে খসড়া প্রণয়ন করবে।

৪.৩.৫ **গঠনমূলক (Constructive)**: অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন গঠনমূলক এবং সংস্থাকে সাহায্য করার জন্য হতে হবে ও প্রয়োজন অনুযায়ী উন্নত করতে হবে।

৪.৩.৬ **সম্পূর্ণ (Complete)**: পাঠকের জন্য একটি স্বয়ংসম্পূর্ণ অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনে অপরিহার্য গুরুত্বপূর্ণ প্রাসঙ্গিক তথ্য এবং সুপারিশ ও উপসংহার সমর্থনকারী পর্যবেক্ষণ সম্বলিত সব কিছু বিদ্যমান থাকবে।

৪.৩.৭ **সময়োপযোগী (Timely)**: সমস্যার গুরুত্ব বিবেচনা করে যথাসময়ে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সময়মত প্রতিবেদন জারি করা সুবিধাজনক এবং সমীচীন। নিরীক্ষা পরিকল্পনায় উল্লিখিত নির্দিষ্ট তারিখের মধ্যে প্রতিবেদন জারি করতে হবে এবং বিলম্ব হলে কারণ উল্লেখপূর্বক PAO এর নিকট হতে অনুমোদন নিতে হবে।

### ৪.৪ খসড়া নিরীক্ষা প্রতিবেদন (Drafting Audit Report)

নিরীক্ষা প্রতিবেদনের খসড়া প্রণয়ন করা নিরীক্ষা দলের দায়িত্ব। নিরীক্ষিত প্রতিষ্ঠানের সাথে আলোচনার জন্য **ফর্ম-১৯** অনুযায়ী প্রণীত খসড়া অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন উপস্থাপন করা হয়। খসড়ায় নিরীক্ষিত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার মন্তব্য/মতামত প্রদানের জন্য অতিরিক্ত জায়গা থাকে। সমাপনী সভায় (exit meeting) **ফর্ম-১৯** ব্যবহার করা হয়। খসড়া অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনের বিষয়বস্তু নিম্নলিখিত ক্রমে উপস্থাপন করা হয়:

৪.৪.১ **নির্বাহী সারসংক্ষেপ (Executive summary)**: নির্বাহী সারসংক্ষেপ হল নিরীক্ষা প্রতিবেদনের প্রথম ভাগ এবং এতে অফিস/প্রকল্প এবং নিরীক্ষার ক্ষেত্র, নিরীক্ষার উদ্দেশ্য এবং পরিধি, ফলাফল, নিরীক্ষিত প্রতিষ্ঠানের কর্মসম্পাদন, উপসংহার, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার উপর সামগ্রিক মূল্যায়নের একটি সংক্ষিপ্ত বিবরণ থাকে। নিয়ন্ত্রণ কার্যকারিতার রেটিং যেমন; সন্তোষজনক, উন্নতি প্রয়োজন, অসন্তোষজনক, উন্নতির প্রয়োজন আছে এমন ক্ষেত্র এবং উচ্চ ঝুঁকি সম্বলিত সুপারিশের তালিকা নির্বাহী সারসংক্ষেপে অন্তর্ভুক্ত থাকে।

৪.৪.২ **নিরীক্ষিত প্রতিষ্ঠান এবং নিরীক্ষা সম্পর্কিত (About auditee and audit)**: প্রতিবেদনের দ্বিতীয় ভাগে নিরীক্ষিত প্রতিষ্ঠান/প্রকল্প বা নিরীক্ষার ক্ষেত্র, ফলাফলের সারাংশ এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্য ও নিরীক্ষার উদ্দেশ্য এবং পরিধি সম্পর্কে প্রাথমিক তথ্য থাকে। নিরীক্ষা পরিকল্পনায় উল্লিখিত ভূমিকা, নিরীক্ষার উদ্দেশ্য এবং পরিধির সংক্ষিপ্ত বিবরণ **ফর্ম-১৬** এ উপস্থাপন করা হয়।

৪.৪.৩ **নিরীক্ষা পর্যবেক্ষণ (Audit observations)**: প্রতিবেদনের মৌলিক অংশ যা তৃতীয় ভাগে থাকে। নিরীক্ষা কর্মসূচির অংশ হিসেবে **ফর্ম-১৮** এর '5C' তে অন্তর্ভুক্ত প্রতিটি পর্যবেক্ষণ আলাদাভাবে সংশোধন, হালনাগাদ ও উপস্থাপন করা হয়। নিরীক্ষা পর্যবেক্ষণ উপস্থাপনে কিছু যুক্তি ব্যবহৃত হয়। গুরুত্ব বিবেচনায় পর্যবেক্ষণের ক্রম নির্ধারণ করা যেতে পারে, যেমন - নীতিগত ইস্যু, সিস্টেমের ত্রুটি, ভুল বা অন্যায্য আর্থিক ও কর্মসম্পাদন

প্রতিবেদন, টাকার পরিমাণ সম্বলিত ইস্যু, দুর্বল ব্যবস্থাপনা জনিত ক্ষতি বা অনিয়ম, এবং অন্যান্য সমস্যা। অতিরিক্ত নিরীক্ষা পর্যবেক্ষণে জড়িত টাকার পরিমাণ এবং পর্যবেক্ষণের শ্রেণিবিন্যাস অন্তর্ভুক্ত করা হয়।

**I. পর্যবেক্ষণের সাথে আর্থিক সম্পৃক্ততা (Monetary involvement with the observation):**

সিস্টেমের ঘাটতি এবং সিস্টেমের অ-কার্যকারিতা বিষয়ক নিরীক্ষা পর্যবেক্ষণ হতে পারে। নির্ণায়ক (criterion) থেকে শর্তের বিচ্যুতির কারণে নিরীক্ষা পর্যবেক্ষণের উৎপত্তি হয়। বেশিরভাগ ক্ষেত্রে নন-কম্প্লায়েন্স এবং অতিরিক্ত অর্থ প্রদান, আদায় না হওয়া, অব্যবস্থাপনা জনিত কারণে ক্ষতি/অনিয়মগুলির ফলাফল টাকার অংক দিয়ে পরিমাপ করা হয়। এভাবে, একটি নিরীক্ষা প্রতিবেদনের ফলাফলগুলি টাকার অংকে পরিমাপ করে সেগুলিকে পর্যবেক্ষণে অন্তর্ভুক্ত করা হয়।

**II. পর্যবেক্ষণের শ্রেণিবিন্যাস (Classification of observations):**

নিরীক্ষা পর্যবেক্ষণের বিভিন্ন ধরণ আছে। নিরীক্ষকগণ নিরীক্ষা পর্যবেক্ষণকে কারণ, প্রভাব, সিস্টেমের ব্যর্থতা এবং নন-কম্প্লায়েন্স এর উপর ভিত্তি করে শ্রেণিবিন্যাস করবে। নিরীক্ষা পর্যবেক্ষণকে পাঁচটি ভাগে শ্রেণিবিন্যাস করা হয়েছে: সিস্টেমের অপ্রতুলতা, নন-কম্প্লায়েন্স, ক্ষতি/অনিয়ম, পুনরুদ্ধার/আদায়যোগ্য পরিমাণ এবং বিবিধ। অর্থ জড়িত থাক বা না থাক, শ্রেণিবিন্যাসকৃত নিরীক্ষা প্রতিবেদন থেকে উর্ধ্বতন কর্তৃপক্ষ অনেক কিছু জানতে পারে যা ফলো-আপ প্রক্রিয়াকে আরও মসৃণভাবে চলতে সহায়তা করে। নীচের সারণির মাধ্যমে নিরীক্ষা পর্যবেক্ষণগুলিকে শ্রেণিবিন্যাস করার একটি কাঠামো দেয়া হয়েছে।

ক্রমিক নং	শ্রেণিবিভাগ	বর্ণনা
১	সিস্টেমের অপ্রতুলতা (Inadequacy of system)	নীতি, আইনি বিধান এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সংস্থার/প্রকল্পের ঝুঁকি কমানো এবং দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধির জন্য পর্যাপ্ত নাও হতে পার। অভ্যন্তরীণ নিরীক্ষা পরিস্থিতি পর্যবেক্ষণ করে একটি নতুন সিস্টেম প্রতিষ্ঠা বা বর্তমান সিস্টেমের উন্নতির প্রয়োজনীয়তা উপস্থাপন করতে পারে। এই ধরনের পর্যবেক্ষণগুলিকে "সিস্টেমের অপ্রতুলতা" হিসেবে শ্রেণিবিন্যাস করা হয়।
২	নন-কম্প্লায়েন্স (Non-compliance)	এই বিভাগের অন্তর্ভুক্ত নিরীক্ষা ফলাফলগুলি হল লেনদেন, প্রক্রিয়া এবং সিদ্ধান্তের সাথে সম্পর্কিত যা প্রতিষ্ঠিত আইনি বিধান, ম্যানুয়াল, স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি, অন্যান্য সিস্টেম, চুক্তি এবং অন্যান্য নির্ণায়ক (criteria) মেনে চলে না।
৩	ক্ষতি/অনিয়ম (Loss/irregularity)	নিরীক্ষার সময় আবিষ্কৃত সংস্থার কোনো ক্ষতি বা অনিয়ম এ বিভাগের অন্তর্ভুক্ত। কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে পুনরুদ্ধার/আদায় করা হবে তা নির্ধারণ করা সম্ভব না হলে ইহা সংস্থার ক্ষতি বা অনিয়ম হিসেবে বিবেচিত হবে এবং পর্যবেক্ষণটি "ক্ষতি/অনিয়ম" বিভাগের আওতায় পড়বে। কোনও ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে ক্ষতি বা অনিয়ম পুনরুদ্ধার/আদায় করা সম্ভব বলে মনে হলে ইহা "আদায়যোগ্য" বলে বিবেচিত হবে।
৪	আদায়যোগ্য (Recoverable)	অর্থ অতিরিক্ত পরিশোধ করা হয়েছে কিন্ত সম্পূর্ণরূপে আদায় সম্ভব হয়নি তা এ বিভাগের আওতায় পড়ে। কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি এবং সম্মত প্রক্রিয়ার নন-কম্প্লায়েন্স হলে নিরীক্ষিত প্রতিষ্ঠানের ক্ষতি বা অনিয়মকে "আদায়যোগ্য" হিসেবে শ্রেণিবদ্ধ করা হয় যদি সে পক্ষগুলি অর্থ প্রদানের দায়িত্বে নিয়োজিত থাকেন।
৫	বিবিধ (Miscellaneous)	যে পর্যবেক্ষণগুলি চারটি বিভাগের কোনোটির মধ্যে পড়ে না সেগুলি বিবিধ হিসেবে শ্রেণিবদ্ধ।

**৪.৫ মতানৈক্য বৃদ্ধি (Escalation of Disagreement)**

ব্যবস্থাপনার সাথে কোনো মতপার্থক্য হলে, অভ্যন্তরীণ নিরীক্ষা বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আনবেন এবং প্রয়োজনে PAO এর নজরে নিবেন। সমস্যা সমাধান না হলে, বিষয়টি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

**৪.৬ সমাপনী সভা (Exit Meeting)**

নিরীক্ষিত প্রতিষ্ঠানের সাথে খসড়া নিরীক্ষা প্রতিবেদন নিয়ে অবশ্যই আলোচনা করতে হবে। সমাপনী সভা (Exit Meeting) এর প্রধান উদ্দেশ্য হল খসড়া প্রতিবেদনের তথ্যের সঠিকতা এবং ব্যাপ্তি (comprehensive) নিশ্চিত করা। নিরীক্ষা প্রতিবেদন জারি হওয়ার আগে, নিরীক্ষা দল এবং নিরীক্ষিত প্রতিষ্ঠানের মধ্যে নিরীক্ষার ফলাফল নিয়ে যোগাযোগ এবং আলোচনা করার এটাই শেষ সুযোগ। সমাপনী সভার জন্য নিরীক্ষা দল **ফর্ম-২০** অনুযায়ী দুটি কপি প্রস্তুত করবেন। একটি নিরীক্ষিত প্রতিষ্ঠানের জন্য এবং অন্যটি নিরীক্ষা নথিতে সংরক্ষণের জন্য।

সমাপনী সভার আগে উপযুক্ত সময়ে নির্ণায়ক, শর্ত, কারণ, ফলাফল, সংশোধনমূলক কার্যক্রম, উপসংহার এবং নিরীক্ষিত প্রতিষ্ঠানের মন্তব্য করার জায়গা রেখে যথাযথ পর্যায়ের ব্যবস্থাপনার নিকট প্রতিবেদনের খসড়া

অনুলিপি পাঠাতে হবে। ফলে নিরীক্ষিত প্রতিষ্ঠান/ ব্যবস্থাপনা প্রতিবেদন অধ্যয়ন করে নিরীক্ষকদের সাথে আলোচনার প্রস্তুতি নেওয়ার সুযোগ পাবে।

উর্ধ্বতন কর্তৃপক্ষ নিরীক্ষা দলের কাছে সমাপনী সভায় নতুন তথ্য এবং দৃষ্টিভঙ্গি প্রদান করতে পারেন কারণ নিরীক্ষা চলাকালীন সমস্ত ফলাফল নিয়ে সবসময় আলোচনা করা সম্ভব হয় না। নিরীক্ষককে নতুন প্রমাণক পর্যালোচনা এবং মূল্যায়ন করতে হতে পারে। এ অনুশীলন জুড়ে ইতিবাচকতা নিরীক্ষিত প্রতিষ্ঠান কর্তৃক নিরীক্ষা প্রতিবেদনে উল্লিখিত সমস্যাগুলির গ্রহণযোগ্যতার সম্ভাবনা সৃষ্টি করে।

#### 8.9 প্রতিবেদন চূড়ান্তকরণ (Report Finalization)

সমাপনী সভার সময় নিরীক্ষিত প্রতিষ্ঠান হতে প্রাপ্ত অতিরিক্ত তথ্য এবং মন্তব্য নিরীক্ষা দলকে বিবেচনায় নিতে হবে। দলটিকে অবশ্যই নিরীক্ষিত প্রতিষ্ঠান ও নিরীক্ষা সম্পর্কিত প্রতিবেদনের দ্বিতীয় ভাগের তথ্য হালনাগাদ করতে হবে। নিরীক্ষা পর্যবেক্ষণ বিষয়ক প্রতিবেদনের তৃতীয় অংশ নিয়ে আরও কাজ করতে হবে। নির্ণায়ক, শর্ত, কারণ, ফলাফল এবং সংশোধনমূলক কার্যক্রমসমূহ সংশোধন করার প্রয়োজন হতে পারে। প্রতিবেদন সংশোধনের সময় কর্তৃপক্ষের দৃষ্টিভঙ্গির প্রতি নিরীক্ষকের ইতিবাচক মনোভাব এবং নিরীক্ষিত প্রতিষ্ঠান যে সমস্যার মুখোমুখি হন তা বিবেচনায় নিয়ে প্রতিবেদন চূড়ান্ত করা আবশ্যিক। উর্ধ্বতন কর্তৃপক্ষ ভবিষ্যতে উন্নতির প্রতিশ্রুতিবদ্ধ হয়ে অনুরোধ করলে গুরুত্বহীন কিছু পর্যবেক্ষণ প্রতিবেদন থেকে বাদ দেওয়া বুদ্ধিমান পদক্ষেপ হবে।

প্রতিবেদন চূড়ান্তকরণ প্রক্রিয়া অন্যান্য IAU এর উপপরিচালকের নেতৃত্বে হতে হবে। প্রতিবেদনে উল্লিখিত বিষয়গুলি প্রমাণক দ্বারা প্রতিষ্ঠিত হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য প্রক্রিয়ার সাথে জড়িত সমস্ত কাজের কাগজপত্র এবং সমাপনী সভার ফলাফল পর্যালোচনা করা প্রয়োজন। অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন একটি স্ট্যান্ডার্ড ফরমেটে জারি করা হয়।

#### 8.10 নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা এবং জারি করা (Review and Issue of Audit Report)

নিরীক্ষা প্রতিবেদন IAU এর প্রধান জারি করবেন। প্রতিবেদনে উল্লিখিত বিষয়গুলি প্রমাণক দ্বারা সমর্থিত কিনা নিশ্চিত হওয়ার জন্য সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করাও এই পদ্ধতির জন্য প্রয়োজনীয়। প্রতিবেদনটি লেখার সময়, IAU-এর প্রধানকে পর্যবেক্ষণের আলোকে যত্ন সহকারে নিরীক্ষিত প্রতিষ্ঠানের কর্মসম্পাদন এবং যে উন্নতি হচ্ছে তা নির্বাহী সারসংক্ষেপে প্রতিফলন ঘটাতে হবে। এ উদ্দেশ্যে একটি সামঞ্জস্যপূর্ণ ফরম্যাট প্রয়োজন, এবং নিরীক্ষা প্রতিবেদন প্রকাশ করার সময় কভার লেটারে একটি আদর্শ বার্তা অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে। **ফর্ম-২১** হচ্ছে কভার লেটারের প্রস্তাবিত ফরমেট। আনুষ্ঠানিক নিরীক্ষা প্রতিবেদনটি একটি প্রমিথ ফরম্যাটে MDA-এর প্রধান বরাবর জারি করতে হবে।

## অধ্যায় ৫ - নিরীক্ষা প্রতিবেদনের অনুসরণ

### ৫.১ পটভূমি (Background)

অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনে MDA-এর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, ঝুঁকি ব্যবস্থাপনা, এবং গভর্নেন্স প্রতিষ্ঠার পরামর্শ অন্তর্ভুক্ত থাকে। কিছু পরামর্শ নির্দিষ্ট লেনদেনের সাথে সম্পর্কিত এবং কিছু পরামর্শে আদায় ও নিয়মিতকরণের বিষয় উল্লেখ থাকে।

### ৫.২ ফলো-আপ সিস্টেম (Follow-Up System)

IAU-এর উচিত নিরীক্ষার ফলাফলগুলি সমাধান করার জন্য যথাযথ, দ্রুত এবং পর্যাপ্ত ফলো-আপ ব্যবস্থা গ্রহণ

অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিটের পরিচালককে অবশ্যই একটি সিস্টেম স্থাপন এবং বজায় রাখতে হবে যাতে ব্যবস্থাপনাকে জানানো ফলাফলের গতিবিধি পর্যবেক্ষণ করা যায়।

#### IIA মানদণ্ড ২৫০০ - অগ্রগতি পর্যবেক্ষণ

অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিটের পরিচালককে অবশ্যই একটি ফলো-আপ প্রক্রিয়া স্থাপন করতে হবে এবং নিশ্চিত করতে হবে যে ব্যবস্থাপনার পদক্ষেপগুলি কার্যকরভাবে বাস্তবায়িত হয়েছে বা উর্ধ্বতন ব্যবস্থাপনাকোনো পদক্ষেপ না নিয়ে ঝুঁকি গ্রহণ করেছেন।

#### IIA মানদণ্ড ২৫০০. A1

করা।

### ৫.৩ ফলো-আপের উদ্দেশ্য (Objectives of Follow-Up)

পরিকল্পনা, সম্পাদন, রিপোর্টিং এবং ফলো-আপ হল অভ্যন্তরীণ নিরীক্ষা প্রক্রিয়ার চারটি পর্যায়। নিরীক্ষার সুপারিশ এবং উপসংহার বাস্তবায়ন পর্যবেক্ষণ করার দায়িত্ব IAU-এর। ফলো-আপ সিস্টেম প্রণয়ন এবং বজায় রাখার প্রাথমিক লক্ষ্যগুলি হল:

- I. নিরীক্ষক কর্তৃক নিরীক্ষা প্রতিবেদনে সুপারিশকৃত সংশোধনীসমূহের উপর গৃহীত ব্যবস্থার অগ্রগতি সম্পর্কে যাচাইকরণ এবং সিনিয়র ম্যানেজমেন্টকে অবহিতকরণ;
- II. নিরীক্ষিত প্রতিষ্ঠানকে (auditee) সংশোধনমূলক পদক্ষেপ শুরু করতে এবং অগ্রগতি জানানোর বিষয়ে অবহিত করা;
- III. অভ্যন্তরীণ নিরীক্ষা MDA-এর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, ঝুঁকি ব্যবস্থাপনা এবং পরিচালনা প্রক্রিয়ার উন্নতিতে ভূমিকা রাখে তার গুরুত্ব অনুধাবন করানো;
- IV. যারা অব্যবস্থাপনার জন্য দায়ী এবং আইনি ও অন্যান্য বিধান যারা অনুসরণ করেনি তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ নিশ্চিতকরণ;
- V. অতিরিক্ত অর্থপ্রদান এবং/অথবা কম আদায় পুনরুদ্ধার করা নিশ্চিতকরণ;
- VI. নিরীক্ষার মতামত, উপসংহার এবং সুপারিশের উপর স্ব-মূল্যায়ন বিষয়ে প্রতিক্রিয়া পাওয়া।

### ৫.৪ অডিট ফলাফলের উপর মন্তব্য (Comments on the Audit Findings)

প্রতিটি অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনের পর্যবেক্ষণের মধ্যে রয়েছে, নির্ণায়ক, শর্ত, নির্ণায়ক থেকে বিচ্যুতির কারণ, ফলাফল, এবং সংশোধনমূলক পদক্ষেপ বা '5C' ভিত্তিক সুপারিশ। সমাপনী সভা চলাকালীন নিরীক্ষা প্রতিবেদনের উপর আলোচনা হওয়া উচিত। নিরীক্ষিত প্রতিষ্ঠান প্রতিবেদনের সাথে সম্পূর্ণরূপে একমত না হয়ে যদি প্রতিবেদনটি পর্যালোচনা এবং বিবেচনার জন্য অনুরোধ করে, তাহলে IAU কর্তৃক তা গ্রহণ করে নিরীক্ষিত প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় সময় দিবে। নিরীক্ষিত প্রতিষ্ঠান যে সকল সুপারিশের সাথে একমত হননি, মন্তব্যসহ যৌক্তিকতা উল্লেখপূর্বক সংশোধনমূলক কর্ম পরিকল্পনা প্রদান করবে। সুপারিশ কোন বাধ্যতামূলক আইনি সিদ্ধান্ত নয়। অতএব, নিরীক্ষিত প্রতিষ্ঠান নিরীক্ষার সুপারিশের সাথে একমত কিনা তা নির্ধারণ করার দায়িত্ব নিরীক্ষিত প্রতিষ্ঠানের। নিরীক্ষা প্রতিবেদন যারা পেয়েছেন তাদের সকলকে নিরীক্ষিত প্রতিষ্ঠান অবশ্যই জবাবের কপি প্রেরণ করবেন।

### ৫.৫ মন্তব্য পর্যালোচনা (Review of the Comments)

নিরীক্ষিত প্রতিষ্ঠান প্রেরিত মন্তব্য এবং সমর্থনকারী ডকুমেন্টেশন নিরীক্ষক দ্বারা পর্যালোচনা এবং পরীক্ষা করা হয়। প্রতিটি সুপারিশ পর্যালোচনার ফলাফল নিম্নলিখিত যে কোনো একটি হতে পারে:

- I. নিরীক্ষিত প্রতিষ্ঠান সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করেছে বিবেচনায় সুপারিশ নিষ্পত্তি করতে হবে;
- II. নিরীক্ষিত প্রতিষ্ঠান সুপারিশের সাথে একমত না হয়ে উপযুক্ত মন্তব্য/জবাব ও প্রমাণক প্রেরণ করায় ন্যায্যতার ভিত্তিতে সুপারিশ নিষ্পত্তি করা যৌক্তিক;

- III. নিরীক্ষিত প্রতিষ্ঠান দাবি করেছেন যথাযথ পদক্ষেপ নেওয়া হয়েছে কিন্তু প্রমাণক নেই এবং/অথবা মাঠ পরিদর্শন এবং/অথবা আরও পরীক্ষা, নিশ্চিত করার জন্য যাচাইকরণ প্রয়োজন। এক্ষেত্রে সুপারিশ উন্মুক্ত রাখতে হবে;
- IV. নিরীক্ষিত প্রতিষ্ঠান সুপারিশের বিষয়ে সম্মত কিন্তু তা বাস্তবায়নে সময় প্রয়োজন হওয়ায় সুপারিশ উন্মুক্ত রাখতে হবে;
- V. নিরীক্ষিত প্রতিষ্ঠান একটি নির্দিষ্ট সুপারিশের উপর মন্তব্য করেননি; তাই, সুপারিশটি উন্মুক্ত রাখতে হবে;
- VI. নিরীক্ষিত প্রতিষ্ঠান সম্পূর্ণ প্রতিবেদন/সুপারিশের উপর মন্তব্য করেননি; তাই, সুপারিশটি উন্মুক্ত রাখতে হবে;
- VII. নিরীক্ষিত প্রতিষ্ঠান সুপারিশের সাথে একমত নয়; কিন্তু প্রেরিত মন্তব্য, প্রমাণক এবং ন্যায্যতার যুক্তি মেনে নিলে সুপারিশ বাস্তবায়ন সংস্থার পক্ষে ঝুঁকিপূর্ণ হতে পারে। সুতরাং, সুপারিশটি উন্মুক্ত রাখতে হবে।

#### ৫.৬ পর্যালোচনা সিদ্ধান্তের যোগাযোগ (Communication of the Review Decision)

IAU কোন সিদ্ধান্ত গ্রহণ করলে সংশ্লিষ্ট সকলকে জানানো প্রয়োজন। যারা ইতোমধ্যে নিরীক্ষা প্রতিবেদনের অনুলিপি পেয়েছেন তাদের প্রত্যেকের কাছে সিদ্ধান্ত সম্বলিত পত্র প্রেরণ করতে হবে। IAU এর পরিচালকের ছুটিজনিত কারণে, উপ-পরিচালক যোগাযোগ পত্রে স্বাক্ষর করবেন।

#### ৫.৭ ফলো-আপের ডাটাবেস/রেকর্ড (Database/Records of Follow-Up)

বছরে একবার অবশ্যই IAU ডাটাবেস এবং ফলো-আপ রেকর্ড হালনাগাদ করতে হবে। সিদ্ধান্ত অনুযায়ী ডাটাবেস বা ফলো-আপ রেকর্ডের সমস্ত সুপারিশ উন্মুক্ত থাকবে। সুপারিশের বিপরীতে নিরীক্ষিত প্রতিষ্ঠান প্রদত্ত প্রাথমিক যে মন্তব্যগুলি ইতিমধ্যেই বিবেচনা করা হয়েছে সেই সুপারিশগুলি ডাটাবেস/ফলো-আপ রেকর্ডে অন্তর্ভুক্ত থাকবে। সুপারিশের একটি ডাটাবেস রাখার বাধ্যবাধকতা সম্পর্কে অভ্যন্তরীণ নিরীক্ষা কর্তৃক নিরীক্ষিত প্রতিষ্ঠানকে অবহিত করবে যা প্রতি বছর বাস্তবায়ন এবং হালনাগাদ করতে হবে।

নিরীক্ষিত প্রতিষ্ঠানকে অবশ্যই অনুরোধ করতে হবে এবং প্রমাণ দিতে হবে যে প্রতিষ্ঠান পরামর্শগুলি অনুসরণ করে চলেছে। এই অনুরোধের অনুলিপি অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন প্রাপ্ত সংশ্লিষ্ট সকলকে দিতে হবে। IAU কর্তৃক পর্যালোচনা, পরীক্ষা এবং নিরীক্ষিত প্রতিষ্ঠান পরামর্শ অনুসরণ করে প্রয়োজনীয় অন্যান্য কাজগুলি সম্পন্ন করেছে তা যাচাইপূর্বক পরামর্শটি ফলো-আপের আওতায় নিষ্পত্তি করা যেতে পারে। নিষ্পত্তি বা এখনও উন্মুক্ত আছে তা ফলো-আপ ফলাফলের অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনের কপি যারা পেয়েছেন তাদের সকলকে IAU অবশ্যই জানাবে। সুপারিশ নিষ্পত্তি করার সিদ্ধান্ত অনুসরণে ফলো-আপের ডেটাবেস/রেকর্ড হালনাগাদ করতে হবে। যেগুলিতে ফলো-আপের সুপারিশ রয়েছে সেগুলি নিয়ে প্রতি বছর IAU কে একটি নতুন ডাটাবেস প্রস্তুত করতে হবে। চলতি বছরের সুপারিশ রেকর্ড করার জন্য বাইল্ডিং-বুক/এক্সেল ডাটাবেসের নতুন সেট ব্যবহার করতে হবে।

#### ৫.৮ রেকর্ডকৃত সুপারিশ অনুসরণ (Follow-Up of Recorded Recommendations)

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব পাওয়া ও তথ্য প্রদান, এবং সুপারিশগুলিকে একটি বাঁধাই বই/এক্সেল ডাটাবেসে নথিভুক্ত করার পর ফলো-আপ প্রক্রিয়ার দ্বিতীয় অংশ শুরু হয়। যখন একটি সুপারিশের বাস্তবায়ন শেষ হয় বা যখন এটি বাস্তবায়নের আর প্রয়োজন হয় না, তখন নিরীক্ষিত প্রতিষ্ঠান পরবর্তী পদক্ষেপের জন্য সুপারিশগুলি নিষ্পত্তি করার নিমিত্তে অবশ্যই সমর্থনকারী ডকুমেন্টেশনসহ অনুরোধ করবে। প্রাপ্ত মন্তব্য এবং সমর্থনকারী প্রমাণক পর্যালোচনা, যাচাই এবং পরীক্ষা করার পরে সুপারিশটি নিষ্পত্তি করতে হবে বা এটিকে আরও তদন্তের জন্য উন্মুক্ত রাখতে হবে কিনা যা IAU নির্ধারণ করবে। নিরীক্ষিত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত রেকর্ড এবং অন্যান্য সহায়ক উপকরণগুলি নিরীক্ষক যাচাই করবেন এবং নিশ্চিত করবেন যে বৈধ অনুরোধ করা হয়েছে। নিরীক্ষা পদ্ধতিটি বেশ গুরুত্বপূর্ণ কারণ সুপারিশগুলির সাথে সমস্যা থাকতে পারে। তদুপরি, কিছু ক্ষেত্রে সুপারিশটি যথেষ্টভাবে বাস্তবায়িত হলে তা বিচার করা বাস্তব ভিত্তিক নয়।

নিরীক্ষিত প্রতিষ্ঠান নিরীক্ষার পরামর্শ এবং নীতিগুলি বাস্তবায়ন করে সংস্থার ঘাটতিগুলি পূরণ করেছে কিনা তা পুনরায় মূল্যায়ন করতে নিরীক্ষক কর্তৃক প্রথম নিরীক্ষার ন্যায় অনেক সময় এবং প্রচেষ্টার প্রয়োজন হয়। অভ্যন্তরীণ নিরীক্ষা দলকে নিরীক্ষিত প্রতিষ্ঠানের মন্তব্যের উপর অনেকাংশে নির্ভর করতে হতে পারে, তবে তাদের নমুনা-ভিত্তিক নির্দিষ্ট যাচাই করতে হয়। নিরীক্ষা দলকে বস্তুনিষ্ঠতা (objectivity) বজায় রাখতে হবে এবং সুপারিশের মালিকানা ও সম্পৃক্ততা ধরে রাখা যাবে না। সুপারিশ বাস্তবায়নে নিরীক্ষিত প্রতিষ্ঠানের প্রচেষ্টা এবং ভবিষ্যতে পরিস্থিতির উন্নতি ঘটবে। ফলে, একই ধরনের আঘটন আর ঘটবে না মনে হওয়া নিরীক্ষকের জন্য নিরীক্ষিত প্রতিষ্ঠানের প্রতি একটি ইতিবাচক মনোভাব এবং উপসংহারে পৌঁছাতে সহায়ক হয়। এক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিষয় হল কার্যক্রমের কার্যকারিতা এবং দক্ষতা উন্নত হয়েছে কিনা লক্ষ্য রাখা। ফলে, যদি ইচ্ছাকৃত অন্যায্য করার কোন লক্ষণ না থাকে এবং অবস্থার উন্নতি করার প্রচেষ্টা দৃশ্যমান হয় তবে এক্ষেত্রে ফলো-আপ না করার সুপারিশ হবে সর্বোত্তম সিদ্ধান্ত। যারা নিরীক্ষা প্রতিবেদন পেয়েছেন তাদের সবার কাছে সিদ্ধান্তের একটি কপি প্রেরণ করতে হবে।

#### ৫.৯ রেকর্ডকৃত সুপারিশ নিষ্পত্তি (Disposal of Recorded Recommendations)

যে সুপারিশগুলি তিন বছরেরও বেশি সময় ধরে চলমান সেগুলি IAU দ্বারা নতুনভাবে মূল্যায়ন করাতে হবে। এই পুনর্মূল্যায়নের উদ্দেশ্য হল পরবর্তী পদক্ষেপের জন্য সুপারিশগুলিকে উন্মুক্ত রাখা যৌক্তিক হবে কিনা তা নির্ধারণ করা। যে সুপারিশগুলি বিভাগ কর্তৃক নিষ্পত্তি করার উপযুক্ত মর্মে প্রতীয়মান হবে সেগুলি অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধানের অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। চূড়ান্ত সুপারিশে ন্যায্যতা এবং সমর্থনের পাশাপাশি সুপারিশগুলি কার্যকর করতে ব্যর্থ ব্যক্তি বা সংস্থাগুলির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার প্রস্তাব অন্তর্ভুক্ত থাকবে। গৃহীত সিদ্ধান্তের আলোকে ফলো-আপের জন্য ডাটাবেস হালনাগাদ করতে হবে। IAU কে সুপারিশ নিষ্পত্তির জন্য স্ট্যান্ডার্ড বাইন্ডিং-বুক/এক্সেল বিন্যাসে প্রস্তাব পেশ করতে হবে।

#### ৫.১০ ফলো-আপ অবস্থার প্রতিবেদন (Reports of Follow-Up Status)

IAU একটি মাসিক ফলো-আপ প্রতিবেদন প্রণয়ন করবে যাতে পূর্ববর্তী মাসের সুপারিশের সংখ্যা, নতুন যুক্ত হওয়া সুপারিশ, এ মাসে নিষ্পত্তি হওয়া সুপারিশের সংখ্যা এবং পরের মাসে বিবেচনার জন্য অবশিষ্ট সুপারিশের তালিকাবদ্ধ থাকবে। প্রতিবেদনটি সংক্ষিপ্ত আকারে হবে এবং অন্যান্য প্রাসঙ্গিক বিবরণ যেমন প্রদত্ত পরামর্শের সাথে যুক্ত খরচ এবং সম্পাদনের দায়িত্বে নিয়োজিত নিরীক্ষিত প্রতিষ্ঠান ইন-চার্জের নাম থাকবে। **ফর্ম-২২** হল মাসিক ফলো-আপ প্রতিবেদনের জন্য প্রস্তাবিত ফরমেট। PAO পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে মাসিক প্রতিবেদন পাবে। নিরীক্ষিত প্রতিষ্ঠান সমস্যা নিয়ে যেন আলোচনা করতে পারে এবং ফলো-আপ প্রক্রিয়া বেগবান করতে পারে সেজন্য IAU উর্ধ্বতন ব্যবস্থাপনা সভায় প্রতিবেদন এবং অন্যান্য বিষয়াদি উপস্থাপন করবেন।

## অধ্যায় ৬ - নথিবদ্ধকরণ

### ৬.১ পটভূমি

অভ্যন্তরীণ নিরীক্ষা প্রক্রিয়ার পরিকল্পনা পর্যায় নিরীক্ষা প্রতিবেদন প্রকাশের সাথে সমাপ্ত হয়। এই অভ্যন্তরীণ নিরীক্ষা ম্যানুয়াল একটি নিরীক্ষার পরিকল্পনা, সম্পাদন এবং প্রতিবেদনের পর্যায়ের জন্য বিভিন্ন ধরনের সুপারিশ প্রদান করে। নিরীক্ষা ম্যানুয়ালটি সাধারণ ফর্ম যেমন টুলকিট (toolkits) এবং ম্যাট্রিক্স (matrix) অন্তর্ভুক্ত করে। পেশাদার অভ্যন্তরীণ নিরীক্ষা অনুশীলনের জন্য প্রতিটি কাজ সম্পন্ন করার সঠিক নথিবদ্ধকরণ, টুলকিট তৈরি, কার্যপত্র এবং প্রমাণ সংগ্রহের প্রয়োজন।

### ৬.২ নথিবদ্ধকরণ উদ্দেশ্য

অভ্যন্তরীণ নিরীক্ষককে অবশ্যই উপসংহার এবং নিযুক্তির ফলাফল সমর্থন করার জন্য প্রাসঙ্গিক তথ্য নথিভুক্ত করতে হবে।

**IIA মানদণ্ড ২৩৩০ - তথ্য নথিভুক্ত করা**

অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিটের পরিচালককে অবশ্যই নিযুক্তির রেকর্ডগুলি নিয়ন্ত্রণ করতে হবে এবং প্রতিটি রেকর্ড যে মাধ্যমটিতে সংরক্ষণ করা হয় তা নির্বিশেষে নিযুক্তির রেকর্ডগুলির সংরক্ষণের প্রয়োজনীয়তা উল্লেখ করতে হবে।

নিরীক্ষা দলকে অবশ্যই বিভিন্ন উৎস থেকে অসংখ্য নথি সংগ্রহ করতে হবে এবং তৈরি করতে হবে। ডকুমেন্টেশনের নথিবদ্ধকরণের মূল উদ্দেশ্য হল নিরীক্ষা প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয় সমস্ত রেকর্ড প্রবেশযোগ্য এবং যখনই প্রয়োজন তখন পুনরুদ্ধার করা নিশ্চিত করা। নথিবদ্ধকরণ নিরীক্ষা প্রতিবেদনকে সমর্থন করে, নিরীক্ষকদের পরিকল্পনা, সম্পাদন এবং নিরীক্ষা ব্যবস্থাপনায় সহায়তা করে এবং কীভাবে নিরীক্ষা করা হয়েছিল তার প্রমাণও দেয়।

### ৬.৩ গোপনীয়তা

একটি নিরীক্ষার উদ্দেশ্যে, অভ্যন্তরীণ নিরীক্ষকদের নিরীক্ষিত প্রতিষ্ঠানের ভৌত সম্পদসহ তার জনবল, সিস্টেম এবং তথ্যে অবাধ প্রবেশাধিকার। নিরীক্ষকরা যে সমস্ত উপাত্ত গ্রহণ করে এবং নিরীক্ষা দল যে বিশ্লেষণগুলি সম্পূর্ণ করে তা শুধুমাত্র নিরীক্ষার উদ্দেশ্যে। অভ্যন্তরীণ নিরীক্ষকদের জন্য নৈতিকতার একটি আদর্শ হল গোপনীয়তা। নীতিশাস্ত্র মেনে চলার একটি উপায় হল একটি উপযুক্ত নথিবদ্ধকরণ ব্যবস্থা থাকা।

অভ্যন্তরীণ নিরীক্ষকের উচিত তার দায়িত্ব পালনের সময় প্রাপ্ত তথ্যগুলিকে সুরক্ষা করা। তথ্যের কোনো অননুমোদিত প্রকাশ করা উচিত নয় যদি না এটি করার জন্য একটি আইনি বা পেশাদারী প্রয়োজনীয়তা থাকে।

**৬.৩.১ তথ্য ব্যবহার :** অভ্যন্তরীণ নিরীক্ষকরা তাদের কাজগুলি করার সময় যে তথ্য প্রাপ্ত হন তার ব্যবহার এবং সুরক্ষা সতর্কতার সাথে করা উচিত। তারা নিরীক্ষা চলাকালীন সংগৃহীত কোনো তথ্য কোনো ব্যক্তিগত লাভের জন্য বা এমনভাবে ব্যবহার করবে না যা আইন বা প্রতিষ্ঠিত পদ্ধতির বিরুদ্ধে হবে। নথি সুরক্ষার জন্য নিরীক্ষকের দায়িত্বের অংশ হিসেবে একটি ব্যাপক নথিবদ্ধকরণ ব্যবস্থার প্রয়োজন হয়।

**৬.৩.২ হেফাজত:** সমস্ত নিরীক্ষক নিরীক্ষা ফাইল, দলিলাদি এবং অন্যান্য প্রমাণাদি নিরাপদ রাখা এবং অননুমোদিত প্রবেশ নিষিদ্ধ করা নিশ্চিত করার জন্য দায়ী।

### ৬.৪ নিরীক্ষা নথি এবং বিষয়বস্তু

IAU কে অবশ্যই অসংখ্য নথি রক্ষণাবেক্ষণ করতে হবে এবং সেগুলি ফাইল করার জন্য একটি ব্যবস্থা থাকা উচিত।

এটি সর্বোত্তম অনুশীলনপূর্বক, বিশেষ করে এমডিএ ফাইলিং প্রক্রিয়া অনুসারে উন্নতি করতে হবে। এই অধ্যায়ে নিরীক্ষা নথির দুটি ভাগ যেমন চলতি নথি এবং স্থায়ী নথি নিয়ে আলোচনা করা হয়েছে।

**৬.৪.১ স্থায়ী নিরীক্ষা নথি:** সাংগঠনিক চার্ট, সিস্টেম নোট, কমিটির কাগজপত্র, গবেষণা সামগ্রী, অতীতের নিরীক্ষা প্রতিবেদন এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্য সবই স্থায়ী নিরীক্ষা নথিতে অন্তর্ভুক্ত করা হয়। এমনকি যদি এটি বার্ষিক ভিত্তিতে সংশোধনের প্রয়োজন হয়, তখন একটি স্থায়ী প্রকৃতির তথ্য স্থায়ী নিরীক্ষা ফাইলে সংগ্রহ করা হয়, তৈরি করা হয় এবং সংরক্ষণ করা হয়। উপরন্তু, যখনই একটি উল্লেখযোগ্য পরিবর্তন ঘটে IAU কে তা বিবেচনায় নিয়ে বছরে অন্তত একবার "ক্লায়েন্ট প্রোফাইল" হালনাগাদ করতে হবে। **ফর্ম-২৩** এ স্থায়ী নিরীক্ষা নথির আইটেম/ডকুমেন্টের একটি তালিকা রয়েছে। উপরন্তু, এটি একটি নথি সূচক হিসাবে কাজ করবে।

**৬.৪.২ চলতি নিরীক্ষা নথি:** এতে নিরীক্ষার অধীনে বছরের সাথে সম্পর্কিত সমস্ত কার্যপত্র থাকে এবং এতে নিরীক্ষা পরিকল্পনা, সিস্টেম নোট এবং ফ্লোচার্ট, নিরীক্ষা কর্মসূচি, সিস্টেম মূল্যায়ন, পরীক্ষার ফলাফল, নিয়ন্ত্রণ দুর্বলতার রেকর্ড, নিরীক্ষা পর্যালোচনা নোট ইত্যাদি অন্তর্ভুক্ত থাকে।

সমস্ত নথি যা সংগ্রহ করা হয়েছে, তৈরি করা হয়েছে এবং প্রমাণ হিসাবে ব্যবহার করা হয়েছে তা প্রতিটি নিরীক্ষা নিয়ন্ত্রকের জন্য পৃথকভাবে ব্যবস্থাপনা করা আবশ্যিক কারণ এটি একটি স্বতন্ত্র অনুলীলন। নিরীক্ষা প্রক্রিয়াটি প্রস্তুতির সাথে শুরু হয়, নিরীক্ষা সম্পাদনের দিকে অগ্রসর হয় এবং নিরীক্ষা ফলাফল সম্বলিত প্রতিবেদনের মাধ্যমে শেষ হয়। ফাইলিং এবং ডকুমেন্ট করার প্রক্রিয়া অনুসরণ (follow-up) পর্যায়ে চলতে থাকে। সমস্ত তৈরি ফর্ম, প্রস্তুতকৃত কাগজপত্র ও তথ্য/প্রমাণ সঠিক ক্রমে নথিভুক্ত এবং রক্ষণাবেক্ষণ করা আবশ্যিক। **ফর্ম-২৪** হল আদর্শ ছক যা সূচি করে এবং কোন নথিগুলি কিভাবে সজ্জিত (ক্রমবিন্যাস) রাখা হয় তার তথ্য প্রদান করে।

### ৬.৫ সূচিকরণ এবং ক্রস রেফারেন্সিং

প্রতিটি নথির একটি সূচক নম্বর থাকে এবং সাধারণত কালানুক্রমিক ক্রমানুসারে সংরক্ষিত থাকে। নিরীক্ষক শুধুমাত্র নিরীক্ষা প্রক্রিয়া চলাকালীন নথি সংগ্রহ করে না বরং নথিপত্রের পরীক্ষা এবং সংগৃহীত অন্যান্য প্রমাণের ভিত্তিতে নতুন নথি তৈরি করে। ফলস্বরূপ, নিরীক্ষা নথিগুলিতে রক্ষিত কাগজপত্রাদির মধ্যে একটি সংযোগ রয়েছে। সংশ্লিষ্ট কাগজপত্রাদি সনাক্ত করা সহজ করার জন্য একটি রেফারেন্স প্রয়োজন। ক্রস-রেফারেন্সিং এ প্রক্রিয়াটিকে সহজ করে তোলে। উদাহরণস্বরূপ, নিরীক্ষক তিনটি (**ফর্ম-১২**) কাগজপত্র তৈরি করেছে, যার সবকটিই সাংগঠনিক কাঠামোর কাগজপত্রের উপর ভিত্তি করে। এ ফর্মগুলির সূচিতে, সাংগঠনিক কাঠামোর সূচক নম্বর নির্দিষ্ট করে একটি ক্রস রেফারেন্স থাকতে হবে।

### ৬.৬ নথি সংরক্ষণ

#### ৬.৬.১ নথি সংরক্ষণ :

চূড়ান্ত নিরীক্ষা প্রতিবেদন: অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিট এর সমস্ত চূড়ান্ত নিরীক্ষা এবং পরামর্শমূলক প্রতিবেদনগুলি ১০ বছরের জন্য IAU's দ্বারা বা সরকারি নথি সংরক্ষণ নীতি অনুসারে নথিভুক্ত করা উচিত।

নিরীক্ষা নিয়ন্ত্রকের উপর সংগৃহীত প্রমাণ: কোন প্রমাণ অভ্যন্তরীণ নিরীক্ষাকে আর্কাইভ করতে হবে তা বিবেচনায় নেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। যদি এটি নির্ধারণ করা হয় যে প্রমাণগুলিকে নিরীক্ষা কর্মসূচি ডকুমেন্টেশনের অংশ হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে, তবে এটি ইলেকট্রনিকভাবে বা বাইন্ডিং বইতে সংরক্ষণ করা যেতে পারে। বহিঃস্থ গুণমান নিশ্চিতকরণ মূল্যায়নের (External Quality Assurance evaluation) সাথে সংশ্লিষ্টতার কারণে নথিসমূহ কমপক্ষে ছয় বছরের জন্য সংরক্ষণ করতে হবে। তাদের পর্যালোচনাগুলি সম্পাদন করার জন্য, HIA এর নিরীক্ষা কর্মসূচিতে যা নির্দেশ করা হয়েছে তার চেয়ে বেশি কাগজপত্রের প্রয়োজন হতে পারে।

এটি গুরুত্বপূর্ণ যে নিরীক্ষা কর্মসূচি, প্রমাণের নথিবদ্ধকরণ এবং প্রতিবেদনের নিরীক্ষা পর্যবেক্ষণের মধ্যে একটি নিরীক্ষা পথানুসরণ/সংযোগ রয়েছে।

অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের সাথে সম্পর্কিত নথিগুলি কমপক্ষে ৬ বছরের জন্য একটি সুরক্ষিত নেটওয়ার্ক ড্রাইভে রাখা উচিত। এর মধ্যে রয়েছে:

- I. বার্ষিক নিরীক্ষা পরিকল্পনা;
- II. নিরীক্ষা কমিটির প্রতিবেদন;
- III. অভ্যন্তরীণ নিরীক্ষা প্রক্রিয়া;
- IV. নিরীক্ষা এবং কর্ম বাস্তবায়নের জন্য প্রাসঙ্গিক জনবলের তথ্য;
- V. সাধারণ তথ্য যা নিরীক্ষার সাথে প্রাসঙ্গিক এবং উপরে চারটি বিভাগে শ্রেণীবদ্ধ করা যায় না।

#### ৬.৬.২ শিক্ষা অর্জন এবং জ্ঞান স্থানান্তর

এটি বিভাগীয় স্তরে জ্ঞান স্থানান্তরকে অন্তর্ভুক্ত করে। সমস্ত বিভাগীয় স্তরে জ্ঞান স্থানান্তর নিম্নলিখিত ক্ষেত্রে সঞ্চালিত হয়:

- I. অভ্যন্তরীণ নিরীক্ষা নিরীক্ষা প্রক্রিয়া উন্নত করতে অংশীজন সন্তুষ্টি সমীক্ষা থেকে প্রাপ্ত প্রতিক্রিয়া পর্যালোচনা করে;
- II. অভ্যন্তরীণ নিরীক্ষা প্রক্রিয়া নিয়ন্ত্রণের জন্য ভাল অনুলীলন সংশ্লিষ্ট কাগজপত্রাদি নথিভুক্ত করে এবং

- অনুরূপ প্রক্রিয়া পর্যালোচনা করার সময় অন্যান্য দাপ্তরিক ইউনিটে জ্ঞান স্থানান্তর নিশ্চিত করে;
- III. প্রক্রিয়া স্তরে নিরীক্ষার সময় চিহ্নিত ঝুঁকিগুলিকে এমডিএ স্তরে পদ্ধতিগতভাবে রেকর্ডভুক্ত করা হয় যা নিরীক্ষা ঝুঁকি মূল্যায়ন করে (অভ্যন্তরীণ নিরীক্ষার পরিকল্পনা পর্যায়);
  - IV. আগামী বছরের নিরীক্ষা পরিকল্পনা তৈরিতে উন্মুক্ত পয়েন্টগুলির জন্য নিরীক্ষা প্রতিবেদন এবং ফলো-আপ প্রতিবেদনগুলি পর্যালোচনা করা;
  - V. ক্রমাগত পেশাদারিত্ব বিকাশের জন্য অভ্যন্তরীণ নিরীক্ষকদের অবশ্যই তাদের জ্ঞান, দক্ষতা এবং অন্যান্য দক্ষতা বৃদ্ধি করতে হবে;
  - VI. সমস্ত অভ্যন্তরীণ নিরীক্ষকদের প্রতি বছরে কমপক্ষে ৪০টি ক্রমাগত পেশাগত শিক্ষা (CPE) ঘন্টা প্রশিক্ষণ থাকতে হবে;
  - VII. সমস্ত অভ্যন্তরীণ নিরীক্ষকদের অবশ্যই সার্টিফাইড ইন্টারনাল অডিটর (CIA)/সার্টিফাইড ইনফরমেশন সিস্টেম অডিটর (CISA) / সার্টিফাইড পাবলিক অ্যাকাউন্ট্যান্ট (CPA) /চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস (CA) সার্টিফিকেট অর্জন করা উচিত।

## অধ্যায় ৭ - গুণমান নিশ্চিতকরণ এবং উন্নতিসাধন কর্মসূচি

### ৭.১ পটভূমি

এ কর্মসূচির লক্ষ্য হল একটি স্তরের নিশ্চয়তা প্রদান করা যাতে নিরীক্ষা কাজটি অভ্যন্তরীণ নিরীক্ষা চার্টার এবং অন্য যে কোন প্রাসঙ্গিক নীতি ও মানদণ্ড মেনে করা হয়। উপরন্তু, গুণমান নিশ্চিতকরণ এবং উন্নতিসাধন কর্মসূচি (QA&IP) একটি ন্যায্য স্তরের আত্মবিশ্বাস প্রদান করবে যে IAU কার্যকরভাবে এবং দক্ষতার সাথে পরিচালিত হয় এবং অংশীজনরা বিশ্বাস করেন যে এটি MDA এর ক্রিয়াকলাপ উন্নত করেছে এবং মূল্য যোগ করেছে।

### ৭.২ গুণমান নিশ্চিতকরণ এবং উন্নতিসাধন কর্মসূচির উন্নয়ন এবং রক্ষণাবেক্ষণ

উপরে উল্লিখিত নির্দেশিকা অনুসারে, IAU এর প্রধানকে অবশ্যই একটি গুণমান নিশ্চিতকরণ এবং উন্নতিসাধন কর্মসূচি (QA&IP) প্রস্তুত এবং রক্ষণাবেক্ষণ করতে হবে যা অভ্যন্তরীণ নিরীক্ষার প্রতিটি দিককে অন্তর্ভুক্ত করে। MDA কর্তৃপক্ষ এবং অডিট কমিটিকে যুক্তিসঙ্গত নিশ্চয়তা দেওয়ার উদ্দেশ্যে IAU এর প্রধানের দায়িত্ব হওয়া উচিত যে পদ্ধতিগুলি বাস্তবায়ন করা হচ্ছে তা IAU এর উদ্দেশ্য অনুযায়ী:

- চার্টার এবং ম্যানুয়াল অনুসরণ করে কাজ করে;

প্রধান নিরীক্ষা নির্বাহীকে অবশ্যই একটি গুণমান নিশ্চিতকরণ এবং উন্নতিসাধন কর্মসূচি তৈরি এবং রক্ষণাবেক্ষণ করতে হবে যা অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যকলাপের সমস্ত দিককে অন্তর্ভুক্ত করে।

- MDA তে মান যোগ করতে কার্যকরী এবং দক্ষতার সাথে কাজ করে।

### ৭.৩ অভ্যন্তরীণ এবং বহিঃস্থ উভয় মূল্যায়ন

গুণমান নিশ্চিতকরণ এবং উন্নতিসাধন কর্মসূচিতে অবশ্যই অভ্যন্তরীণ এবং বহিঃস্থ মূল্যায়ন অন্তর্ভুক্ত থাকতে হবে।

#### IIA □□□□□□□□ ১৩১০- গণমান নিশ্চিতকরণ এবং উন্নতিসাধন কর্মসূচি

IIA গুণমান নিশ্চিতকরণ এবং উন্নতিসাধন কর্মসূচিতে অবশ্যই অভ্যন্তরীণ এবং বহিঃস্থ মূল্যায়ন অন্তর্ভুক্ত থাকতে হবে এবং সেই প্রক্রিয়াটি অবশ্যই QA&IP এর ক্রমাগত উন্নতি নিশ্চিত করবে।

### ৭.৪ অভ্যন্তরীণ মূল্যায়ন

অভ্যন্তরীণ মূল্যায়ন অবশ্যই অন্তর্ভুক্ত করবে:

- অভ্যন্তরীণ নিরীক্ষার কর্মকৃতি ধারাবাহিক পর্যবেক্ষণ।
- অভ্যন্তরীণ নিরীক্ষা অনুশীলনের পর্যাপ্ত জ্ঞানসম্পন্ন ব্যক্তিগণ কর্তৃক স্ব-মূল্যায়ন বা সংস্থার অন্যান্য ব্যক্তিদের দ্বারা পর্যায়ক্রমিক মূল্যায়ন।

#### IIA মানদণ্ড ১৩১১ - অভ্যন্তরীণ মূল্যায়ন

চলমান এবং পুনরাবৃত্ত অভ্যন্তরীণ মূল্যায়ন উভয়ই QA&IP এর অংশ হওয়া উচিত। এ চলমান এবং পর্যায়ক্রমিক মূল্যায়নসমূহ অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যকলাপের অবিচ্ছেদ্য অংশ। চলমান মূল্যায়ন কাজ তত্ত্বাবধানের মাধ্যমে পরিচালিত হয়, যাতে অন্তর্ভুক্ত থাকে:

- পর্যালোচক (reviewer) কর্তৃক নিয়ন্ত্রিত তত্ত্বাবধান;
- কার্যপত্রসমূহ পর্যালোচনা;
- IA ম্যানুয়ালে অন্তর্ভুক্ত অভ্যন্তরীণ নিরীক্ষা প্রক্রিয়া (IAP);
- ব্যক্তিগত নিয়ন্ত্রিত উপর গ্রাহক জরিপের প্রতিক্রিয়া;
- KPI এবং কর্মসম্পাদন মেট্রিক্স/ড্যাশবোর্ডের বিশ্লেষণ;

vi. পর্যালোচনা (review) কমিটির প্রতিবেদন পর্যালোচনা।

মেয়াদি পর্যালোচনাগুলি পরিচালিত হতে পারে:

- i. দ্বি-বার্ষিক অডিট ক্লায়েন্ট জরিপ;
- ii. কার্যপত্রসমূহের পর্যায়ক্রমিক মূল্যায়ন;
- iii. নিরীক্ষা পরিকল্পনার জন্য বার্ষিক ঝুঁকি মূল্যায়ন;
- iv. অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পাদন মেট্রিক্স পর্যালোচনা;
- v. পর্যায়ক্রমিক কর্মসম্পাদন প্রতিবেদন অডিট কমিটির কাছে প্রেরণ।

#### ৭.৫ বহিঃস্থ মূল্যায়ন

বহিঃস্থ মূল্যায়ন প্রতি পাঁচ বছরে অন্তত একবার একজন যোগ্য স্বাধীন পর্যালোচক বা MDA এর বাইরের

বহিঃস্থ মূল্যায়ন অবশ্যই কমপক্ষে পাঁচ বছরে একটি যোগ্য, স্বাধীন মূল্যায়নকারী বা সংস্থার বাইরের মূল্যায়ন দল দ্বারা পরিচালিত হতে হবে। প্রধান নিরীক্ষা নির্বাহীকে অবশ্যই বোর্ডের সাথে আলোচনা করতে হবে:

- বহিঃস্থ মূল্যায়নের ফর্ম এবং সংখ্যা।
- স্বার্থের সম্ভাব্য দ্বন্দ্ব সহ বহিঃস্থ মূল্যায়নকারী বা মূল্যায়ন দলের যোগ্যতা এবং স্বাধীনতা।

পর্যালোচনা দল দ্বারা করা উচিত। IAU প্রধানের নিশ্চিত হওয়া উচিত যে পর্যালোচকের কোন বাস্তব বা আপাত স্বার্থের দ্বন্দ্ব নেই।

IAU অবশ্যই একটি আনুষ্ঠানিক, লিখিত প্রতিবেদনের উপর নির্ভর করবে যা অভ্যন্তরীণ নিরীক্ষার পেশাদার অনুশীলনের আন্তর্জাতিক মানগুলির সাথে তার সম্মতি সম্পর্কিত মতামত প্রকাশ করে এবং যেখানে প্রয়োজন হয়, উন্নতির জন্য পরামর্শ দেয়।

প্রধান নিরীক্ষা নির্বাহীকে অবশ্যই গুণগত নিশ্চয়তা এবং উন্নতিসাধন কর্মসূচির ফলাফলগুলি সিনিয়র ব্যবস্থাপনা এবং বোর্ডকে জানাতে হবে। ডিসক্লোজার এ অন্তর্ভুক্ত করা উচিত:

- অভ্যন্তরীণ এবং বহিঃস্থ উভয় মূল্যায়নের পরিধি এবং সংখ্যা।
- সম্ভাব্য স্বার্থের দ্বন্দ্ব সহ মূল্যায়নকারী (গণের) বা মূল্যায়ন দলের যোগ্যতা এবং স্বাধীনতা।
- মূল্যায়নকারীদের উপসংহার।
- সংশোধনমূলক কর্ম পরিকল্পনা।

#### ৭.৬ গুণমান নিশ্চিতকরণ এবং উন্নতিসাধন কর্মসূচির উপর প্রতিবেদন

PAO এবং অডিট কমিটিকে IAU মূল্যায়নের ফলাফল সম্পর্কে অবহিত করা উচিত। বহিঃস্থ মূল্যায়ন প্রতিবেদনে করা মন্তব্য এবং পরামর্শের প্রতিক্রিয়ায় একটি বিশদ কর্ম পরিকল্পনা প্রতিবেদনের সাথে অন্তর্ভুক্ত করা উচিত। প্রতিবেদনে উল্লিখিত কর্ম পরিকল্পনা এবং পরামর্শগুলি যাতে অবিলম্বে সম্পাদিত হয় তা নিশ্চিত করার জন্য IAU প্রধানকে যথাযথ ফলো-আপ ব্যবস্থা গ্রহণ করা উচিত। চলমান পর্যবেক্ষণের ফলাফল অবশ্যই বছরে অন্তত একবার অবহিত করতে হবে।

## ফর্মস

ম্যানুয়ালটিতে মোট ২৪টি ফর্ম ব্যবহার করা হয়েছে। ফর্মগুলো শুধুমাত্র নির্দেশনার জন্য প্রযোজ্য। FD-এর সাথে পরামর্শক্রমে PAO-এর অনুমোদন নিয়ে ফর্মগুলো নিয়মিত পর্যালোচনা, সংশোধন এবং হালনাগাদ করা যাবে।

ফর্ম ১:	নিরীক্ষাযোগ্য অফিস/প্রকল্প.....	73
ফর্ম ২:	উর্ধ্বতন কর্তৃপক্ষের মতামত অন্তর্ভুক্তকরণ.....	74
ফর্ম ৩:	লাইন ম্যানেজমেন্ট থেকে প্রাপ্ত মতামত অন্তর্ভুক্তকরণ.....	75
ফর্ম ৪:	কর্মকর্তা, সুবিধাভোগী এবং অন্যান্য অংশীজনদের নিকট থেকে প্রাপ্ত মতামত অন্তর্ভুক্তকরণ.....	76
ফর্ম ৫:	অভ্যন্তরীণ নিরীক্ষক কর্তৃক বৃহৎ ঝুঁকি (Broad Risk) পরিমাপ.....	77
ফর্ম ৬:	নিরীক্ষা র‍্যাঙ্কিংসহ নিরীক্ষাযোগ্য এলাকার সমন্বিত তালিকা.....	78
ফর্ম ৭:	ঝুঁকি পয়েন্টসহ নিরীক্ষাযোগ্য এলাকার সমন্বিত তালিকা.....	79
ফর্ম ৮:	নিরীক্ষা ক্ষেত্রের ঝুঁকি পয়েন্ট ফ্যাক্টরিং.....	80
ফর্ম ৯:	অভ্যন্তরীণ নিরীক্ষার জন্য সম্ভাব্য কর্মদিবস গণনা.....	82
ফর্ম ১০:	নিরীক্ষাযোগ্য বিষয় ঝুঁকি ভিত্তিক র‍্যাঙ্কিং ও বরাদ্দকৃত কর্মদিবস.....	83
ফর্ম ১১:	ঝুঁকি-ভিত্তিক বার্ষিক অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা.....	84
ফর্ম ১২:	প্রতিষ্ঠান সম্পর্কিত ধারণা.....	89
ফর্ম ১৩:	মূল প্রক্রিয়া (Key Process) বিশ্লেষণ.....	90
ফর্ম ১৪:	অন্তর্নিহিত ঝুঁকির বিবরণ এবং র‍্যাঙ্কিং.....	91
ফর্ম ১৫:	অবশিষ্ট (Residual) ঝুঁকি র‍্যাঙ্ক এবং নিরীক্ষা কর্মসূচী.....	92
ফর্ম ১৬:	অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা.....	93
ফর্ম ১৭:	সূচনা সভা.....	94
ফর্ম ১৮:	নিরীক্ষা সম্পাদন - ওয়ার্কিং পেপার.....	96
ফর্ম ১৯:	অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন.....	97
ফর্ম ২০:	সমাপনী সভা.....	100
ফর্ম ২১:	অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন ইস্যু করার জন্য মেমো.....	101
ফর্ম ২২:	মাসের ফলো-আপ প্রতিবেদন.....	102
ফর্ম ২৩:	স্থায়ী ফাইল.....	103
ফর্ম ২৪:	বর্তমান ফাইল.....	104

MDA'র নাম: .....  
অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিট

ফর্ম ১: নিরীক্ষাযোগ্য অফিস/প্রকল্প

নং	অফিস/প্রকল্পের নাম	যোগাযোগের জন্য প্রযোজ্য ব্যক্তি	ফোন নম্বর এবং ই-মেইল
১			
২			
৩			
৪			
৫			

জমাদানকারীর নাম ও তারিখ

সুপারিশকারীর নাম ও তারিখ

অনুমোদনকারীর নাম ও তারিখ

**নোট:**

- তালিকাটি ঝুঁকিসহ সংশ্লিষ্ট সকল বিষয় বিবেচনায় নিয়ে প্রস্তুত করতে হবে;
- কর্মশালার আয়োজন, কর্মকর্তা ও জনসাধারণের সাথে মতবিনিময়ের মাধ্যমে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিরীক্ষার ক্ষেত্র (Audit Universe) নির্ধারণ করতে হবে।

MDA'র নাম: .....  
অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিট

ফর্ম ২: ঊর্ধ্বতন কর্তৃপক্ষের মতামত অন্তর্ভুক্তকরণ

নং	অফিস/প্রকল্পের নাম	নিরীক্ষা ক্ষেত্র অনুসারে র‍্যাঙ্কিং (১,২,৩)			আবশ্যকভাবে নিরীক্ষাযোগ্য অন্যান্য বিষয়াদি
		আর্থিক ব্যবস্থাপনা	ক্রয় (procurement) এবং চুক্তি ব্যবস্থাপনা	প্রকল্প এবং/অথবা অপারেশনাল ম্যানেজমেন্ট	
১					
২					
৩					
৪					

- র‍্যাঙ্কিংয়ের ক্ষেত্রে ১ - অবশ্যই নিরীক্ষাযোগ্য, ২ - গুরুত্বপূর্ণ ও ৩ - গুরুত্বপূর্ণ নয়;
- বার্ষিক অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা প্রণয়নে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের মতামত অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিট (IAU) কে সহায়তা করবে।

পরিচালক  
অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিট

নোট:

- **আর্থিক ব্যবস্থাপনা:** বাজেট প্রণয়ন, আয় প্রাপ্তি, অর্থ পরিশোধ, লেনদেন রেকর্ড করা, ঊর্ধ্বতন কর্তৃপক্ষ এবং দাতাদের নিকট প্রতিবেদন প্রেরণ, নথিসমূহ সুরক্ষা এবং আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক অন্যান্য কার্যক্রম;
- **ক্রয় ও চুক্তি ব্যবস্থাপনা:** পণ্য, কার্য ও সেবা সনাক্তকরণ, স্পেসিফিকেশন প্রণয়ন, প্রারম্ভিক মূল্য নির্ধারণ, দরপত্র প্রস্তুত, আহবান, মূল্যায়ন এবং চুক্তি সম্পাদন, অগ্রগতি পরিবীক্ষণ, পণ্য, কার্য ও সেবার পরিমাণ ও গুণগতমান যাচাইকরণ, চুক্তির শর্তানুসারে অর্থ পরিশোধ, ত্রুটির দায়, ওয়ারেন্টি ও পরবর্তী পরিসেবা এবং ক্রয় ও চুক্তি ব্যবস্থাপনা সম্পর্কিত অন্যান্য বিষয়াদি;
- **প্রকল্প এবং/অথবা অপারেশনাল ম্যানেজমেন্ট:** প্রকল্প অথবা প্রকল্পের অধীন কার্যক্রম সনাক্তকরণ, লক্ষ্য উদ্দেশ্যের আলোকে প্রকল্পের অগ্রগতি ও সামগ্রিক অর্জন, সুবিধাভোগীদের সেবা প্রদান, স্থাবর সম্পদ ও জনবলের যথার্থ ব্যবহারসহ প্রকল্প ব্যবস্থাপনার সাথে সম্পর্কিত অন্যান্য বিষয়াবলী;
- **অন্যান্য বিষয়াদি:** ঊর্ধ্বতন কর্তৃপক্ষের বিবেচনায় নিরীক্ষাযোগ্য বিষয়সমূহ।

MDA'র নাম: .....  
অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিট

ফর্ম ৩: লাইন ম্যানেজমেন্ট থেকে প্রাপ্ত মতামত অন্তর্ভুক্তকরণ

অফিস/প্রকল্পের নাম:

আইনগত কোন বাধ্যবাধকতা না থাকলে অভ্যন্তরীণ নিরীক্ষকগণ যথাযথ কর্তৃপক্ষের নির্দেশ ছাড়া কোন তথ্য প্রকাশ করবে না।

### যোগ্যতা

অভ্যন্তরীণ নিরীক্ষকগণ অভ্যন্তরীণ নিরীক্ষা পরিষেবাগুলির কার্য সম্পাদনে প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা এবং অভিজ্ঞতা প্রয়োগ করবে।

### আচরণ বিধি

#### ১. সততা

অভ্যন্তরীণ নিরীক্ষক:

- ১.১ সততা, অধ্যবসায় এবং দায়িত্বের সাথে তাদের কাজ সম্পাদন করবে;
- ১.২ আইন পালন করবে এবং আইন ও পেশা যেভাবে প্রত্যাশা করে তা প্রকাশ করবে;
- ১.৩ জেনেশুনে কোন বেআইনি কার্যকলাপের সাথে সম্পৃক্ত হবেন না বা অভ্যন্তরীণ নিরীক্ষণের পেশা বা সংস্থার জন্য অসম্মানজনক কাজে জড়াবে না;
- ১.৪ সংগঠনের বৈধ এবং নৈতিক উদ্দেশ্য সম্পর্কে সম্মান করবে এবং তা অর্জনে অবদান রাখবে।

#### ২. বস্তুনিষ্ঠতা

অভ্যন্তরীণ নিরীক্ষক:

- ২.১ নিরপেক্ষ মূল্যায়নকে ক্ষতিগ্রস্ত করতে পারে বা অনুমান করা যেতে পারে এমন কোনো কার্যকলাপ বা বিষয়ে অংশগ্রহণ করবে না। যদি এই অংশগ্রহণে সংস্থার স্বার্থের সাথে সাংঘর্ষিক হতে পারে এমন ক্রিয়াকলাপ বা বিষয় অন্তর্ভুক্ত থাকে;
- ২.২ এমন কোনো কিছু গ্রহণ করা যাবে না যা পেশাদার বিচারকে ক্ষতিগ্রস্ত করতে পারে বা অনুমান করতে পারে;
- ২.৩ জানা সমস্ত বস্তুগত তথ্য প্রকাশ করবে না, যা প্রকাশ না করলে পর্যালোচনাধীন কার্যকলাপের প্রতিবেদন বিকৃত হতে পারে।

#### ৩. গোপনীয়তা

অভ্যন্তরীণ নিরীক্ষক:


- ৩.১ দায়িত্ব পালনকালে অর্জিত তথ্যের ব্যবহার ও সুরক্ষায় বিচক্ষণ হবে;
- ৩.২ কোনো ব্যক্তিগত লাভের জন্য বা আইনের পরিপন্থী বা প্রতিষ্ঠানের বৈধ ও নৈতিক উদ্দেশ্যের জন্য ক্ষতিকর কোনো উপায়ে তথ্য ব্যবহার করবে না।

#### ৪. যোগ্যতা

অভ্যন্তরীণ নিরীক্ষক:

- ৪.১ প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা এবং অভিজ্ঞতা আছে শুধুমাত্র সেইসব পরিষেবায় নিয়োজিত থাকবে;
- ৪.২ অভ্যন্তরীণ নিরীক্ষার পেশাদার অনুশীলনের জন্য আন্তর্জাতিক মান অনুসারে অভ্যন্তরীণ নিরীক্ষা পরিষেবা সম্পাদন করবে;
- ৪.৩ ক্রমাগত দক্ষতা, পরিষেবার কার্যকারিতা এবং গুণমান উন্নয়নে সচেষ্ট থাকবে।

পরিশিষ্ট ৫: অভ্যন্তরীণ নিরীক্ষা প্রক্রিয়ার প্রবাহ চিত্র



৬. প্রয়োজনীয় কার্যক্রম কি নির্দিষ্ট সময়ের মধ্যে অর্জিত হয়েছে? ৭. কর্মকর্তা ও কর্মচারীদের কর্মকাল পর্যবেক্ষণ করার জন্য কোন তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষ আছে কি? ৮. দায়িত্ব ও কর্তৃত্বের সুস্পষ্ট অর্পণ যথেষ্টভাবে লিখিত আছে কিনা? এবং সংস্থার সব স্তরে বোঝা যায় কিনা? সে অনুযায়ী কি দায়িত্ব পালন করা হয়? দায়িত্ব এবং কর্তৃত্ব অর্পণ উপযুক্ত কিনা? ৯. কর্মীদের জন্য পর্যাপ্ত কাজের বিবরণ আছে কি? ১০. প্রতিষ্ঠানে কি উল্লেখযোগ্য পরিবর্তন হয়েছে যা অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের কার্যকারিতার উপর প্রভাব ফেলতে পারে? (যেমন, মূল কর্মীদের হারানো, আউটসোর্সিং) ১১. একটি কার্যকর অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ/সেল আছে কি? ১২. যদি তা হয়, তাহলে কি অভ্যন্তরীণ নিরীক্ষা সরাসরি সংস্থার প্রধানের কাছে প্রতিবেদন প্রেরণ করে?			
--	--	--	--

নিয়ন্ত্রণের জন্য ব্যবস্থাপনা পদ্ধতি	হাঁ	না	মন্তব্য
নিরীক্ষা উদ্দেশ্য: > নিয়ন্ত্রণের জন্য ব্যবস্থাপনা পদ্ধতি কার্যকর কি না তা নির্ধারণ করা। প্রশ্ন: ১. ব্যবস্থাপনার কি নির্ভরযোগ্য তথ্যের প্রয়োজন হয় এবং প্রতিদিনের কার্যকলাপের সিদ্ধান্ত নিতে এটি কি ব্যবহার করে? ২. ব্যবস্থাপনার কাজের ধরণ কি পরিকল্পনা এবং উদ্দেশ্য অর্জন বা সংকট মোচন দ্বারা চিহ্নিত করা হয়? ৩. পরিকল্পনা, বাজেট এবং পর্যবেক্ষণ প্রক্রিয়ায় ব্যবস্থাপনা কতটা অংশ নেয়, নির্দেশনা দেয় এবং পর্যালোচনা করে? ৪. ব্যবস্থাপনা কি সময়মত বহিঃস্থ এবং অভ্যন্তরীণ নিরীক্ষকদের সুপারিশ বাস্তবায়ন করে?			
ব্যবস্থাপনা নিয়ন্ত্রণের জন্য কাঠামো	হাঁ	না	মন্তব্য
নিরীক্ষা উদ্দেশ্য: > ব্যবস্থাপনা নিয়ন্ত্রণের জন্য কাঠামোর পর্যাপ্ততা নির্ধারণ করা। প্রশ্ন: ১. পরিকল্পনা, মানসম্মত কাজের পদ্ধতি, অনুশীলন এবং নীতিগুলি যা অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও উদ্দেশ্য এবং অন্যান্য অভিপ্রেত ফলাফলের অর্জনকে আনুষ্ঠানিক এবং নথিভুক্ত করে? ২. নিম্নলিখিতগুলি আনুষ্ঠানিকভাবে নথিভুক্ত কিনা এবং নিয়ন্ত্রণের পরিবেশের কৌশলে নীতি এবং পদ্ধতি লভ্য আছে কিনা? i. একটি ব্যাপক নিরাপত্তা নীতি ii. সিস্টেম উন্নয়ন জীবন চক্র পদ্ধতি iii. নিয়ন্ত্রণ পদ্ধতি পরিবর্তন iv. অপারেটিং পদ্ধতি ৩. সকল স্টাফ সদস্যের জন্য ব্যবহারকারী ম্যানুয়াল আছে কিনা? ৪. যদি সংস্থা পরিকল্পনা করে বা একটি নতুন অ্যাপ্লিকেশন সিস্টেম বাস্তবায়নের প্রক্রিয়ায় থাকে, তাহলে প্রকল্পের নিয়ন্ত্রণের জন্য উপযুক্ত প্রকল্প ব্যবস্থাপনা পদ্ধতি কি নথিভুক্ত করা হয়েছে? ৫. পরিকল্পনা, নীতি, এবং পদ্ধতির বিষয়ে যোগাযোগের কার্যকর উপায় আছে কি? ৬. অভ্যন্তরীণ নিরীক্ষার দায়িত্ব কি পরিকল্পনা, নীতি এবং পদ্ধতির সাথে কমপ্লায়েন্স নিরীক্ষণ অন্তর্ভুক্ত করে? ৭. উর্ধ্বতন ব্যবস্থাপকরা কি পরিসংখ্যান এবং অন্যান্য তথ্য ব্যবহার করে কার্যকলাপের কার্যকারিতা এবং দক্ষতা নিয়ন্ত্রণ বা মূল্যায়ন করে? ৮. অস্বাভাবিক ব্যতিক্রমী পরিস্থিতি সনাক্তকরণ এবং নিষ্পত্তিতে কোনো ব্যবস্থা আছে কি?			
দায়িত্ব পৃথকীকরণ	হাঁ	না	মন্তব্য

<p>নিরীক্ষা উদ্দেশ্য:</p> <p>➤ লেনদেন রেকর্ড, সম্পাদন ও কর্তব্য এবং দায়িত্বগুলি পৃথক করা হয়েছে কিনা তা নির্ধারণ করা।</p> <p>প্রশ্ন:</p> <ol style="list-style-type: none"> <li>১. লেনদেন সূচনা, অনুমোদন ও লেনদেন রেকর্ডিং এবং সম্পদ রক্ষণাবেক্ষণের দায়িত্বগুলি কতটা আলাদা করা হয়েছে?</li> <li>২. দায়িত্ব পৃথকীকরণ কার্যকর করার জন্য পদ্ধতি আছে কিনা?</li> <li>৩. কর্মীদের অবকাশের সময় অনুপস্থিতি, অসুস্থতা বা শূন্যপদের কারণে দায়িত্বের পৃথকীকরণ বজায় রাখা হয় কিনা?</li> <li>৪. ব্যবস্থাপনা কি লক্ষ্য নির্ধারণ করে, নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং ক্রিয়াকলাপ বজায় রাখে এবং নিয়ন্ত্রণগুলি পর্যবেক্ষণ ও মূল্যায়ন করে?</li> </ol>			

## পরিশিষ্ট ৭ : Computer Assisted Audit Techniques (CAAT) এর মাধ্যমে নিরীক্ষা

### ১.১ নিরীক্ষা প্রমাণক সংগ্রহ

১.১.১ CAAT এর ব্যবহার ইনফরমেশন সিস্টেম (IS) নিরীক্ষক কর্তৃক নিয়ন্ত্রিত হতে হবে যাতে নিরীক্ষার উদ্দেশ্য এবং CAAT এর বিশদ বিনির্দেশ (specifications) পরিপালন করা হয়েছে মর্মে IS নিরীক্ষক যুক্তিসঙ্গত নিশ্চয়তা প্রদান করবে। IS নিরীক্ষক নিম্নবর্ণিত কাজ করবেন:

- উপযুক্ত হলে নিয়ন্ত্রণ মোটের সঙ্গতিসাধন করা
- যুক্তিসঙ্গতভাবে ফলাফল পর্যালোচনা
- CAAT এর যুক্তি, প্যারামিটার বা অন্যান্য বৈশিষ্ট্যের পর্যালোচনা
- প্রতিষ্ঠানের সাধারণ IS নিয়ন্ত্রণগুলি পর্যালোচনা করা, যা CAAT এর অখণ্ডতায় (যেমন, প্রোগ্রাম পরিবর্তন নিয়ন্ত্রণ এবং সিস্টেম, প্রোগ্রাম এবং/অথবা ডেটা ফাইলগুলিতে প্রবেশাধিকার ইত্যাদিতে) অবদান রাখতে পারে।

১.১.২ পরীক্ষার ডেটা ব্যবহার করার সময়, IS নিরীক্ষকের সচেতন হতে হবে যে পরীক্ষার ডেটা শুধুমাত্র ভুল প্রক্রিয়াকরণের সম্ভাব্যতা নির্দেশ করে; এই কৌশলটি প্রকৃত উৎপাদন মূল্যায়ন করে না। IS নিরীক্ষকের সচেতন হতে হবে কারণ পরীক্ষার ডেটা বিশ্লেষণ অত্যন্ত জটিল এবং সময়সাপেক্ষ যা প্রক্রিয়াকৃত লেনদেনের সংখ্যা, পরীক্ষিত প্রোগ্রামের সংখ্যা এবং প্রোগ্রাম/সিস্টেমগুলির জটিলতার উপর নির্ভর করে। পরীক্ষার ডেটা ব্যবহার করার আগে IS নিরীক্ষককে যাচাই করতে হবে যেন পরীক্ষার ডেটা স্থায়ীভাবে লাইভ সিস্টেমে প্রভাব ফেলতে না পারে।

### সাধারণ অডিট সফটওয়্যার

১.১.৩ উৎপাদন ডেটায় প্রবেশ করার জন্য সাধারণ অডিট সফটওয়্যার ব্যবহার করার সময় IS নিরীক্ষককে প্রতিষ্ঠানের ডেটার অখণ্ডতা রক্ষায় যথাযথ পদক্ষেপ নিতে হবে। এমবেডেড অডিট সফটওয়্যারসহ IS নিরীক্ষককে সিস্টেম ডিজাইনের সাথে জড়িত থাকতে হবে এবং প্রতিষ্ঠানের অ্যাপ্লিকেশন প্রোগ্রাম/সিস্টেমগুলির কৌশলগুলিকে উন্নত ও রক্ষণাবেক্ষণ করতে হবে।

### ইউটিলিটি সফটওয়্যার

১.১.৪ ইউটিলিটি সফটওয়্যার ব্যবহার করার সময় IS নিরীক্ষককে নিশ্চিত হতে হবে যে প্রক্রিয়াকরণের সময় কোনও অপরিবর্তিত হস্তক্ষেপ ঘটেনি এবং ইউটিলিটি সফটওয়্যারটি উপযুক্ত সিস্টেম লাইব্রেরি থেকে নেয়া হয়েছে। IS নিরীক্ষককে প্রতিষ্ঠানের সিস্টেম এবং ফাইলগুলির অখণ্ডতা রক্ষা করার জন্য যথাযথ পদক্ষেপ নিতে হবে কারণ ইউটিলিটিগুলি সহজেই সিস্টেম এবং এর ফাইলগুলিকে ক্ষতিগ্রস্ত করতে পারে।

### কাস্টমাইজড কোয়ারী বা স্ক্রিপ্টস

১.১.৫ কাস্টমাইজড কোয়ারী বা স্ক্রিপ্ট IS নিরীক্ষককে কাঙ্ক্ষিত তথ্য বিশ্লেষণের জন্য বিশেষভাবে লক্ষ্য করার অনুমতি দেয়। যেখানে অন্যান্য CAAT পাওয়া যায় না সেখানে কাস্টমাইজড স্ক্রিপ্টগুলি অত্যন্ত উপযোগী কিন্তু সাধারণত সেগুলি তৈরি করতে নির্দিষ্ট প্রযুক্তিগত দক্ষতার প্রয়োজন হয়। তাই, IS নিরীক্ষককে CAAT এর উপর নির্ভর করার আগে উপযুক্ত পরিকল্পনা, নকশা এবং পরীক্ষার মাধ্যমে তাদের সততা, নির্ভরযোগ্যতা, উপযোগিতা ও নিরাপত্তার নিশ্চয়তা প্রদান করা উচিত এবং নিশ্চিত হতে হবে যে সঠিক উৎস থেকে ডেটা ব্যবহার করা হয়েছে এবং স্ক্রিপ্ট ও কোয়ারী থেকে আউটপুট সঠিক ফরমেটে রয়েছে। কাস্টমাইজড কোয়ারী এবং স্ক্রিপ্ট কোড একটি নিরাপদ অবস্থানে রাখা উচিত যাতে অননুমোদিত পরিবর্তন ঘটতে না পারে।

### অ্যাপ্লিকেশন সফটওয়্যার ট্রেসিং এবং ম্যাপিং

১.১.৬ অ্যাপ্লিকেশন সফটওয়্যার ট্রেসিং এবং ম্যাপিং ব্যবহার করার সময় IS নিরীক্ষককে নিশ্চিত হতে হবে যে মূল্যায়নকৃত উৎস কোডটি বর্তমানে উৎপাদনে ব্যবহৃত অবজেক্ট প্রোগ্রাম তৈরি করেছে। IS নিরীক্ষককে সচেতন হতে হবে যে অ্যাপ্লিকেশন সফটওয়্যার ট্রেসিং এবং ম্যাপিং শুধুমাত্র ভুল প্রক্রিয়াকরণের সম্ভাব্যতা নির্দেশ করে; এটি প্রকৃত উৎপাদন ডেটা মূল্যায়ন করে না।

### অডিট এক্সপার্ট সিস্টেম

১.১.৭ অডিট এক্সপার্ট সিস্টেমগুলি বিশেষ সরঞ্জাম যা অ্যাপ্লিকেশন সফটওয়্যারের প্রক্রিয়াকরণ যুক্তির মাধ্যমে ডেটা প্রবাহ বিশ্লেষণ করতে ও যুক্তি, পথ, নিয়ন্ত্রণ শর্ত এবং প্রক্রিয়াকরণের ক্রম নথিভুক্ত করতে ব্যবহার করা যেতে পারে। অডিট এক্সপার্ট সিস্টেমগুলি ব্যবহার করার সময় IS নিরীক্ষকের সিস্টেমের ক্রিয়াকলাপ সম্পর্কে পুঙ্খানুপুঙ্খভাবে জ্ঞান থাকতে হবে যাতে অনুসরণকৃত সিদ্ধান্তের পথগুলি নিরীক্ষা পরিবেশের উপযুক্ততা নিশ্চিত করা যায়।

### অবিচ্ছিন্ন পর্যবেক্ষণ এবং নিশ্চয়তা

১.১.৮ অবিচ্ছিন্ন নিশ্চয়তা হল একটি নিরবিচ্ছিন্ন পর্যবেক্ষণ পদ্ধতি যা ব্যবস্থাপনা এবং IS নিরীক্ষকদের একটি অবিচ্ছিন্ন ভিত্তিতে নিয়ন্ত্রণ নিরীক্ষণ করতে এবং কম্পিউটারের মাধ্যমে নির্বাচিত নিরীক্ষা প্রমাণ সংগ্রহ করতে দেয়। এটি এমন একটি প্রক্রিয়া যা IS নিরীক্ষক অবিলম্বে (বা প্রায়ই) প্রতিবেদন প্রদানের জন্য ব্যবহার করতে পারে এবং উচ্চ-ঝুঁকিপূর্ণ, উচ্চ-ভলিউম পরিবেশে ব্যবহার করতে পারে। বর্তমান নিরীক্ষা মডেলে (অভ্যন্তরীণ এবং বহিঃস্থ নিরীক্ষক উভয়ের দ্বারা ব্যবহৃত), ফিল্ডওয়ার্ক সম্পূর্ণ হওয়া এবং সংশ্লিষ্ট নিরীক্ষা প্রতিবেদন জারির মধ্যে একটি সময়ক্ষেপণ হয়। অনেক ক্ষেত্রে, বিলম্বে জারির কারণে প্রতিবেদনে থাকা তথ্য ব্যবহারকারীর জন্য কম উপযোগী বা উপকারী হয়। এটি প্রতিবেদনে থাকা তথ্যের বার্ষিকের ফলাফল যা চিহ্নিত ঘটতেগুলির জন্য অডিটের সংশোধনের মতো সমস্যাসমূহের

- দ্বারা প্রভাবিত হতে পারে এবং চিহ্নিত নিয়ন্ত্রণের দুর্বলতা বা ঘাটতিগুলির ফলে নিয়ন্ত্রণ পরিবেশের (বা সম্পর্কিত অডিটর ডেটা) আরও অবনতি ঘটাতে পারে।
- ১.১.৯ অবিচ্ছিন্ন নিশ্চয়তা নিশ্চিতকল্পে IS নিরীক্ষকদের বর্তমান মডেলের তুলনায় অনেক কম সময়ের মধ্যে বিষয়ের উপর প্রতিবেদন প্রণয়নে সক্ষম করার জন্য ডিজাইন করা হয়েছে। তাত্ত্বিকভাবে, কিছু পরিবেশে প্রায় তাৎক্ষণিক বা সত্যিকারের অবিচ্ছিন্ন নিশ্চয়তা প্রদানের জন্য প্রতিবেদনের সময়সীমাকে সংক্ষিপ্ত করা সম্ভব।
- ১.১.১০ সংজ্ঞা অনুসারে, অবিচ্ছিন্ন নিশ্চয়তার জন্য প্রথাগত নিরীক্ষার তুলনায় একজন অডিটর তথ্য ব্যবস্থার উপর উচ্চ মাত্রার নির্ভরতা প্রয়োজন। এটি নিরীক্ষা পরীক্ষার ভিত্তি হিসেবে সিস্টেম-উৎপাদিত তথ্য বনাম বাহ্যিকভাবে উৎপাদিত তথ্যের উপর নির্ভর করার প্রয়োজনের ফলাফল। সুতরাং, নিরীক্ষকদেরকে অডিটর সিস্টেমের গুণমান এবং সেইসাথে সিস্টেম উৎপাদিত তথ্য উভয়ের উপরই বিচার করতে হবে। যে সিস্টেমগুলি নিম্ন মানের, বা কম-নির্ভরযোগ্য তথ্য উৎপাদন করে, (এবং একটি উচ্চ মাত্রার ম্যানুয়াল হস্তক্ষেপের প্রয়োজন হয়) সেগুলি উচ্চ মানের এবং নির্ভরযোগ্য তথ্য তৈরির তুলনায় অবিচ্ছিন্ন নিশ্চয়তার জন্য কম উপযোগী।
- ১.১.১১ যে পরিবেশগুলি উচ্চ মানের এবং নির্ভরযোগ্য তথ্য তৈরি করে সেগুলি স্বল্প থেকে একটানা মেয়াদে প্রতিবেদন করার সময়কালের জন্য আরও উপযুক্ত। যে পরিবেশগুলি নিম্নমানের বা কম-নির্ভরযোগ্য তথ্য তৈরি করে সেগুলিকে সেই সময়ের জন্য ক্ষতিপূরণ দিতে দীর্ঘ প্রতিবেদনের সময় ব্যবহার করতে হবে যা ব্যবহারকারী সিস্টেম দ্বারা প্রক্রিয়াকৃত তথ্য পর্যালোচনা এবং অনুমোদন বা সংশোধন করতে অতিবাহিত করে।

## CAAT ডকুমেন্টেশন

### কার্যপত্র

- ১.১.১২ পর্যাপ্ত নিরীক্ষা প্রমাণ সরবরাহ করার জন্য ধাপে ধাপে CAAT এর প্রক্রিয়াটি নথিভুক্ত করতে হবে।
- ১.১.১৩ বিশেষত, নিরীক্ষা কাজের কাগজপত্রে CAAT এর অ্যাপ্লিকেশন বর্ণনা করার জন্য পর্যাপ্ত ডকুমেন্টেশন থাকতে হবে, যা নিম্নলিখিত অনুচ্ছেদে বিশদভাবে বর্ণিত হয়েছে।

### পরিকল্পনা

- ১.১.১৪ ডকুমেন্টেশন এ অন্তর্ভুক্ত থাকবে :
- CAAT এর উদ্দেশ্য
  - CAAT এর ব্যবহার
  - সম্পাদনযোগ্য নিয়ন্ত্রণসমূহ
  - জনবল এবং সময়।

### সম্পাদন

- ১.১.১৫ ডকুমেন্টেশন এ অন্তর্ভুক্ত থাকবে :
- CAAT এর প্রস্তুতি ও পরীক্ষা পদ্ধতি এবং নিয়ন্ত্রণ ব্যবস্থা
  - CAAT দ্বারা সম্পাদিত পরীক্ষার বিশদ বিবরণ
  - ইনপুটগুলির বিশদ বিবরণ (যেমন, ব্যবহৃত ডেটা, ফাইল লেআউট), পরীক্ষার সময়কাল, প্রক্রিয়াকরণ (যেমন, CAAT এর উচ্চ-স্তরের ফ্লোচার্ট, যুক্তি) এবং আউটপুট (যেমন, লগ ফাইল, প্রতিবেদন)
  - প্রাসঙ্গিক প্যারামিটার বা উৎস কোডের তালিকা।

### নিরীক্ষা প্রমাণক

- ১.১.১৬ ডকুমেন্টেশন এ অন্তর্ভুক্ত থাকবে :
- উৎপাদিত আউটপুট
  - আউটপুটে সম্পাদিত নিরীক্ষা বিশ্লেষণ কাজের বর্ণনা
  - নিরীক্ষার ফলাফল
  - নিরীক্ষার সিদ্ধান্ত
  - নিরীক্ষার সুপারিশ।
- ১.১.১৭ ব্যবহৃত ডেটা এবং ফাইলগুলি একটি নিরাপদ স্থানে সংরক্ষণ করতে হবে। এছাড়াও, নিরীক্ষার অংশ হিসেবে ব্যবহৃত অস্থায়ী গোপনীয় তথ্য ডেটা পরিচালনার পদ্ধতি অনুসারে সঠিকভাবে নিষ্পত্তি করতে হবে।

### রিপোর্টিং

- ১.২ CAAT এর বর্ণনা
- ১.২.১ প্রতিবেদনের উদ্দেশ্য, কর্ম পরিধি এবং পদ্ধতি অংশে ব্যবহৃত CAAT সম্পর্কে একটি স্পষ্ট বর্ণনা থাকতে হবে। এই বিবরণটি সংক্ষিপ্ত হবে যা পাঠকের জন্য একটি ভাল ওভারভিউ প্রদান করবে।
- ১.২.২ ব্যবহৃত CAAT এর বিবরণ প্রতিবেদনের মূল অংশে অন্তর্ভুক্ত থাকবে, যেখানে CAAT এর ব্যবহার সম্পর্কিত নির্দিষ্ট ফলাফলগুলি নিয়ে আলোচনা করা হয়েছে।
- ১.২.৩ ব্যবহৃত CAAT এর বিবরণ একাধিক ফলাফলের জন্য প্রয়োজ্য হলে, বা ফলাফল খুব বিস্তারিত হলে, প্রতিবেদনের উদ্দেশ্য, কর্ম পরিধি এবং পদ্ধতি অংশে সংক্ষেপে তা আলোচনা করতে হবে।

পরিশিষ্ট ৮: নিরীক্ষা কর্মসূচি

কর্মী ব্যবস্থাপনা, বেতন, সাধারণ ভবিষ্য তহবিল এবং পেনশন সম্পর্কিত কর্মসূচি

উদ্দেশ্য:

১. প্রতিষ্ঠানের মানবসম্পদ ব্যবস্থাপনা বোর্ডের জন্য;
২. বেতন, সাধারণ ভবিষ্য তহবিল এবং পেনশন সংক্রান্ত কার্যাবলী সঠিকভাবে নিয়ন্ত্রণ এবং দক্ষতার সাথে পরিচালিত হওয়া নিশ্চিতকরণ;
৩. বেতন নির্ধারণসহ কর্তণ, সাধারণ ভবিষ্য তহবিল এবং পেনশন গণনা সঠিকভাবে সম্পাদন নিশ্চিত করা;
৪. কেবলমাত্র বৈধ বেতনভোগী কর্মচারীগণের থাকার এবং চাকুরীত্যাগ কারীগণের না থাকা নিশ্চিত করা।

পরীক্ষা	হ্যাঁ	না	মন্তব্য
<p><b>কর্মীদের ব্যবস্থাপনা এবং বেতন:</b></p> <ol style="list-style-type: none"> <li>১. চাকরি বিধিতে উল্লিখিত নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী এবং অন্যান্য সরকারি আদেশ যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা</li> <li>২. প্রতিষ্ঠানের জন্য কোন প্রশিক্ষণ নীতিমালা আছে কি না</li> <li>৩. সদস্যদের মেধা এবং সংশ্লিষ্ট ক্ষেত্রের জন্য অগ্রাধিকারের ভিত্তিতে প্রশিক্ষণের জন্য নির্বাচন করা হচ্ছে কিনা</li> <li>৪. নতুন পদবৃত্তির উপর প্রশিক্ষিত ব্যক্তিদের প্রশিক্ষণের পর সংশ্লিষ্ট পদে পদায়ন করা হয়েছে কিনা</li> <li>৫. বেতনের তালিকাভুক্ত কর্মচারীদের বৈধতা পর্যায়ক্রমে নিশ্চিত করা হয় কিনা</li> <li>৬. উপস্থিতি উর্ধ্বতন কর্তৃপক্ষ দ্বারা তত্ত্বাবধান করা হয় কিনা</li> <li>৭. একজন স্বাধীন কর্মকর্তা কর্তৃক পে-রোল চেক এবং অনুমোদন করা হয় কিনা</li> <li>৮. সঠিক অর্থ প্রদান নিশ্চিত করতে রেকর্ডকৃত সমস্ত ছুটি পরীক্ষা করা হয় কিনা</li> <li>৯. সরকারি নিয়ম অনুযায়ী অনুমোদিত হার অনুসারে গ্রস পে পরীক্ষা করা এবং অডিট রেজিস্টারের সাথে মিলিয়ে দেখা হয় কিনা</li> <li>১০. সমস্ত কর্তন সঠিকভাবে গণনা করা হয় কিনা</li> <li>১১. গাণিতিক শুদ্ধতা পরীক্ষা করা হয়েছে কিনা</li> <li>১২. মোট এবং নিট বেতন সঠিকভাবে গণনা করা হয়েছে কিনা</li> <li>১৩. নগদ মজুরি প্রাপ্তির সময় কর্মচারী দ্বারা স্বাক্ষরিত হয়েছে কিনা</li> <li>১৪. বেতন, ভাতা এবং কর্তনসমূহ সঠিকভাবে শ্রেণীবিন্যাস করা হয়েছে তা নিশ্চিতকরণ পরীক্ষা করা হয় কিনা</li> <li>১৫. অসংগৃহীত মজুরি ফেরত দেওয়ার জন্য উপযুক্ত পদ্ধতি রয়েছে কিনা</li> <li>১৬. কম্পিউটার-ভিত্তিক সিস্টেমে অ্যাক্সেস পাসওয়ার্ড নিয়ন্ত্রিত কিনা এবং পাসওয়ার্ড নিয়মিত আপডেট করা হয় কিনা</li> <li>১৭. ব্যাংক এবং বেতনের মধ্যে নিয়মিত সঙ্গতিসাধন করা হয় কিনা</li> </ol> <p><b>সাধারণ ভবিষ্য তহবিল:</b></p> <ol style="list-style-type: none"> <li>১. আগের বছরের ক্লোজিং ব্যালেন্স সঠিকভাবে জের টানা হয়েছে কিনা</li> <li>২. লেজার এবং ব্রডশীটের গাণিতিক শুদ্ধতা সঠিক কিনা</li> <li>৩. নতুন লেজার খোলা হয়েছে কিনা এবং পুরানো লেজার থেকে ব্যালেন্স সঠিকভাবে নতুন লেজারে স্থানান্তর করা হয়েছে কিনা</li> <li>৪. সরকারি নিয়ম অনুযায়ী অগ্রিম মঞ্জুর করা হয়েছে কিনা</li> <li>৫. সরকারি নিয়ম অনুযায়ী অগ্রিম পরিশোধ করা হয়েছে কিনা</li> <li>৬. সুদ সঠিকভাবে গণনা করা হয়েছে কিনা</li> <li>৭. ক্লোজিং ব্যালেন্স সঠিকভাবে গণনা করা হয়েছে কিনা</li> <li>৮. চূড়ান্ত অর্থ প্রদান যথাযথভাবে অনুমোদিত হয়েছে কিনা</li> <li>৯. লেজারে চূড়ান্ত অর্থ প্রদানের পরিমাণ উত্তোলিত পরিমাণের সাথে সম্মত কিনা</li> <li>১০. চূড়ান্ত অর্থ প্রদানের পরে গ্রাহক অ্যাকাউন্টটি সঠিকভাবে বন্ধ করা হয়েছে কিনা</li> </ol>			

**পেনশন:**

১. সরকারি নিয়ম অনুযায়ী সার্ভিস রেকর্ড পরীক্ষা করা হয় কিনা
২. সরকারি নিয়ম অনুযায়ী ছুটির রেকর্ড যাচাই করা হয়েছে কিনা
৩. প্রত্যাশিত শেষ বেতনের পত্র সরকারি নিয়ম অনুযায়ী পরীক্ষা করা হয়েছে কিনা
৪. সব পাওনা যথাযথভাবে হিসাব করে আদায় করা হয়েছে কিনা
৫. বকেয়া ইউটিলিটি বিল আদায় করা হয়েছে কিনা
৬. হিসাব অফিস ও অন্যান্য সংশ্লিষ্ট দপ্তর থেকে কোনো পাওনা নেই মর্মে পত্র পাওয়া গেছে কিনা
৭. আনুতোষিক এবং মাসিক অবসর ভাতা সঠিকভাবে গণনা করা হয়েছে কিনা
৮. পেনশন কেস সময়মতো নিষ্পত্তি হয় কিনা

ফলাফল:

প্রস্তুতকারক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

পর্যালোচক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

## ক্রয়ের উপর নিরীক্ষা কর্মসূচি

নিরীক্ষিত প্রতিষ্ঠান: \_\_\_\_\_  
সমাপ্ত বছর \_\_\_\_\_

**উদ্দেশ্য:** ক্রয়ের ক্ষেত্রে পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুসরণ করেছে তা নিশ্চিত করা

পরীক্ষা	হ্যাঁ	না	মন্তব্য
<ol style="list-style-type: none"> <li>১. ক্রয় প্রক্রিয়াকরণ এবং অনুমোদন পদ্ধতি সঠিকভাবে অনুসরণ করা হয়েছে কিনা</li> <li>২. প্রাক্কলন প্রক্রিয়াটি যথাযথভাবে অনুসরণ এবং উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত হয়েছে কিনা</li> <li>৩. প্রাক্কলন প্রণয়নের সময় তফসিলের হার বিবেচনায় নেওয়া হয়েছে কি না</li> <li>৪. ক্রয় পদ্ধতিতে পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুসরণ করেছে কিনা</li> <li>৫. টিওসি এবং টিইসি পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী গঠন করা হয়েছে কিনা</li> <li>৬. খোলা দরপত্র পদ্ধতিতে পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ এর প্রাসঙ্গিক নিয়মগুলি অনুসরণ করা হয়েছিল কিনা</li> <li>৭. ক্রয় প্রস্তাবের অনুরোধের জন্য পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ এর প্রাসঙ্গিক নিয়মগুলি অনুসরণ করা হয়েছে কিনা</li> <li>৮. দরপত্র মূল্যায়ন কমিটি পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী দরপত্র মূল্যায়ন করেছে কিনা</li> <li>৯. পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী বিনির্দেশ (specification) প্রস্তুত করা হয়েছে কিনা</li> <li>১০. পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী প্রাক-যোগ্যতা দলিলাদি প্রস্তুত করা হয়েছে কিনা।</li> <li>১১. পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী দরপত্রের দলিলাদি প্রস্তুত করা হয়েছিল কিনা</li> <li>১২. বিজ্ঞাপনটি পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী বিজ্ঞাপনটি যথাযথ পদ্ধতি এবং ধরণ অনুসারে প্রচারিত হয়েছে কিনা</li> <li>১৩. যুক্তিসঙ্গত করার জন্য দরপত্রের মূল্য বাজার মূল্য/ প্রাক্কলনের সাথে তুলনা করা হয়েছে কিনা</li> <li>১৪. পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী ভেরিফেশন আদেশ বা অতিরিক্ত কাজের আদেশ প্রদান করা হয়েছে কিনা</li> <li>১৫. সর্বনিম্ন দরপত্র গৃহীত না হওয়ার ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করা হয়েছে কিনা</li> <li>১৬. পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী রক্ষণযোগ্য অর্থ (retention money) কর্তন করা হয়েছে কিনা</li> <li>১৭. পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী নিরাপত্তা জামানত নেওয়া হয়েছে কিনা</li> <li>১৮. পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী কর্ম-সম্পাদন জামানত নেওয়া হয়েছে কিনা</li> <li>১৯. পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী ক্ষতিপূরণ (liquidated damage) আদায় করা হয়েছে কিনা</li> <li>২০. পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী ক্রয়ের রেকর্ড সংরক্ষিত হয়েছে কিনা</li> <li>২১. পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী ক্রয় প্রক্রিয়া-উত্তর পুনরীক্ষণ করা হয়েছে কিনা</li> <li>২২. পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী নৈতিকতার মানদণ্ড পালন করা হয়েছে কিনা</li> </ol>			

ফলাফল:

প্রস্তুতকারক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

পর্যালোচক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

## পণ্য ও সেবা ক্রয়ের নিরীক্ষা কর্মসূচি

নিরীক্ষিত প্রতিষ্ঠান: \_\_\_\_\_  
সমাপ্ত বছর \_\_\_\_\_

### নিরীক্ষার উদ্দেশ্য:

১. ক্রয়ের জন্য অনুসরণ করা পদ্ধতি নির্ধারণ করতে
২. দরপত্র এবং মূল্যায়ন প্রক্রিয়ার স্বচ্ছতা নির্ধারণ করতে
৩. পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে মিতব্যয়িতা এবং দক্ষতা নির্ধারণ করতে

পরীক্ষা	হাঁ	না	মন্তব্য
<ol style="list-style-type: none"><li>১. প্রতিষ্ঠানের ক্রয় পরিকল্পনা আছে কিনা</li><li>২. পরিকল্পনার সাথে ক্রয় কার্যসম্পাদন পর্যালোচনা করা হয়েছে কিনা</li><li>৩. পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী খরচ করা হয়েছে কিনা</li><li>৪. অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ অনুসরণে ব্যয় করা হয়েছে কিনা</li><li>৫. বিধি ও প্রবিধান অনুযায়ী বিল থেকে ভ্যাট ও আয়কর কর্তন করা হয়েছে কিনা</li><li>৬. সমস্ত ইনভয়েস এর জন্য শুদ্ধতা পরীক্ষা করা হয়েছে কিনা</li><li>৭. সমস্ত ব্যয় অনুমোদিত এবং গাণিতিকভাবে সঠিক কিনা</li><li>৮. দরপত্রের বিনির্দেশ অনুসারে পণ্য ও সেবার আইটেমগুলি গৃহীত হয়েছে কিনা</li><li>৯. অসম্পূর্ণ বা ভুল রেকর্ডিং এবং অ্যাকাউন্টিং সনাক্ত করতে কর্তৃপক্ষ ব্যয় পর্যালোচনা করে কিনা</li></ol>			

ফলাফল:

প্রস্তুতকারক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

পর্যালোচক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

## মূলধন ক্রয়ের সংগ্রহের নিরীক্ষা কর্মসূচি

নিরীক্ষিত প্রতিষ্ঠান: \_\_\_\_\_  
সমাপ্ত বছর \_\_\_\_\_

### নিরীক্ষার উদ্দেশ্য:

১. সরকারি বিধি-বিধান অনুসরণ করে মূলধন ব্যয় করা হয়েছে কিনা তা নির্ধারণ করা

পরীক্ষা	হ্যাঁ	না	মন্তব্য
১. প্রস্তাবিত ব্যয়ের উপযুক্ততা নির্ধারণের জন্য প্রয়োজন বিশ্লেষণ করা হয়েছে কিনা ২. প্রতিষ্ঠানের ক্রয় পরিকল্পনা আছে কিনা ৩. পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী খরচ করা হয়েছে কিনা ৪. অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ অনুসরণে ব্যয় করা হয়েছে কিনা ৫. সব ব্যয়ের অনুমোদন দেওয়া হয়েছে কিনা ৬. সমস্ত ইনভয়েস এর জন্য শুদ্ধতা পরীক্ষা করা হয়েছে কিনা ৭. দরপত্রের বিনির্দেশ অনুসারে মূলধন আইটেমগুলি গৃহীত হয়েছে কিনা ৮. সরঞ্জাম এবং যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে এবং সঠিকভাবে কাজ করছে কিনা ৯. বিধি ও প্রবিধান অনুযায়ী বিল থেকে ভ্যাট ও আয়কর কর্তন করা হয়েছে কিনা ১০. অসম্পূর্ণ বা ভুল রেকর্ডিং এবং অ্যাকাউন্টিং সনাক্ত করতে কর্তৃপক্ষ ব্যয় পর্যালোচনা করে কিনা			

ফলাফল:

প্রস্তুতকারক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

পর্যালোচক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

দ্রষ্টব্য: এটার কার্যক্রম পূর্বের টা দ্বারা সম্পন্ন করা সম্ভব। সুতরাং এটার কোন প্রয়োজন নেই বলে প্রতীয়মান হয়।

## সিভিল কাজের জন্য নিরীক্ষা কর্মসূচি

নিরীক্ষিত প্রতিষ্ঠান: \_\_\_\_\_  
সমাপ্ত বছর \_\_\_\_\_

নিরীক্ষার উদ্দেশ্য: পূর্ত কাজের ব্যয়গুলি সরকারি নিয়ম ও প্রবিধান অনুসরণ করে ব্যয় করা হয়েছে কিনা তা নির্ধারণ করা

১. প্রধান ঝুঁকিপূর্ণ ক্ষেত্রসমূহ:

- i. কাজ সম্পাদনে অক্ষম পক্ষকে চুক্তি প্রদান;
- ii. যথাযথ তত্ত্বাবধান এবং পর্যবেক্ষণের অভাব;
- iii. নিম্নমানের উপকরণ ব্যবহার;
- iv. নিম্নমানের কাজ এবং বিনির্দেশের সঙ্গে অ-সম্মতি;
- v. অ-প্রতিযোগিতামূলক হার;
- vi. নকশা অনুযায়ী কাজ না হওয়া;
- vii. অননুমোদিত কাজের জন্য অর্থ প্রদান;
- viii. সম্পাদনের সময় কাজের পরিধি পরিবর্তন;
- ix. সরবরাহকারীদের নিকট থেকে ভ্যাট এবং আয়কর আদায় না করা বা কম আদায় করা;
- x. অপরিষ্কৃত ডকুমেন্টেশন;
- xi. লেনদেন বা ব্যয়ের ভুল কোডিং বাজেট বরাদ্দের মধ্যে নাও হতে পারে;
- xii. হিবার রক্ষণ অফিস এবং নির্বাহী অফিসের লেনদেনের চিত্রের মিল না হওয়া;
- xiii. হিবার রক্ষণ অফিস, নির্বাহী অফিস এবং ব্যাংকের মধ্যে সঙ্গতিসাধন না করা।

২. প্রয়োজনীয় নথি :

- i. বাজেট বরাদ্দ;
- ii. কাজের প্রাক্কলন ;
- iii. প্রশাসনিক অনুমোদন;
- iv. কারিগরি অনুমোদন;
- v. দরপত্র সংক্রান্ত দলিলসমূহ ;
- vi. কাজের নকশা এবং ডিজাইন ;
- vii. বিজ্ঞাপনের অনুলিপি;
- viii. তুলনামূলক বিবৃতি;
- ix. তফসিলের হার ;
- x. পরিমাপ বই;
- xi. ব্যয় অনুমোদন;
- xii. ভ্যাট এবং আয়কর রেজিস্টার;
- xiii. কাজ সমাপ্তির প্রতিবেদন।

পরীক্ষা	হ্যাঁ	না	মন্তব্য
১. প্রতিটি কাজের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে কিনা			
২. প্রাক্কলনগুলি খন্ড খন্ডভাবে প্রস্তুত করা হয়েছিল কিনা			
৩. প্রাক্কলন উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত কিনা			
৪. তফসিলের হারের সাথে ক্রয়ের হার যুক্তিযুক্ত কিনা			
৫. পিপিএ আইন, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুযায়ী কাজের খরচ সম্পন্ন হয়েছে কিনা			
৬. অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ অনুযায়ী কাজের ব্যয় করা হয়েছে কিনা			
৭. কাজের ড্রয়িং এবং ডিজাইন এবং সংশ্লিষ্ট নিয়ম অনুসারে উপকরণগুলি গণনা করা হয়েছে কিনা			
৮. নিশ্চিত করা যে একটি অডিট ট্রেল আছে অর্থাৎ, কাজের একটি নমুনার জন্য নোটিশ ইস্যু থেকে চূড়ান্ত অর্থ প্রদান পর্যন্ত কাজটি অনুসরণ করা			
৯. বিলে দরপত্রবিহীন কোনো আইটেম আছে কি না এবং তা যথাযথভাবে অনুমোদন হয়েছে কিনা			
১০. কাজ শেষ করতে অযাচিত বিলম্বের জন্য ঠিকাদারকে জরিমানা করা হয়েছে কিনা			
১১. সর্বনিম্ন দরপত্র গ্রহণ না করার কারণ লিপিবদ্ধ করা হয়েছে কিনা			
১২. বিধি ও প্রবিধান অনুযায়ী বিল থেকে ভ্যাট এবং আয়কর কর্তন হয়েছে বা কম কর্তন করা হয়েছে কিনা			
১৩. উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক কাজটি সন্তোষজনকভাবে সমাপ্ত করার পত্র দেওয়া হয়েছে কিনা এবং পত্র প্রাপ্তিতে কোন অস্বাভাবিক বিলম্ব হয়েছে কিনা নিশ্চিত করা			
১৪. সিদ্ধান্তসমূহ নথিভুক্ত করা হয়েছে এবং সিদ্ধান্ত গ্রহণের কারণ দেওয়া হয়েছে			
১৫. সম্পাদন পর্যায়ে নকশা, পরিধি এবং বিনির্দেশের পরিবর্তনের যৌক্তিকতা নথিভুক্ত করা হয়েছে কিনা			

পরীক্ষা	হাঁ	না	মন্তব্য
১৬. লেনদেনগুলি সঠিকভাবে রেকর্ড করা হয়েছে কিনা ১৭. ব্যাংক, হিবার রক্ষণ অফিস এবং নির্বাহী অফিসের মধ্যে সঙ্গতিসাধন করা হয়েছে কিনা ১৮. ব্যয় বাজেট বরাদ্দ অতিক্রম করেছে কিনা			

ফলাফল:

প্রস্তুতকারক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

পর্যালোচক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

## উন্নয়ন সহযোগী তহবিলের জন্য নিরীক্ষা কর্মসূচি

নিরীক্ষিত প্রতিষ্ঠান: \_\_\_\_\_

সমাপ্ত বছর \_\_\_\_\_

### উদ্দেশ্য:

- নির্ধারিত হিসাবায়ন এবং পদ্ধতিগত মানদণ্ড অনুসারে দাতাদের তহবিল হিসাব করা হয়েছে কিনা তা নির্ধারণ করা
- মিতব্যয়িতা, দক্ষতা এবং কার্যকারিতা বিবেচনা করে দাতাদের তহবিল ব্যয় করা হয়েছে তা নিশ্চিত করা নিরীক্ষার জন্য প্রয়োজনীয় রেকর্ড:

- I. নিরীক্ষার শুরুতে নিম্নলিখিত রেকর্ডগুলির জন্য অনুরোধ করতে হবে:
- II. উন্নয়ন সহযোগী তহবিল প্রাপ্তির তালিকা;
- III. সমঝোতা স্মারক;
- IV. উন্নয়ন সহযোগীদের সাথে চুক্তির অনুলিপি;
- V. উন্নয়ন সহযোগীর হিসাবায়ন নির্দেশিকা;
- VI. ব্যাংক বিবরণী;
- VII. অনুদান মঞ্জুরীর আদেশ;
- VIII. আর্থিক বিবৃতি;
- IX. উন্নয়ন সহযোগীর তহবিলের জন্য ক্যাশ বই;
- X. উন্নয়ন সহযোগীদের নিকট প্রেরিত অগ্রগতি প্রতিবেদন;
- XI. অনুদানকৃত উপকরণের জন্য স্টক রেজিস্টার।

পরীক্ষা	হাঁ	না	মন্তব্য
<ol style="list-style-type: none"><li>বছরে প্রাপ্ত সমস্ত তহবিল এবং ব্যয়ের ডেবিট এবং ক্রেডিট এন্ট্রির হিসাব করা হয়েছে কিনা</li><li>বছরে প্রাপ্ত সমস্ত তহবিল এবং ব্যয়ের ডেবিট এবং ক্রেডিট এন্ট্রির সঠিক হিসাব করা হয়েছে কিনা</li><li>উন্নয়ন সহযোগীর সাথে সম্পাদিত চুক্তি অনুসারে মাসিক বা ত্রৈমাসিক ভিত্তিতে সম্পূর্ণ এবং সঠিক আর্থিক বিবরণী প্রস্তুত এবং প্রেরণ করা হয়েছে কিনা</li><li>উন্নয়ন সহযোগীর প্রতিটি তহবিল/সহায়তার জন্য প্রতি মাসের জন্য আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়েছে কিনা</li><li>উন্নয়ন সহযোগীর তহবিল মিতব্যয়িতা, দক্ষতা এবং কার্যকারিতা বিবেচনা করে এবং নির্ধারিত মানদণ্ড অনুসারে ব্যয় করা হয়েছে কিনা</li></ol>			

ফলাফল:

প্রস্তুতকারক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

পর্যালোচক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

## সম্পদ ব্যবস্থাপনার উপর নিরীক্ষা কর্মসূচি

নিরীক্ষিত প্রতিষ্ঠান: \_\_\_\_\_

সমাপ্ত বছর \_\_\_\_\_

উদ্দেশ্য: বিদ্যমান সম্পদ ব্যবস্থাপনা পদ্ধতির কার্যকারিতা নির্ধারণ করা

পরীক্ষা	হাঁ	না	মন্তব্য
---------	-----	----	---------

<p>১. পর্যাপ্ত বাস্তব নিরাপত্তা আছে কিনা:</p> <p>ক. নগদ</p> <p>খ. মূল্যবান নথি? (যেমন, চেক এবং দলিল)</p> <p>গ. ইনভেন্টরি</p> <p>ঘ. অস্থাবর এবং অরক্ষিত স্থায়ী সম্পদ</p> <p>২. একটি সম্পদ রেজিস্টার প্রতিষ্ঠিত হয়েছে কিনা</p> <p>৩. সম্পদের শ্রেণীবিভাগ এবং নিয়ন্ত্রিত সংখ্যা রক্ষণাবেক্ষণ করা হয়েছে কিনা</p> <p>৪. অনুমোদন প্রক্রিয়া এবং অনুমোদনের সীমাবদ্ধতা নির্দিষ্ট করা আছে কিনা</p> <p>৫. ক্রয় আদেশ এবং সম্পদ রেজিস্ট্রিতে এন্ট্রি ইনভয়েসের সাথে মিল আছে কিনা</p> <p>৬. অনুমোদনের জন্য, যেমন স্বাক্ষরকারী যাচাইকরণের ব্যবস্থা আছে কিনা</p> <p>৭. নিষ্পত্তির পদ্ধতিগুলি স্পষ্টভাবে উল্লেখ আছে এবং তা অনুসরণ করা হয়েছে কিনা</p> <p>৮. অনুক্রমিক নিষ্পত্তি এবং স্ক্র্যাপিংয়ের প্রতিবেদন তৈরি করা হয়েছে এবং পর্যালোচনা করা হয়েছে কিনা</p> <p>৯. প্রবেশের নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং নিরাপত্তা পাসের ব্যবস্থা আছে কিনা</p> <p>১০. সম্পদের জীবনচক্রের পদ্ধতি ব্যবহার করা হয়েছে কিনা</p> <p>১১. সম্পদ জীবন সময়সীমার মধ্যে উল্লেখ করা হয় কিনা</p> <p>১২. প্রতিটি সম্পদের জন্য রক্ষণাবেক্ষণের রেকর্ড রাখা হয় কিনা</p> <p>১৩. প্রদত্ত ব্যবহারের তথ্য সংরক্ষণ এবং নিয়মিত পর্যালোচনা করা হয় কিনা</p> <p>১৪. আর্থিক লেজার পরীক্ষা এবং সঙ্গতিসাধন নিয়মিত করা হয় কিনা</p> <p>১৫. বাস্তব পরিদর্শন এবং সম্পদের সঙ্গতিসাধন করা হয় কিনা</p> <p>১৬. বাস্তব যাচাই এবং বাস্তব সম্পদের ভারসাম্য (Balancing) স্বাধীনভাবে করা হয় কিনা</p>			
---	--	--	--

## স্টক এবং স্টোরের নিরীক্ষা কর্মসূচি

নিরীক্ষিত প্রতিষ্ঠান: \_\_\_\_\_

সমাপ্ত বছর \_\_\_\_\_

### উদ্দেশ্য:

১. স্টক এবং স্টোরগুলি বাস্তবভাবে সুরক্ষিত এবং সঠিকভাবে হিসাবে রেকর্ড করা হয়েছে কিনা তা নির্ধারণ করা
২. ক্রয়কৃত পণ্যের ব্যবহার ও নিয়ন্ত্রণ নির্ধারণ করা

পরীক্ষা	হাঁ	না	মন্তব্য
<ol style="list-style-type: none"> <li>১. স্টকের পূর্ণাঙ্গ তালিকা তৈরি করা হয়েছে কিনা</li> <li>২. আইটেম সংখ্যা এবং সূত্র নির্দেশ (referencing) উল্লেখ আছে কিনা</li> <li>৩. সকল পণ্য সরকারি আদেশ সাপেক্ষে ব্যবহার করা হয় কিনা</li> <li>৪. মৌখিক আদেশ অনুমোদিত কিনা</li> <li>৫. মালামাল প্রাপ্তির নোট রাখা হয় কিনা</li> <li>৬. স্টক রেজিস্টারে এর সাথে পণ্য প্রাপ্তির নোট এবং ইনভয়েস চেক করা হয় কিনা</li> <li>৭. ইস্যু নোট এর সাথে স্টক রিকুইজিশন মিলিয়ে দেখা হয় কিনা</li> <li>৮. সমস্ত আইটেম প্রতি বছর অন্তত একবার বাস্তবভাবে পরীক্ষা করা হয় কিনা</li> <li>৯. সমস্ত অবলোপন সঠিকভাবে অনুমোদিত হয়েছে কিনা</li> <li>১০. নিষ্পত্তি এবং স্ক্র্যাপিং একটি উর্ধ্বতন কর্মকর্তা দ্বারা অগ্রিমভাবে অনুমোদিত কিনা</li> <li>১১. অনুমোদনের সীমা নির্ধারণ করা হয়েছে কিনা</li> <li>১২. প্রবেশাধিকার সীমিত এবং নিরাপত্তা পাস রক্ষণাবেক্ষণ করা হয় কিনা</li> <li>১৩. উচ্চ-মূল্যের আইটেম নিরাপদে সংরক্ষণ করা হয় কিনা</li> <li>১৪. যেখানে প্রয়োজন সেখানে এয়ার কন্ডিশনার আছে কিনা</li> <li>১৫. অগ্নি শনাক্তকরণ/নির্বাপক যন্ত্র যেখানে প্রয়োজন সেখানে আছে কিনা</li> <li>১৬. স্টকের সঙ্গতিসাধন করার জন্য নিয়মিত স্টক গ্রহণ করা হয় কিনা</li> <li>১৭. হিসাবায়ন , মূল্যায়ন এবং স্টক ইস্যু করার ক্ষেত্রে দায়িত্বের পর্যাপ্ত পৃথকীকরণ রয়েছে কিনা</li> <li>১৮. একটি স্বাধীন বার্ষিক স্টক গ্রহণ আছে কিনা</li> </ol>			

ফলাফল:

প্রস্তুতকারক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

পর্যালোচক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

## হিসাবায়ন পদ্ধতি পর্যালোচনার উপর নিরীক্ষা কর্মসূচি

নিরীক্ষিত প্রতিষ্ঠান: \_\_\_\_\_

সমাপ্ত বছর \_\_\_\_\_

### উদ্দেশ্য:

১. হিসাব সম্পূর্ণ এবং নির্ভুল তা নিশ্চিত করা
২. আর্থিক প্রতিবেদনের ব্যবস্থা (system) সমন্বয়যোগ্য এবং সঠিক কিনা তা পর্যালোচনা করা

### তথ্যের উৎস:

- i. মাসিক হিসাব
- ii. বাজেট নথি
- iii. ব্যাংক বিবরণ
- iv. বাৎসরিক হিসাব

পরীক্ষা	হাঁ	না	মন্তব্য
<ol style="list-style-type: none"><li>১. বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয় করা হয়েছে কিনা</li><li>২. বাৎসরিক যাবতীয় ব্যয় রেকর্ডভুক্ত এবং হিসাব করা হয়েছে কি না</li><li>৩. বাজেট এবং হিসাব ব্যবস্থা অনুসারে বছরে ব্যয়কৃত সমস্ত ব্যয়কে শ্রেণীবদ্ধ করা হয়েছে কিনা</li><li>৪. হিসাবরক্ষণ অফিস এবং ডিডিও-র মধ্যে তুলনা করা হয়েছে কিনা এবং সংশোধনমূলক পদক্ষেপ নেওয়া হয়েছে কিনা</li><li>৫. হিসাব সঠিক এবং সম্পূর্ণ কিনা</li><li>৬. মাসিক হিসাব মন্ত্রণালয়/বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তরে পাঠানো হচ্ছে কিনা</li></ol>			

ফলাফল:

প্রস্তুতকারক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

পর্যালোচক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

প্রকল্প ব্যবস্থাপনার উপর নিরীক্ষা কর্মসূচি

নিরীক্ষিত প্রতিষ্ঠান: \_\_\_\_\_  
সমাপ্ত বছর \_\_\_\_\_

উদ্দেশ্য: প্রকল্প ব্যবস্থাপনা কার্যকরভাবে সম্পন্ন হয়েছে কিনা

পরীক্ষা	হাঁ	না	মন্তব্য
১. পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত অনুমোদিত ছক এবং নির্দেশিকা অনুসারে নতুন প্রকল্প প্রণয়ন ও প্রস্তুত করা হয়েছে কিনা			
২. প্রকল্পটি বার্ষিক উন্নয়ন কর্মসূচির (ADP) অর্থ উত্তোলন এবং ব্যবহার করেছে কিনা তা নির্ধারণ করার পদ্ধতি রয়েছে কিনা			
৩. অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত প্রকল্পের আর্থিক ক্ষমতা অর্পণ অনুযায়ী ব্যয় করা হয়েছে কিনা			
৪. অর্থ অবমুক্তি এবং অর্থ বিতরণ সময়মত করা হয়েছে কিনা			
৫. লক্ষ্য অনুযায়ী প্রকল্পের আর্থিক ও ভৌত লক্ষ্যমাত্রার অগ্রগতি যাচাই করা হয়েছে কিনা			
৬. প্রযুক্তিগত সহায়তা/উন্নয়ন প্রকল্পের নিয়মিত পর্যালোচনা করা হয় কিনা			
৭. নির্দেশিকা অনুযায়ী রিপোর্ট/রিটার্ন প্রস্তুত করা হয়েছে কিনা			
৮. সম্পন্নকৃত উদ্যোগগুলি তাদের লক্ষ্য পূরণ করেছে কিনা তা মূল্যায়ন করার পদ্ধতি আছে কিনা			
৯. প্রকল্পগুলো খরচ ও সময়সীমার মধ্যে সম্পন্ন হয়েছে কিনা			
১০. পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশিকা অনুসারে প্রকল্পটি সরকারি সমস্ত অনুমোদন প্রক্রিয়া পূরণ করে কিনা			
১১. বাস্তবায়ন-উত্তর পর্যালোচনা করা হয় কিনা			
১২. বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) অনুযায়ী অর্থ পাওয়া গেছে কিনা			
১৩. সকল অংশীজনের সাথে নিয়মিত বৈঠক হয় কিনা			

ফলাফল:

প্রস্তুতকারক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

পর্যালোচক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

## বাজেট প্রস্তুতির উপর নিরীক্ষা কর্মসূচি

নিরীক্ষিত প্রতিষ্ঠান: \_\_\_\_\_  
সমাপ্ত বছর \_\_\_\_\_

**উদ্দেশ্য:** বাজেট প্রণয়ন কার্যকরভাবে করা হয়েছে কিনা

পরীক্ষা	হাঁ	না	মন্তব্য
<ol style="list-style-type: none"><li>নীতি এবং পরিকল্পনার দলিলাদি মধ্যমেয়াদী বাজেট কাঠামোর (MTBF) সাথে যুক্ত কিনা</li><li>এমটিবিএফ- এর প্রধান কর্মকৃতি নির্দেশক (কেপিআই) নীতি এবং পরিকল্পনা দলিলাদির সাথে সামঞ্জস্যপূর্ণতা পর্যালোচনা করা হয় কিনা</li><li>অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত সার্কুলার/নির্দেশিকা অনুযায়ী বাজেট প্রস্তুত করা হয় কিনা</li><li>অগ্রাধিকার বিবেচনা করে বাজেট প্রণয়ন করা হয় কিনা</li><li>সঠিক বাজেট পরিকল্পনা ও প্রণয়নের ব্যবস্থা আছে কিনা</li><li>একটি নীতি ও অনুমোদিত প্রক্রিয়া অনুসরণ করে বাজেট সঠিকভাবে প্রণয়ন করা হয়েছে কি না</li><li>সংশোধিত বাজেট এবং প্রকৃত ব্যয়ের মধ্যে পার্থক্য আছে কি না এবং থাকলে তার কারণ</li><li>মূল বাজেট ও সংশোধিত বাজেটের মধ্যে পার্থক্য আছে কি না এবং থাকলে তার কারণ</li></ol>			

ফলাফল:

প্রস্তুতকারক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

পর্যালোচক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

## নগদ/ব্যাংক সিস্টেমের জন্য নিরীক্ষা কর্মসূচি

নিরীক্ষিত প্রতিষ্ঠান: \_\_\_\_\_  
সমাপ্ত বছর \_\_\_\_\_

**উদ্দেশ্য:** নগদ/ব্যাংক ব্যবস্থা কার্যকরভাবে কাজ করে কিনা

পরীক্ষা	হাঁ	না	মন্তব্য
---------	-----	----	---------

১.	সকল প্রাপ্তি এবং পরিশোধ ব্যাংকে অবিলম্বে করা এবং সঠিকভাবে রেকর্ড করা হচ্ছে কিনা			
২.	নগদ বই নিয়মিত হালনাগাদ এবং স্বাক্ষর করা হচ্ছে কিনা			
৩.	নগদ বই ব্যাংক বিবরণীর সাথে সঙ্গতিসাধন করা হয়েছে কিনা			
৪.	অপব্যবহার, ক্ষতি বা চুরি রোধ করতে নগদ নিরাপদে রাখা হচ্ছে কিনা			

ফলাফল:

প্রস্তুতকারক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

পর্যালোচক \_\_\_\_\_ তারিখ \_\_\_\_\_

পরিশিষ্ট ৯: শব্দকোষ

টার্ম	সংজ্ঞা
<b>জবাবদিহিতা</b> (Accountability)	কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের ক্রিয়াকলাপগুলির জন্য জবাবদিহি করা, সেগুলির দায়িত্ব গ্রহণ করা এবং স্বচ্ছ উপায়ে ফলাফল প্রকাশ করার বাধ্যবাধকতা।
<b>নিশ্চয়তা</b> (Assurance)	আস্থা দেওয়ার উদ্দেশ্যে একটি প্রক্রিয়া। বাহ্যিক এবং অভ্যন্তরীণ নিরীক্ষকদের নিশ্চয়তা সেবা প্রদানকারী হিসেবে গণ্য করা হয়।
<b>নিরীক্ষা কমিটি</b> (Audit Committee)	নিরীক্ষা কমিটি অভ্যন্তরীণ কার্যাবলী তদারকি করবে।
<b>নিরীক্ষা সত্তা</b> (Audit Entity)	একটি আইনি সত্তা, সংস্থা, প্রকল্প, অ্যাকাউন্টিং ইউনিট, বিভাগ, স্থানীয় সরকার ইউনিট যেমন সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ ইত্যাদি এবং সেগুলি যা নিরীক্ষা কার্যকলাপের বিষয়।
<b>নিরীক্ষা উদ্দেশ্য</b> (Audit Objectives)	অভ্যন্তরীণ নিরীক্ষকদের দ্বারা প্রস্তুতকৃত এবং প্রত্যাশিত নিরীক্ষা অর্জনগুলি সংজ্ঞায়িত করে।
<b>নিরীক্ষা পদ্ধতি</b> (Audit Procedures)	একটি নিরীক্ষা চলাকালীন তথ্য সংগ্রহ, বিশ্লেষণ, ব্যাখ্যা এবং নথিভুক্ত করার জন্য অভ্যন্তরীণ নিরীক্ষকরা যে কাজগুলি গ্রহণ করে। নিরীক্ষা পদ্ধতি নিরীক্ষার উদ্দেশ্য অর্জনের উপায়।
<b>নিরীক্ষা কর্মসূচি</b> (Audit Program)	একটি নিরীক্ষা পদ্ধতি সম্বলিত নথি যা নিরীক্ষার সময় অনুসরণ করে নিরীক্ষা পরিচালনা করা হয়। নিরীক্ষা কর্মসূচিতে নিরীক্ষার উদ্দেশ্য এবং পরিধিও উল্লেখ থাকে।
<b>নিরীক্ষা প্রতিবেদন</b> (Audit Report)	নিরীক্ষার উদ্দেশ্য, পরিধি এবং ফলাফল উপস্থাপন সম্বলিত একটি স্বাক্ষরিত লিখিত প্রতিবেদন। নিরীক্ষার ফলাফলে অন্তর্ভুক্ত থাকে ফলাফল, সুপারিশ এবং উপসংহার।
<b>নিরীক্ষা পরিধি</b> (Audit Scope)	অভ্যন্তরীণ নিরীক্ষার আওতাধীন ক্রিয়াকলাপগুলিকে বোঝায়। এতে নিরীক্ষার উদ্দেশ্য, প্রকৃতি এবং নিরীক্ষা পদ্ধতির ব্যাপ্তি, নিরীক্ষিত সময়কাল এবং নিরীক্ষার সীমানা নির্ধারণের জন্য নিরীক্ষিত না হওয়া সম্পর্কিত কার্যক্রম অন্তর্ভুক্ত থাকে। ইহাতে সংগঠন এবং/অথবা ভৌগলিক সীমানা অন্তর্ভুক্ত থাকে।
<b>নিরীক্ষা কার্যপত্র</b> (Audit Working Papers)	প্রাপ্ত তথ্যের রেকর্ড, বিশ্লেষণ এবং নিরীক্ষার সময় উপনীত হওয়া সিদ্ধান্তসমূহ অন্তর্ভুক্ত থাকে। নিরীক্ষার কার্যপত্রগুলি প্রতিবেদনে অন্তর্ভুক্ত হবে এমন ফলাফল এবং সুপারিশের ভিত্তিগুলিকে সমর্থন করে।
<b>ভাল অনুশীলন</b> (Best Practice)	একটি ব্যবস্থাপনা শব্দ যা একটি কার্যকলাপ বা প্রক্রিয়ার কার্যকারিতা বা গুণমান বর্ণনা করতে ব্যবহৃত হয়। এটি কোনো প্রক্রিয়া বা কার্যকলাপ উন্নত করতে অন্য সংস্থার জন্য উদাহরণ হিসেবে ব্যবহার করা হয়।
<b>বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক</b> (OCAG)	কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের কার্যালয়। OCAG বাংলাদেশ সরকারের সর্বোচ্চ নিরীক্ষা প্রতিষ্ঠান।
<b>নীতিশাস্ত্রের কোড</b> (Code of Ethics)	অভ্যন্তরীণ নিরীক্ষা পরিচালনার ক্ষেত্রে ব্যক্তি, দল এবং সংস্থার আচরণ নিয়ন্ত্রণকারী নীতি এবং প্রত্যাশাগুলি অনুশীলনের রূপরেখা। এ ম্যানুয়ালে IIA কর্তৃক জারিকৃত নৈতিকতার কোড ব্যবহার করা হয়েছে।
Compliance	নীতি, পরিকল্পনা, পদ্ধতি, আইন, প্রবিধান, চুক্তি এবং অন্যান্য প্রয়োজনীয়তার সাথে সামঞ্জস্য এবং আনুগত্যশীল।
<b>নিয়ন্ত্রণ</b> (Control)	ঝুঁকি ব্যবস্থাপনা ও উদ্দেশ্য এবং লক্ষ্য অর্জনের সম্ভাবনা বাড়ানোর জন্য মন্ত্রণালয়/বিভাগ ও অন্য কোন পক্ষ কর্তৃক গৃহীত যে কোন পদক্ষেপ। উদ্দেশ্য এবং লক্ষ্য অর্জনে

টার্ম	সংজ্ঞা
	যুক্তিসঙ্গত নিশ্চয়তা প্রদানে ব্যবস্থাপনা পরিকল্পনা করে, সংগঠিত করে এবং পর্যাপ্ত কর্ম সম্পাদনের নির্দেশ দেয়।
<b>নিয়ন্ত্রণ পরিবেশ</b> (Control Environment)	প্রতিষ্ঠানের মধ্যে নিয়ন্ত্রণের তাৎপর্য সম্পর্কিত ব্যবস্থাপনার মনোভাব এবং কর্ম। নিয়ন্ত্রণ পরিবেশ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রাথমিক লক্ষ্য অর্জনের জন্য শৃঙ্খলা এবং কাঠামো প্রদান করে।
<b>নিয়ন্ত্রণ প্রক্রিয়া</b> (Control Processes)	নীতি, পদ্ধতি এবং ক্রিয়াকলাপ যা নিয়ন্ত্রণ কাঠামোর অংশ, ঝুঁকিগুলি ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়া দ্বারা প্রতিষ্ঠিত ঝুঁকি সহনশীলতার মধ্যে বিদ্যমান রয়েছে তা নিশ্চিত করা।
<b>যথাযথ পেশাদার যত্ন</b> (Due professional Care)	একই বা অনুরূপ পরিস্থিতিতে যুক্তিসঙ্গতভাবে বিচক্ষণ এবং যোগ্য অভ্যন্তরীণ নিরীক্ষকের নিকট হতে প্রত্যাশিত যত্ন এবং দক্ষতার প্রয়োগ। অভ্যন্তরীণ নিরীক্ষার পেশাদার অনুশীলনের মান অনুসারে অভ্যন্তরীণ নিরীক্ষার জন্য যথাযথ পেশাদার যত্ন প্রয়োগ করা হয়।
<b>নিযুক্তি</b> (Engagement)	একটি নির্দিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা নিযুক্তি, কাজ, বা পর্যালোচনা কার্যকলাপ, যেমন: একটি অভ্যন্তরীণ নিরীক্ষা, নিয়ন্ত্রণ বিষয়ে স্ব-মূল্যায়ন পর্যালোচনা, জালিয়াতি পরীক্ষা, বা পরামর্শ। একটি নিযুক্তির মধ্যে একাধিক কাজ বা ক্রিয়াকলাপ অন্তর্ভুক্ত থাকতে পারে যা সামগ্রিক ক্রিয়াকলাপ সম্পাদন করার অংশ।
<b>বহিঃ নিরীক্ষক</b> (External Auditor)	সে সব নিরীক্ষা পেশাদারদের বোঝায় যারা মন্ত্রণালয় এবং বিভাগের স্বাধীন বার্ষিক নিরীক্ষা সম্পন্ন করে থাকে। তারা একটি প্রতিষ্ঠানের বার্ষিক আর্থিক বিবৃতির স্বাধীন দৃষ্টিভঙ্গি প্রদান করে।
<b>ফ্লো চার্ট</b> (Flow Chart)	ফ্লো চার্ট হল একটি প্রক্রিয়ার গ্রাফিক্যাল বা প্রতীকী উপস্থাপনা। প্রক্রিয়ার প্রতিটি ধাপ ভিন্ন প্রতীক দ্বারা উপস্থাপিত হয় এবং প্রক্রিয়া ধাপের একটি সংক্ষিপ্ত বিবরণ থাকে।
<b>ফলো-আপ</b> (Follow-up)	অভ্যন্তরীণ নিরীক্ষক কর্তৃক সম্পর্কিত ফলো-আপকে একটি প্রক্রিয়া হিসেবে সংজ্ঞায়িত করা হয়। যা দ্বারা তারা প্রতিবেদনে উল্লিখিত নিরীক্ষা ফলাফলগুলির উপর ব্যবস্থাপনা কর্তৃক নেওয়া পদক্ষেপের পর্যাপ্ততা, কার্যকারিতা এবং সমন্বয়যোগ্যতা নির্ধারণ করে। এ ধরনের ফলাফলের মধ্যে OACG এবং অন্যদের দ্বারা সম্পাদিত প্রাসঙ্গিক ফলাফলও অন্তর্ভুক্ত থাকে।
<b>প্রতারণা</b> (Fraud)	প্রতারণা শব্দটি সাধারণত ঘুষ, দুর্নীতি, জালিয়াতি, মিথ্যা উপস্থাপন, যোগসাজশ, এবং বস্তুগত সত্য গোপন করার মতো বিভিন্ন ধরনের অসাধু আচরণকে বর্ণনা করতে ব্যবহৃত হয়। সাধারণত প্রতারণার মাধ্যমে কোন ব্যক্তি বা সংস্থাকে বঞ্চিত করার কোন কাজ বর্ণনা করতে ব্যবহৃত হয়, যার মধ্যে তহবিল বা অন্যান্য সম্পদের অপব্যবহার বা মিথ্যা তথ্য সরবরাহ জড়িত থাকে।
<b>গভর্নেন্স</b> (Governance)	বিস্তৃত প্রয়োগসহ একটি শব্দ। কিভাবে একটি সংস্থা পরিচালিত হয়, এর কর্পোরেট এবং অন্যান্য কাঠামো, এর সংস্কৃতি, নীতি ও কৌশল এবং বিভিন্ন অংশীজনদের সাথে যেভাবে আচরণ করে তা এর অন্তর্ভুক্ত।
<b>অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান</b> (Head of Internal Audit)	অভ্যন্তরীণ নিরীক্ষা ইউনিটের শীর্ষ পদ যিনি অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমের জন্য দায়ী। অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান নিরীক্ষা প্রতিবেদন চূড়ান্তকরণ এবং ইস্যুকরা পর্যন্ত সামগ্রিক কার্যক্রমের জন্য ব্যক্তিগতভাবে দায়ী।
IIA Standards	বিশ্বব্যাপী অভ্যন্তরীণ নিরীক্ষকদের জন্য শীর্ষ সংস্থা। IIA অভ্যন্তরীণ নিরীক্ষার জন্য আন্তর্জাতিক মান জারি করে। বাংলাদেশ সরকারের মানদণ্ড হিসেবে গৃহীত হওয়ার জন্য এগুলি সরকারে কর্তৃত্ব লাভ করে।

টার্ম	সংজ্ঞা
<b>স্বাধীনতা</b> (Independence)	ইহা অভ্যন্তরীণ নিরীক্ষকদের অবাধে এবং বস্তুনিষ্ঠভাবে কাজ সম্পাদন করতে দেয়। অভ্যন্তরীণ নিরীক্ষকগণ তাদের নিরীক্ষা কার্যকলাপে স্বাধীন এ ধারণা প্রদান করে।
<b>অভ্যন্তরীণ নিরীক্ষক</b> (Internal Auditor)	অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের একজন ব্যক্তিকে অভ্যন্তরীণ নিরীক্ষা করার দায়িত্ব দেওয়া হয়।
<b>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ</b> (Internal Control)	নিয়ন্ত্রণের পুরো ব্যবস্থা, আর্থিক বা অন্যথায় প্রতিষ্ঠিত দক্ষ এবং কার্যকর জনসেবা, নির্ভরযোগ্য আর্থিক তথ্য, প্রতিবেদন এবং প্রযোজ্য আইন ও প্রবিধানগুলির সাথে সম্মতির যুক্তিসঙ্গত নিশ্চয়তা প্রদান করে।
INTOSAI	সুপ্রিম অডিট ইনস্টিটিউশনের আন্তর্জাতিক সংস্থা।
ISSAIs	সুপ্রিম অডিট প্রতিষ্ঠানের আন্তর্জাতিক মান।
<b>গুরুত্বপূর্ণ নিরীক্ষা ফলাফল</b> (Key Audit Finding)	নিরীক্ষার ফলাফল যা অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধানের সিদ্ধান্তে প্রতিষ্ঠানের উপর বিরূপ প্রভাব ফেলতে পারে। নিরীক্ষার ফলাফলের মধ্যে উল্লেখযোগ্য হল অনিয়ম, অবৈধ কাজ, ত্রুটি, অদক্ষতা, অপচয়, অকার্যকরতা, স্বার্থের দ্বন্দ্ব এবং নিয়ন্ত্রণের দুর্বলতা।
<b>পিএও</b> (PAO)	প্রধান হিসাবদানকারী কর্মকর্তা। বাংলাদেশ সরকারের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ম্যানুয়ালে ব্যবহৃত শব্দ যা মন্ত্রণালয়/বিভাগের সচিবের একটি কার্যাবলীর বর্ণনা।
<b>গুণমান নিশ্চিতকরণ</b> (Quality assurance)	IAU IIA আন্তর্জাতিক মানদণ্ড এবং নীতিশাস্ত্রের কোড কতটা মেনে চলে তা মূল্যায়ন করা। এতে স্থানীয় নীতি এবং পদ্ধতির সাথে সম্মতি মূল্যায়ন এবং অভ্যন্তরীণ নিরীক্ষা পদ্ধতি প্রয়োগের দক্ষতা মূল্যায়ন অন্তর্ভুক্ত রয়েছে।
<b>সুপারিশ</b> (Recommendation)	অভ্যন্তরীণ নিরীক্ষকগণ বিদ্যমান অবস্থা সংশোধন, ক্রিয়াকলাপগুলিকে উন্নত এবং ঝুঁকিগুলি হ্রাস করার জন্য প্রধান কারণগুলিকে নির্ধারণে যা প্রয়োজন বলে মনে করে।
<b>ঝুঁকি</b> (Risk)	উদ্দেশ্য অর্জনের উপর প্রভাব ফেলবে এমন একটি ঘটনা ঘটানোর সম্ভাবনা। প্রভাব এবং সম্ভাবনা বিবেচনায় নিয়ে ঝুঁকি পরিমাপ করা হয়।
<b>ঝুঁকি মূল্যায়ন</b> (Risk Assessment)	এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে অভ্যন্তরীণ নিরীক্ষকরা সংস্থার মধ্যে বিদ্যমান ঝুঁকিগুলি এবং কীভাবে সেগুলি পরিচালনা করা হচ্ছে সে সম্পর্কে জ্ঞান লাভ করে। এতে ঘটনার পৌন:পুনিকতা এবং প্রভাবের ঝুঁকি ব্যবস্থাপনা বৈশিষ্ট্য ব্যবহার করে ঝুঁকির শ্রেণিবিন্যাস করা হয়।
<b>ঝুঁকি ব্যবস্থাপনা</b> (Risk Management)	একটি সংস্থা যে ঝুঁকিগুলির সম্মুখীন হয় সে সম্পর্কে সচেতন ও এ ঝুঁকিগুলি পরিচালনার জন্য সচেতন সিদ্ধান্ত গ্রহণ এবং সম্ভাব্য সুযোগগুলি চিহ্নিত ও ব্যবহার করে তা নিশ্চিত করার জন্য গৃহীত কার্যক্রম এবং পদক্ষেপগুলি অন্তর্ভুক্ত করে।
<b>তত্ত্বাবধান</b> (Supervision)	এটি একটি চলমান প্রক্রিয়া, পরিকল্পনা দিয়ে শুরু হয় এবং নিরীক্ষা নিয়ন্ত্রণের সমাপ্তির সাথে শেষ হয়।
<b>ঝুঁকি-ভিত্তিক নিরীক্ষা</b> (Risk-based Audit)	একটি নিরীক্ষা পদ্ধতি যেখানে গ্রহণযোগ্য সীমা পর্যন্ত ঝুঁকি কমানোর জন্য আর্থিক এবং অ-আর্থিক উভয় ব্যবস্থায় অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের পর্যাপ্ততা যাচাই করা হয়।
<b>স্বচ্ছতা</b> (Transparency)	এমনভাবে পর্যাপ্ত তথ্য প্রদান করা যাতে সিদ্ধান্ত গ্রহণকারীগণ সম্ভাব্য সিদ্ধান্তের বিরূপ প্রভাব অনুমান করতে পারে।

\* \* \*

### কৃতজ্ঞতা জ্ঞাপন

১. জাতীয় প্রকল্প পরিচালক, প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন টিম (PIT), প্রোগ্রাম এলেক্সিকিউটিভ এবং কোঅর্ডিনেটর (পিইসি), ইমপ্লিমেন্টেশন সাপোর্ট কনসালটেন্ট (ISC) সহ স্ট্রিংথেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট (SPFMS) প্রোগ্রাম কর্তৃপক্ষ;
২. SPFMS-অভ্যন্তরীণ অডিট এবং ফলো-আপ স্কিমের সিনিয়র এবং জুনিয়র পরামর্শকগণ;
৩. সিনিয়র সচিব / সচিব - প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, স্থানীয় সরকার বিভাগ এবং স্বাস্থ্য সেবা বিভাগ
৪. প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (DPE), সড়ক ও জনপথ বিভাগ (RHD), মহাপরিচালক স্বাস্থ্য সেবা (DGHS), গণপূর্ত বিভাগ (PWD), স্থানীয় সরকার প্রকৌশলী বিভাগ (LGED);
৫. বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (C&AG);
৬. বাংলাদেশের কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের কার্যালয় (CGA);
৭. বিশ্বব্যাংক দল;
৮. অভ্যন্তরীণ নিরীক্ষকদের ইনস্টিটিউট, বাংলাদেশ;
৯. ইনস্টিটিউট অফ ইন্টারনাল অডিটরস বাংলাদেশ (IIAB);
১০. দ্য ইনস্টিটিউট অফ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস বাংলাদেশ (ICAB);
১১. ইনস্টিটিউট অফ কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস (ICMAB), বাংলাদেশ;
১২. ফিন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল, বাংলাদেশ;
১৩. বাংলাদেশ অর্থনৈতিক সমিতি (বিইএ),
১৪. IIA গ্লোবাল স্ট্যান্ডার্ডস এবং গাইডেন্স;
১৫. ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অফ সুপ্রিম অডিট ইনস্টিটিউশন (INTOSAI);
১৬. স্পন্সরিং সংস্থার কমিটি (COSO);
১৭. কম্বোডিয়া, ইন্দোনেশিয়া, ফিলিপাইন, ঘানা, রুয়ান্ডা, কেনিয়া এবং ভুটানের সরকার।

স্ট্রিংথেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট(SPFMS-অভ্যন্তরীণ অডিট এবং ফলো-আপ স্কীম)টিম এই অভ্যন্তরীণ নিরীক্ষা সনদ এবং অভ্যন্তরীণ নিরীক্ষা ম্যানুয়াল প্রস্তুত করতে সমর্থন প্রদান এবং নির্দেশনা দানের জন্য উপরে বর্ণিত সমস্ত ব্যক্তি, দল, সংস্থা, এবং সরকারকে ধন্যবাদ জানাচ্ছে এবং কৃতজ্ঞতা জ্ঞাপন করছে।





#### কর্মসূচি বাস্তবায়ন টিম (পিআইটি):

কবিরুল ইজদানী খান অতিরিক্ত সচিব, বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা, অর্থ বিভাগ	(পিআইটি প্রধান)
মো: মফিদুর রহমান অতিরিক্ত সচিব, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ	(সদস্য)
মোহাম্মদ আজাদ সাহ্লাল যুগ্ম সচিব, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ	(সদস্য)
মোহাম্মদ শওকত উল্লাহ উপসচিব, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ	(সদস্য)
টৌধুরী আশরাফুল করিম উপসচিব, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ	(সদস্য)

#### সমন্বয়ক :

মো: রফিকুল ইসলাম, যুগ্ম সচিব  
প্রোগ্রাম এন্ড ইন্সট্রাক্টিভ এন্ড কো-অর্ডিনেটর (পিইসি), এসপিএফএমএস, অর্থ বিভাগ

#### জাতীয় কর্মসূচি পরিচালক :

নাজমা মোবারেক, অতিরিক্ত সচিব, বাজেট অনুবিভাগ-১, অর্থ বিভাগ  
স্ট্রেংথেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (এসপিএফএমএস)

মুদ্রণে:

## অভ্যন্তরীণ নিরীক্ষা ও নিরীক্ষা অগ্রগতি পর্যবেক্ষণ স্কিম

স্টেটসেভিংস পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (এসপিএফএমএস)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

অর্থবছর: ২০২২-২৩